আনুগত্যের শিরক সংক্রান্ত উৎকর্ষ বিবরণ
১ম খণ্ড

সংবিধানের বাস্তবতা

মূলঃ
শাইখ আবু আলী আল-আনবারী
আল-কুরাইশী (রহিমাহুল্লাহ)

অনুবাদঃ
আবু ইবরাহীম আত-তামিমী

আনুগত্যের শিরক সংক্রান্ত উৎকর্ষ বিবরণ
১ম খণ্ড

সংবিধানের বাস্তবতা

মূলঃ শাইখ আবু আলী আল-আনবারী
আল-কুরাইশী (রহিমাহুল্লাহ)

অনুবাদঃ আবু ইবরাহীম আত-তামিমী

البراعة في تبيان شرك الطاعة

للشيخ أبي علي الأنباري القريشي رحمه الله

المترجم: أبو إبراهيم التميمي

الناشر: مكتبة المنهل

محرم ١٤٤٥هـ

أغسطس ٢٠٢٣م

আনুগত্যের শিরক সংক্রান্ত উৎকর্ষ বিবরণ

১ম খণ্ড

সংবিধানের বাস্তবতা

মূলঃ শাইখ আবু আলী আল-আনবারী
আল-কুরাইশী (রহিমাহুল্লাহ)

অনুবাদঃ আবু ইবরাহীম আত-তামিমী

প্রকাশনায়ঃ মাকতাবাতুল মানহাল

প্রথম প্রকাশঃ মুহাররাম ১৪৪৫ হিজরী আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

Excellent description of Shirk of obedience

by Abu Ali Al-Anbari Al-Qurashi

Translated by: Abu Ebrahim At-Tamimi

Published by: Maktabatul Manhal

Muharram 1445

August 2023

দৃষ্টি আকর্ষণঃ

মাকতাবাতুল মানহাল কর্তৃক প্রকাশিত বক্ষমান পুস্তিকাসহ অন্যান্য প্রকাশনাসমূহের টিকাসহ যেকোন প্রকার সংযোজন, বিয়োজন, পরিবর্তন, পরিবর্ধন ব্যতীত যেকোন ব্যক্তি, গোষ্ঠী বা প্রতিষ্ঠান দাওয়াহ'র উদ্দেশ্যে বিতরণ ও পরিবেশন করতে পারবে। সাথে সাথে ন্যায্যমূল্যে ক্রয়-বিক্রয়ও করতে পারবে।

'মাকতাবাতুল মানহাল'

সূচিপত্রঃ

প্রকাশকের ভুমিকাঃ

الحَمْدُ لله ربِّ العٰلمِينَ والصّلاةُ والسّلامُ على خَاتمِ الأنبِيَاءِ والمُرسَلِينَ، قَالَ رَبُّنَا ﷻ : اِنِ الْحُكْمُ اِلا لِلّٰهِ اَمَرَ اَلا تَعْبُدُوآ اِلا اِيَّاهُ ذٰلِكَ الدِّيْنُ الْقَيِّمُ وَ لٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لا يَعْلَمُوْنَ، أما بعد،

বিধান প্রণয়নের মালিক একমাত্র আল্লাহ سُبْحَانَهُ وَتَعَالَى - আমাদের রব আমাদের আদেশ করেছেন আমরা যেন তারই ইবাদাত করি। পরিপূর্ণ শিরক মুক্ত হওয়া ব্যতীত কখনোই ইবাদাত এককভাবে আল্লাহর জন্য হবে না। সম্মানিত ভাই! উম্মাতে মুসলিমাহ বর্তমান যুগে যে ভয়াবহ ফিতনার সম্মুখীন তা হল - আনুগত্যের শিরক। আমাদের এই সময়ে আনুগত্যের ক্ষেত্রে শিরক অনেক বিস্তৃত হয়েছে। এর থেকেও বড় আফসোসের বিষয় যে, মুসলিমগণ এব্যাপারে বড়ই গাফেল। আল্লাহ عَزَّوَجَلَّ আমাদের সঠিক পথের দিশা দিন! আমীন!

হালে শিরকের বিভিন্ন প্রকার নিয়ে কম-বেশি আলোচনা হয়, আলোচনা হয় অনেক কিছু নিয়েই। কিন্তু এই সিরিজে আমরা শিরকের যে প্রকার নিয়ে আলোচনা করব তা খুব বেশি আলোচিত হয় না। আমাদের আলোচনা আনুগত্যের শিরক সংক্রান্ত মাস'আলার ব্যাপারে। আনুগত্যের শিরক সংক্রান্ত উৎকর্ষ বিবরণ সিরিজের এই পর্ব সাজানো হয়েছে সংবিধান কেন্দ্রিক বিভিন্ন বিষয়বস্তু দিয়ে। সঙ্গত কারণেই বক্ষ্যমাণ বইটির নামকরণ করা হয়েছে 'সংবিধানের বাস্তবতা'। আনুগত্যের শিরক সংক্রান্ত উৎকর্ষ বিবরণ সিরিজটি মুজাহিদ শাইখ আবু আলী আল-আনবারী رَحِمَهُ الله -এর এক সুদীর্ঘ লেকচার সিরিজ। মাসুল শহরের এক শারয়ী ইনিষ্টিটিউটে তিনি আনুগত্যের শিরক নিয়ে ধারাবাহিক দারস দিয়েছেন।[1] বর্তমান প্রেক্ষাপটে সমসাময়িক ফিতনা মোকাবেলায় 'মাকতাবাতুল মানহাল' কর্তৃপক্ষ আনুগত্যের শিরক সংক্রান্ত মাস'আলা-মাসাইল বাংলা ভাষাভাষী মুসলিমদের কাছে পৌঁছে দেওয়ার উদ্যোগ গ্রহণ করেছে–আলহামদুলিল্লাহ। আমি আশা করছি, আনুগত্যের শিরক সংক্রান্ত উৎকর্ষ বিবরণ সিরিজটি মোট চার খণ্ডে প্রকাশিত হবে–ইনশা'আল্লাহ!

[1] শাইখ رَحِمَهُ الله ১৪৩৫ হিজরীর শেষের দিকে এই দারসগুলো দিয়েছেন।

যার প্রথমটি সংবিধানের বাস্তবতা। এই সিরিজের শুরুতেই একটি ভূমিকা ছিল যা আমরা সংবিধানের বাস্তবতা আলোচনার পরে নিয়ে আসা সমীচীন মনে করেছি। আল্লাহর অনুগ্রহে আমরা সৌভাগ্যবান যে, শাইখ আবু আলী আল-আনবারী رَحِمَهُ الله -এর মত একজন মহান শাইখের রেখে যাওয়া ইলমী খিদমত নিয়ে কাজ করছি। চমৎকার এক অনুভূতি—আলহামদুলিল্লাহ। আল্লাহ সুবহানাহু যেন আমাদেরকে এই সিরিজটি সুহুলতের সাথে শেষ করার এবং উম্মাতে ইসলামীর জন্য অসংখ্য অগণিত ইলমী খিদমত আঞ্জাম দেওয়ার তাওফীক্ব দান করেন।

আমার জানামতে, তাগুতী কুফরি সরকার ব্যবস্থার সংবিধান প্রসংঙ্গে বাংলায় এতটা বিস্তারিত, সাবলীল এবং বোধগম্য ভাষায় উপস্থাপিত বই বা লেকচার অন্য আরেকটি নেই। এক কথায় অসাধারণ অনবদ্য একটি বই। এই বই পঠনের মাধ্যমে পাঠকবৃন্দ কুরআন-সুন্নাহ'র মানদণ্ডে সংবিধানের বাস্তবতা অনুধাবন করতে পারবেন—ইনশা'আল্লাহ। আমার দৃঢ় বিশ্বাস, আমাদের এই প্রচেষ্টা মুসলিমগণের শিরক থেকে বেঁচে থাকার ক্ষেত্রে এবং ঈমান-আমল হেফাজতের ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে—বি-ইযনিল্লাহ। আমি আশা করি, 'সংবিধানের বাস্তবতা' বইটি পাঠক মহলে ব্যাপক সাড়া ফেলবে, আলোড়ন সৃষ্টি করবে তাদের হৃদয় জগতে।

পরিশেষে বলতে চাই, অনুবাদ থেকে শুরু করে পাঠক পর্যন্ত পৌঁছে দিতে যে বা যারাই আমাদেরকে সহযোগিতা করেছেন তাদের সবাইকে আল্লাহ উত্তম প্রতিদান দান করুন। বিশেষভাবে আল্লাহ عَزَّوَجَلَّ যেন তার শান অনুযায়ী এর অনুবাদককে উত্তম প্রতিদান দান করেন। আল্লাহ সুবহানাহু যেন আমাদেরকে ধারাবাহিকভাবে এই ইলমী খিদমত চালিয়ে যাওয়ার তাওফীক্ব দান করেন, এগুলোকে আমাদের নাযাতের উসিলা বানান এবং এই কাজগুলোকে কবুল করে নেন। প্রিয় পাঠক! আপনি আপনার কল্যাণকর দু'আয় আমাদের ভুলবেন না।

আবু লাইছ আল-হিন্দী
মুহাররাম - ১৪৪৫ হিজরী
মাকতাবাতুল মানহাল

লেখক পরিচিতিঃ

নাম আব্দুর রহমান। তিনি আবু আলী আল-আনবারী নামে সবচেয়ে বেশি প্রসিদ্ধ। এছাড়াও তার আরো একাধিক কুনিয়াত রয়েছে। যেমন আবু আলা, আব্দুল্লাহ রশীদ আল-বাগদাদী, আবু ছুহাইব আল-ইরাকী।

শাইখ আব্দুর রহমান ১২ ই রবিউল আওয়াল রোজ বৃহস্পতিবার ১৩৭৯ হিজরী মোতাবেক পহেলা অক্টোবর ১৯৫৯ খ্রিষ্টাব্দে নিনাওয়া প্রদেশের অন্তর্গত খারাইজ গ্রামে মুসলিম পিতা-মাতার ঘরে জন্মগ্রহণ করেন। শাইখ সরাসরি আহলে-বাইতের বংশের। তিনি হুসাইন ইবনে আলী ইবনে আবী তালিবের নাতী। শাইখ এক ধার্মিক পরিবারে জন্মগ্রহণ করেন এবং ইসলামী রীতিনীতির উপর বেড়ে উঠেন। শাইখ رَحِمَهُ اللهُ চার বছর বয়স থেকে নিয়মিত সালাত আদায় করা শুরু করেন। শাইখ প্রাথমিক শিক্ষালাভ করার পর তেলআফারে ইসলামিক ইনিষ্টিটিউটে ভর্তি হন। অতঃপর সেখান থেকে সনদ লাভ করে উচ্চ শিক্ষার জন্য বাগদাদের শারয়ী অনুষদে ভর্তি হন। তিনি সেই অনুষদ থেকে ১৪০২ হিজরী মোতাবেক ১৯৮২ খ্রিষ্টাব্দে ডিগ্রীলাভ করেন। শাইখ رَحِمَهُ اللهُ শিক্ষা জীবন শেষ করে ইসলামী দাওয়াহ'র কাজে নিমগ্ন হন। পাশাপাশি তেলআফারে জামে মাসজিদের খতিব ছিলেন। শাইখ ইরাকে যুদ্ধ শুরু হওয়ার পর পরিপূর্ণভাবে জিহাদের কাজে শামিল হয়ে যান। তিনি ইরাকে মাজলিসু শুরাল-মুজাহিদীনের আমীর ছিলেন। এরপর ক্রুসেডারদের হাতে বন্দি হন এবং শাইখকে বিচারিক আদালতে মৃত্যুদণ্ডের সাজা দেওয়া হয়। শাইখ দীর্ঘ সময় কারাগারে অবস্থান করেন। শাইখ কারাগারে থাকা অবস্থায় দাওয়াহ'র কাজ চালিয়ে যান। ইরাকের আবু গারিব এবং বুকা নামক কারাগারে শাইখকে রাখা হয়। দীর্ঘ ছয় বছর কারাগারে অবস্থান করার পর আল্লাহর অনুগ্রহে ২০ ই মার্চ ২০১২ খ্রিষ্টাব্দে দাওলাতুল ইসলামের মুজাহিদগণের মাধ্যমে আল্লাহ তাকে কারাগার থেকে মুক্ত করেন।

শাইখ رَحِمَهُ اللهُ কারাগার থেকে বের হয়ে পুনরায় জিহাদের ময়দানে ফিরে যান। এর ফলে শামের মুসলিমদের সাহায্য করার জন্য তৎকালীন দাওলাতুল

ইসলামের আমীর তাকে দায়িত্ব দিয়ে শামে প্রেরণ করেন। শাইখ رَحِمَهُ الله দাওলাতুল ইসলামের বিভিন্ন দিওয়ানে দায়িত্ব পালন করেন। এর পাশাপাশি তিনি বিভিন্ন মাসজিদে এবং ইনিষ্টিটিউটে দারস প্রদান করতেন। শাইখ তার পুরো সময় দ্বীনের কাজে ব্যায় করতেন।

শাইখ رَحِمَهُ الله রোজ বৃহস্পতিবার ১৩ ই জামাদিউল আখিরাহ ১৪৩৭ হিজরী মোতাবেক ২৪ ই মার্চ ২০১৬ খ্রিষ্টাব্দে ইরাক-সিরিয়ার মধ্যবর্তী অঞ্চলে আমেরিকান বাহিনীর সাথে এক যুদ্ধে শাহাদাত বরণ করেন–আমরা তার ব্যাপারে এমনটাই মনে করি আর আল্লাহই তার হিসাব গ্রহণকারী। আল্লাহ শাইখকে ইল্লিয়্যীনে কবুক করুন! আমীন!

আনুগত্যের শিরক সংক্রান্ত উৎকর্ষ বিবরণ

শাইখ আবু আলী আল-আনবারী
আল-ক্কুরাইশী رحمه الله

প্রথম দারসঃ

আনুগত্যের শিরক

الحَمدُ للّه والصّلاةُ والسّلامُ على رسُولِ اللّه؛

হে আল্লাহ আপনি আমাদেরকে হক্বকে হক্ব হিসেবে দেখান এবং হক্ব অনুসরণ করার ক্ষেত্রে আমাদের সাহায্য করুন, বাতিলকে বাতিল হিসেবে দেখান এবং বাতিল বর্জন করার ক্ষেত্রে আমাদের সাহায্য করুন। হে আল্লাহ আপনি আমাদের এমন বিষয় শিক্ষা দিন যা আমাদের উপকার করবে এবং আপনি আমাদের যা শিক্ষা দেন এর মাধ্যমে আমাদের উপকৃত করুন। হে আল্লাহ আপনি আমাদেরকে আমাদের ইলম অনুযায়ী আমলকারী বানিয়ে দিন। হে আল্লাহ ক্বিয়ামতের দিন আমাদের ইলমকে আমাদের জন্য দলিল বানিয়ে দিন এবং আমাদের বিরুদ্ধে দলিল বানাবেন না - - ইয়া আরহামার-রহিমীন! হে আমার রব! আপনি আমার বক্ষ উন্মুক্ত করে দিন, আমার বিষয়াদি সহজ করে দিন এবং আমাদের মুখের জড়তা দূর করে দিন যেন তারা আমার কথা বুঝতে পারে। হে আল্লাহ আপনি আমার কর্মকে সৎ বানিয়ে দিন, আপনার সন্তুষ্টির জন্য খালিছ করে দিন এবং আপনার সৃষ্টির কারো জন্য এতে কোন অংশ রাখবেন না।

অতঃপর,

ইনশা'আল্লাহ আজ প্রথমে আমাদের আলোচনা হবে 'শিরকুত ত্বআহ' তথা আনুগত্যের শিরক সম্পর্কে। আল্লাহ عَزَّوَجَلَّ -এর সাহায্য নিয়ে আমি বলি, আপনি যেমনটা জানেন যে, এই বিশেষণটি দুই অংশে গঠিতঃ শিরক এবং আনুগত্য। সুতরাং শিরকের পরিচয় কী? আনুগত্যের পরিচয় কী? এবং আনুগত্যের শিরকের পরিচয় কী?

শিরকের পরিচয়ঃ আব্দুল্লাহ ইবনে মাসউদ رَضِيَ اللهُ عَنْهُمَا -এর হাদিসে বর্ণিত হয়েছে, তিনি আল্লাহর রাসুল ﷺ কে জিজ্ঞাসা করেছেন, সবচেয়ে বড় পাপ কোনটি? রাসুল ﷺ বলেছেন, "তুমি আল্লাহর জন্য অংশীদার সাব্যস্ত করবে অথচ তিনি

তোমাকে সৃষ্টি করেছেন।”[2] অংশীদারের অর্থ হচ্ছেঃ অনুরূপ, সদৃশ এবং সমকক্ষ। তাই যে ব্যক্তি আল্লাহর রুবুবিয়্যাতের ক্ষেত্রে তার জন্য অংশীদার সাব্যস্ত করল সে শিরক করল, যে ব্যক্তি আল্লাহর উলুহিয়্যাতের ক্ষেত্রে তার জন্য অংশীদার ও সমকক্ষ সাব্যস্ত করল সে শিরক করল এবং যে ব্যক্তি আল্লাহর নাম ও সিফাতসমূহের ক্ষেত্রে তার জন্য অংশীদার সাব্যস্ত করল সে শিরক করল। সুতরাং এই হল শিরকের পরিচয়।

আনুগত্যঃ আরবদের নিকট এই শব্দের অর্থ হলঃ বশ্যতা স্বীকার করা এবং অনুগত হওয়া।

আনুগত্যের শিরকের পরিচয়ঃ গঠনকৃত সংবিধান ও আইনসমূহ এবং গোত্রীয় প্রথাসমূহকে স্বীকৃতি দেওয়া।

যে ব্যক্তি এই সকল সংবিধানকে এবং এই সংবিধানের অনুগামী আইনসমূহকে স্বীকৃতি দেয় যেগুলোর মাধ্যমে দেশ ও মানুষদের শাসন করা হয়, এমনিভাবে গোত্রীয় প্রথাসমূহকে স্বীকৃতি দেয় সে আল্লাহ عَزَّوَجَلَّ -এর সাথে শিরক করল। এখানে শিরকের এ প্রকারকে বলা হয়ঃ আনুগত্যের শিরক। শিরকের এই প্রকারের ব্যাপারে দলিল পেশ করার পূর্বে একটি বিষয় উল্লেখ করা প্রয়োজনঃ

ক্বিয়ামতের দিন মানুষের আমলনামায় শিরকের উপস্থিতির মানে কী?

ক্বিয়ামতের দিন মানুষের আমলনামায় শিরকের বিদ্যমানতা তিনটি বিষয়কে আবশ্যক করেঃ

প্রথম বিষয়ঃ পাপের এই প্রকারটি আল্লাহ عَزَّوَجَلَّ ক্ষমা করবেন না। এটা ক্ষমার অনুপযুক্ত একটি পাপ। আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى সুরা নিসার এক আয়াতে বলেন,

﴿إِنَّ اللَّهَ لَا يَغْفِرُ أَنْ يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُونَ ذَٰلِكَ لِمَنْ يَشَاءُ﴾

“নিশ্চয়ই আল্লাহ তার সাথে শরীক করাকে ক্ষমা করবেন না। এছাড়া অন্যান্য

[2] মুত্তাফাক্বুন আলাইহি

অপরাধ যাকে ইচ্ছে ক্ষমা করবেন।”[3] সুতরাং শিরক ব্যতীত অন্য পাপ ক্ষমার উপযুক্ত ইচ্ছাধীন। আর শিরক আল্লাহ عَزَّوَجَلَّ -এর পক্ষ থেকে নিশ্চিতভাবেই ক্ষমার অনুপযুক্ত... “নিশ্চয়ই আল্লাহ তার সাথে শরীক করাকে ক্ষমা করবেন না। এছাড়া অন্যান্য অপরাধ যাকে ইচ্ছে ক্ষমা করবেন।”[4] এটাই প্রথম বিষয়।

দ্বিতীয় বিষয়ঃ মানুষের আমলনামায় শিরকের বিদ্যমানতার অর্থ হল - আল্লাহ عَزَّوَجَلَّ আমাদেরকে এবং আপনাদেরকে এর থেকে রক্ষা করুন - মানুষের সকল আমলের প্রতিদান বিনষ্ট হওয়া।

অর্থাৎ যে মানুষ আল্লাহ عَزَّوَجَلَّ -এর সাথে শিরক করে—দু’আর শিরক, আনুগত্যের শিরক, ভালবাসার শিরক, ইচ্ছা ও সঙ্কল্পের শিরক, সিফাত বিলুপ্তকরণের শিরক, সাদৃশ্যকরণের শিরক, শাফা’আতের শিরক, ভয়ের শিরক - আপনি এই শিরকগুলোর যেটার ইচ্ছা নাম নিন - যখন তার আমলনামায় কোন শিরক পাওয়া যাবে এবং তার অনেক আমল রয়েছে যেগুলো সৎকর্ম দ্বারা পরিপূর্ণ। যেমন ইসলামের সাথে সম্পৃক্ত কোন ব্যক্তি সিয়াম পালন করত, সালাত আদায় করত, হজ্জ ও ওমরা পালন করত, বরং কখনো কখনো সে আল্লাহ عَزَّوَجَلَّ -এর কিতাব হিফজ করে-এই সকল কাজের জন্য নেকি রয়েছে। কিন্তু শিরকের উপস্থিতি এই সকল আমলের প্রতিদান নষ্ট করে দিবে। এর দলিল আল্লাহ عَزَّوَجَلَّ -এর কিতাবে রয়েছে - যেমন সুরা আনআমে রয়েছে। আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى ১৮ জন নাবীর নাম উল্লেখ করেছেন। অতঃপর এই সকল বরকতময় নাম উল্লেখ করার শেষে তিনি বলেছেন,

﴿وَلَوْ أَشْرَكُوا لَحَبِطَ عَنْهُم مَّا كَانُوا يَعْمَلُونَ﴾

“আর যদি তারা শিরক করত, তবে তারা যা আমল করেছিল তা অবশ্যই বিনষ্ট হয়ে

---

[3] সুরা নিসাঃ ৪৮

[4] সুরা নিসাঃ ৪৮

যেত।”[5] ‘বিনষ্ট হয়ে যাওয়া’—এর অর্থ হচ্ছে তাদের সকল আমলের প্রতিদান নষ্ট হয়ে যাবে। এমনিভাবে আল্লাহ তার রাসুল ﷺ -এর ব্যাপারে বলেছেন,

﴿لَئِنْ أَشْرَكْتَ لَيَحْبَطَنَّ عَمَلُكَ وَلَتَكُونَنَّ مِنَ الْخَسِرِينَ﴾

“যদি আপনি শিরক করেন তবে আপনার সমস্ত আমল তো বিনষ্ট হবে এবং অবশ্যই আপনি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবেন।”[6] আল্লাহর নাবীগণের ব্যাপারে তো কল্পনাও করা যায় না যে, তারা আল্লাহ عَزَّوَجَلَّ -এর সাথে শিরক করবেন। আল্লাহর রাসুল ﷺ এর ব্যাপারেও তো কল্পনা করা যায় না যে, তিনি আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর সাথে শিরক করবেন; এটা কেবলমাত্র নাবীগণের মাধ্যমে উম্মাহ’কে সম্বোধন করা।

এই সকল আয়াত থেকে আমি যা উপলব্ধি করিঃ আল্লাহ عَزَّوَجَلَّ -এর নিকট মানুষের যতই মর্যাদা হোক - যেমন নবুওয়াতের মর্যাদা এবং এছাড়া অন্যান্য মর্যাদা - যখন কোন শিরক পাওয়া যাবে তখন এই মর্যাদা কোন অবস্থাতেই মর্যাদার অধিকারী ব্যক্তিকে সুপারিশ করবে না। শিরক এমন এক পাপ যা আল্লাহ عَزَّوَجَلَّ ক্ষমা করেন না। এখানে প্রশ্ন আসে যে; আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى তো ন্যায়বিচারক। যখন এই মানুষ আল্লাহ عَزَّوَجَلَّ -এর সাথে কোন প্রকার শিরক করবে উপরন্তু তার অনেক আমল রয়েছে যাতে ভালো আমল রয়েছে - যেমনটি আমি উল্লেখ করেছি। সুতরাং এই সকল ভালো আমলের সাথে আল্লাহ عَزَّوَجَلَّ -এর ন্যায়বিচার কেমন হবে? অথচ এই শিরক এই সকল আমলের প্রতিদান নষ্ট করে দিবে!

উত্তর আল্লাহর রাসুল ﷺ এর হাদিসে রয়েছে। তিনি বলেন, “কাফিরকে দুনিয়াতে তার ভালো কর্মের কারণে খাওয়ানো হয়। আর আখিরাতে তার এমন কোন ভালো কর্ম থাকবে না যার কারণে তাকে কল্যাণ দেওয়া হবে।”[7] অতএব এই

---

[5] সুরা আনআমঃ ৮৮

[6] সুরা যুমারঃ ৬৫

[7] সহীহ ইবনে হিব্বান

সকল ভালো কাজের মোকাবেলায় আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى ফায়সালা দিয়েছেন যে, শিরক বিদ্যমান থাকার কারণে ক্বিয়ামতের দিন তার জন্য কোন অংশ থাকবে না। কিন্তু এই সকল ভালো কাজের মোকাবেলায় আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى তাকে দুনিয়ার বিষয়াদি বিনিময় হিসেবে দিবেন। সেটা কখনো সম্পদের ক্ষেত্রে হবে, কখনো স্ত্রীর ক্ষেত্রে হবে, কখনো স্বাস্থ্যের ক্ষেত্রে হবে এবং এছাড়াও অন্যান্য ক্ষেত্রে। বড় বিষয় হচ্ছে ক্বিয়ামতের দিন তার আমলনামায় তার কোন নেকি থাকবে না। কারণ শিরক আমলের প্রতিদানকে বাতিল করে দেয়। এটা হল দ্বিতীয় বিষয়।

তৃতীয় বিষয়ঃ যার আমলনামায় শিরক পাওয়া যাবে আল্লাহ عَزَّوَجَلَّ তার জন্য জান্নাতে প্রবেশ করা হারাম করেছেন। আয়াতে কারীমাতে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى বলেন,

﴿إِنَّهُ مَنْ يُشْرِكْ بِاللَّهِ فَقَدْ حَرَّمَ اللَّهُ عَلَيْهِ الْجَنَّةَ وَمَأْوَاهُ النَّارُ ۖ وَمَا لِلظَّالِمِينَ مِنْ أَنْصَارٍ﴾

“নিশ্চয়ই যে ব্যক্তি আল্লাহর সাথে শিরক করে আল্লাহ তার জন্য অবশ্যই জান্নাত হারাম করে দিয়েছেন এবং তার আবাস হবে জাহান্নাম। আর জালিমদের জন্য কোন সাহায্যকারী নেই।”[৪] “নিশ্চয়ই যে ব্যক্তি আল্লাহর সাথে শিরক করে আল্লাহ তার জন্য জান্নাত অবশ্যই হারাম করে দিয়েছেন এবং তার আবাস হবে জাহান্নাম।” আপনি জানেন যে, আখিরাতে দার বা আবাসস্থল হচ্ছে হয়তো স্বাচ্ছন্দ্যময় দার অথবা আযাব ও শাস্তির দার। অন্য আর কোন দার পাওয়া যায় না। সুতরাং যেহেতু আল্লাহ عَزَّوَجَلَّ এমন ব্যক্তির জন্য জান্নাতে প্রবেশ করা হারাম করেছেন যার শিরকী কর্মকাণ্ড রয়েছে তাই তার জন্য কেবলমাত্র জাহান্নামই রয়েছে–ওয়াল-ইয়াযুবিল্লাহ্। “নিশ্চয়ই যে ব্যক্তি আল্লাহর সাথে শিরক করে আল্লাহ তার জন্য জান্নাত অবশ্যই হারাম করে দিয়েছেন এবং তার আবাস হবে জাহান্নাম।”[৯] সুতরাং আমরা যখন এই সকল আয়াতের ব্যাপারে জানতে পারব যেগুলো আল্লাহ عَزَّوَجَلَّ -এর নিকট মানুষের পরিণাম নির্ধারণ করে তখন শিরকের মাস’আলা পরীক্ষা-নিরীক্ষা করা ও অনুসন্ধান

---

[৪] সুরা মায়িদাহঃ ৭২

[৯] সুরা মায়িদাহঃ ৭২

করা আমাদের জন্য আবশ্যক এবং শিরকের পরিভাষা, এর মাস'আলা ও এর সুক্ষ্ম বিষয়গুলো জানাও আবশ্যক হয়ে পড়ে। কারণ যখন আমি এই পাপ থেকে মুক্ত থাকব তখন অন্যান্য পাপ ক্ষমার যোগ্য হবে। গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে আমি শিরকে আকবার থেকে মুক্ত থাকব। বস্তুত আমার পুরো আলোচনা শিরকে আকবার কেন্দ্রীক। আমার আলোচনা শিরকে আসগারে প্রবেশ করবে না।

অতএব দু'আর শিরক সম্পর্কে আমার বিস্তারিত জানা উচিৎ, আমার বিস্তারিত জানা উচিৎ আনুগত্যের শিরক সম্পর্কে। এরপর আমি আমার নিজেকেই জিজ্ঞাসা করবঃ আমি কি এই সকল শিরক থেকে মুক্ত হয়েছি নাকি হইনি? কারণ মানুষ যখন আল্লাহ عَزَّوَجَلَّ -এর সাথে শিরক না করা অবস্থায় জাহান্নামে প্রবেশ করবে তখন আল্লাহ তা'আলার অনুমতিক্রমে অবশ্যই সে জাহান্নাম থেকে বের হবে। কেননা মানুষ কখনো কখনো পাপ ও অপরাধের কারণে জাহান্নামে প্রবেশ করে। কিন্তু সবশেষে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى তাদের উপর অনুগ্রহ করবেন এবং তারা বের হয়ে যাবে। সুতরাং গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে আমার যেন কোন শিরক না থাকে। এমনকি যদি আমি জাহান্নামে প্রবেশ করি তাহলে আমি আল্লাহ عَزَّوَجَلَّ -এর রহমতের মাধ্যমে অনুগ্রহপ্রাপ্ত হব, আমি জাহান্নামে চিরস্থায়ী থাকব না। এ পর্যায়ে শিরকের মাস'আলায় অনুসন্ধানের বিস্তারিত আলোচনা এবং এর মাস'আলা-মাসায়েলের ব্যাপারে গুরুত্ব দেওয়া আবশ্যক। এখন আমরা আমাদের আলোচ্য বিষয়ে উপনীত হচ্ছি।

আমরা বলেছিলাম, আনুগত্যের শিরক হলঃ স্বীকৃতি দেওয়া। যে ব্যক্তি এই সকল আইনকে স্বীকৃতি দিবে এবং এই সকল বিধানের জন্য এই স্বীকৃতি দিবে যে, এই সকল আইনে বিচার-ফায়সালা করা বৈধ অথবা এই সকল আইনে শাসন করা হবে–এই ব্যক্তি আল্লাহ عَزَّوَجَلَّ -এর সাথে শিরক করল। এর দলিল আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর কিতাবে রয়েছে। আল্লাহ عَزَّوَجَلَّ সুরা আনআমে বলেন,

وَ لَا تَأْكُلُوْا مِمَّا لَمْ يُذْكَرِ اسْمُ اللّٰهِ عَلَيْهِ وَ اِنَّهٗ لَفِسْقٌ ؕ وَ اِنَّ الشَّيٰطِيْنَ لَيُوْحُوْنَ اِلٰۤى اَوْلِيٰٓـِٕهِمْ لِيُجَادِلُوْكُمْ ۚ وَ اِنْ اَطَعْتُمُوْهُمْ اِنَّكُمْ لَمُشْرِكُوْنَ ﴿۱۲۱﴾

“আর যাতে আল্লাহর নাম উল্লেখ করা হয়নি তা থেকে তোমরা ভক্ষণ কর না; নিশ্চয়ই তা ফিসক্ব তথা গর্হিত কাজ। নিশ্চয়ই শয়তানরা তাদের বন্ধুদেরকে তোমাদের সাথে বিবাদ করতে প্ররোচনা (ওহী) দেয়; আর যদি তোমরা তাদের আনুগত্য কর, তবে তোমরা অবশ্যই মুশরিক।”[10] এই আয়াতের বিস্তারিত আলোচনায় প্রবেশের পূর্বে জরুরী হচ্ছে এই আয়াত নাযিল হওয়ার কারণ জানা। কেননা নাযিল হওয়ার কারণ জানা আপনাকে এই আয়াত বুঝতে সাহায্য করবে।

এই আয়াত নাযিল হওয়ার কারণঃ ইমাম তিরমিযী رَحِمَهُ الله -এর বর্ণনায় রয়েছে তিনি বলেন, ইবনে আব্বাস رَضِيَ الله عَنْهُمَا থেকে বর্ণিত হয়েছে তিনি বলেন, কিছু লোক নাবী ﷺ -এর নিকট এসে বলল, আমরা যা হত্যা করি তা ভক্ষণ করব অথচ আল্লাহ যেটাকে হত্যা করেছেন সেটা ভক্ষণ করব না?! অতঃপর আল্লাহ عَزَّوَجَلَّ নাযিল করলেনঃ “আর যাতে আল্লাহর নাম উল্লেখ করা হয়নি তা থেকে তোমরা ভক্ষণ কর না।”[11]

ইবনে কাসীর এক বর্ণনায় উল্লেখ করেছেন, ইবনে আব্বাস رَضِيَ الله عَنْهُمَا থেকে বর্ণিত তিনি বলেন, যখন এই আয়াত “আর যাতে আল্লাহর নাম উল্লেখ করা হয়নি তা থেকে তোমরা ভক্ষণ কর না” নাযিল হল তখন কিছু লোক নাবী ﷺ -এর নিকট এসে বলল, তিনি বলেন, মাজুসীরা ক্বুরাইশদের বলল, তোমরা মুহাম্মাদের সাথে গিয়ে বিতর্ক করে বল, আপনি ছুরি দিয়ে যা যবেহ করেন তা হালাল। আর আল্লাহ যা যবেহ করেন -তারা মৃত উদ্দেশ্য করেছে- তা হারাম? অতঃপর আল্লাহ عَزَّوَجَلَّ নাযিল করলেন, “নিশ্চয়ই শয়তানরা তাদের বন্ধুদেরকে তোমাদের সাথে বিবাদ করতে প্ররোচনা (ওহী) দেয়; আর যদি তোমরা তাদের আনুগত্য কর, তবে তোমরা অবশ্যই মুশরিক।”

---

[10] সুরা আনআমঃ ১২১

[11] ইমাম তিরমিযী এই হাদিস সম্পর্কে বলেন, হাসান গারীব। এগুলো ইমাম তিরমিযীর শব্দ। এমনিভাবে এ হাদিস ইমাম ইবনে আরাবী رَحِمَهُ الله একই শব্দে তার তাফসীরে উল্লেখ করেছেন।

ইবনু আবি হাতিম رَحِمَهُ الله থেকে নাযিল হওয়ার কারণ বর্ণিত হয়েছে। তিনি সাঈদ ইবনে যুবাইর থেকে মুরসাল সূত্রে বর্ণনা করেছেন। তিনি বলেছেন, "ইহুদীরা নাবী ﷺ এর সাথে বিতর্ক করেছিল।" আবু দাউদের এক বর্ণনা সাঈদ ইবনে যুবাইর থেকে যুক্ত হয়ে ইবনে আব্বাস رَضِيَ اللهُ عَنْهُمَا থেকে বর্ণিত হয়েছে, তিনি বলেন, "ইহুদীরা নাবী ﷺ -এর সাথে বিতর্ক করেছিল।" অতএব আমাদের নিকট দুইটি বর্ণনা নতুন হিসেবে এসেছে যার ভাষ্য হচ্ছে - ইহুদীরা বিতর্ক করেছিল মাজুসীরা নয় তারা মক্কার মুশরিকদের শিক্ষা দিত।

ইবনে কাসীর رَحِمَهُ الله উক্ত বর্ণনার জবাব দিয়েছেন যার ভাষ্য হচ্ছে - ইহুদীরাই প্রশ্নের কারণ ছিল। তিনি বলেন, এ বিষয়টিতে তিন দিক থেকে ত্রুটি রয়েছে - অর্থাৎ ইহুদীরা নাবী ﷺ -এর সাথে বিতর্ক করেছিল। এই বিষয়টিতে তিন দিক থেকে ত্রুটি রয়েছেঃ

প্রথম দিকঃ ইহুদীরা মৃত বস্তুকে হারাম সাব্যস্ত করে। তাহলে কিভাবে তারা মৃত বস্তু সম্পর্কে নাবী ﷺ -এর সাথে বিতর্ক করবে? সুতরাং এটা সম্ভব নয় যে, ইহুদীরা এই বিষয়ে নাবী ﷺ -এর সাথে বিতর্ক করবে। এটা হল ইবনে কাসীরের প্রথম জবাব। দ্বিতীয় জবাবঃ তিনি বলেন, আয়াতটি মাক্কী - অর্থাৎ আয়াতটি মক্কায় নাযিল হয়েছে। আর আপনি জানেন যে, মক্কাতে–আল্লাহ একে মর্যাদাবান এবং সম্মানিত করুন- মক্কাতে একজন ইহুদীও পাওয়া যাবে না। অতঃপর ইবনে কাসীর رَحِمَهُ الله তৃতীয় কারণ উল্লেখ করেছেন। তিনি বলেন, বর্ণনাটি তিরমিযী থেকে এ শব্দে উল্লেখ করা হয়েছে যে, কিছু মানুষ নাবী ﷺ -এর নিকট এসেছিল। তিনি ইহুদীদের কথা উল্লেখ করেননি।

এই তিনটি দিক উল্লেখ করার পর তিনি বলেন, ত্ববারী - অর্থাৎ ইবনে জারীর আত-ত্বাবারী رَحِمَهُ الله ইবনে আব্বাস থেকে একাধিক বর্ণনা উল্লেখ করেছেন। কিন্তু তাতে ইহুদীদের কথা উল্লেখ নেই। অতঃপর ইবনে কাসীর বলেন, "এটাই সংরক্ষিত।" অতএব যারা এসেছিল তারা হল মাজুসীদের থেকে শিক্ষা নিয়ে আসা এবং তাদের থেকে উদ্দীপ্ত হয়ে আসা কুরাইশ।

নাযিল হওয়ার কারণঃ ইমাম শানক্বীতী رَحِمَهُ الله এব্যাপারে বলেন, আহলুল ইলমগণের মধ্য থেকে যাদের গণ্য করা হয় তারা একমত হয়েছেন যে, নাযিল হওয়ার কারণ হল - তিনি নাযিল হওয়ার কারণ উল্লেখ করেছেন যে, কিছু লোক নাবী ﷺ -এর নিকট এসে বলল,...- অতঃপর আল্লাহ عَزَّوَجَلَّ নাযিল করেছেন, "আর যাতে আল্লাহর নাম উল্লেখ করা হয়নি তা থেকে তোমরা ভক্ষণ কর না।" সুতরাং আলেমগণের ইজমা হল এটা এই আয়াত নাযিল হওয়ার কারণ। কেননা মুশরিকরা আল্লাহর রাসুল ﷺ কে বলেছিল, আপনারা যবেহ করেন এমন বকরী কিভাবে ভক্ষণ করেন অথচ আল্লাহ হত্যা করেন এমন বকরী আপনারা ভক্ষণ করেন না? অতঃপর আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى নাযিল করেছেন, "আর যাতে আল্লাহর নাম উল্লেখ করা হয়নি তা থেকে তোমরা ভক্ষণ কর না।" সুতরাং এখন আয়াতের সূচনায় আপনি জানতে পারলেন, আয়াতটি দু'টি বিধানের ইঙ্গিত করেঃ

আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বিধানঃ "আর যাতে আল্লাহর নাম উল্লেখ করা হয়নি তা থেকে তোমরা ভক্ষণ কর না।" আর জাহিলী বিধান যা মক্কায় সার্বভৌম ছিলঃ তারা মৃত বস্তু ভক্ষণ করত। এটা মুশরিকদের বিধান। তার নিকট এখন দুইটি শারীয়াহ তথা বিধান রয়েছেঃ আল্লাহ عَزَّوَجَلَّ -এর শারীয়াহঃ "আর যাতে আল্লাহর নাম উল্লেখ করা হয়নি তা থেকে তোমরা ভক্ষণ কর না।" এবং মুশরিকদের শারীয়াহঃ তোমরা মৃত বস্তু ভক্ষণ কর। আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى আমাদের নিষেধ করেছেন অতঃপর তিনি ঐ ব্যক্তির অবস্থা উল্লেখ করেছেন যে আল্লাহ عَزَّوَجَلَّ -এর বিধান অমান্য করে এবং মুশরিকদের বিধানের আনুগত্য করে। যে ব্যক্তি এই বিপরীত বিধানের আনুগত্য করে তার অবস্থা কী?

আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى বলেছেন, "নিশ্চয়ই তা ফিসক্ব তথা গর্হিত কাজ।" অর্থাৎ তোমরা আমার বিধান অমান্য করেছো এবং মুশরিকদের বিধান মেনে মৃত বস্তু ভক্ষণ করেছো। তোমাদের এই কাজ ফিসক্ব... "নিশ্চয়ই তা ফিসক্ব তথা গর্হিত কাজ।" **আহলুস সুন্নাহ ওয়াল জামাআহ'র আলেমগণের নিকট ফিসক্বের অর্থ হলঃ**

ইয ইবনে আব্দুস সালাম رَحِمَهُ الله তার তাফসীরে বলেন, "ফিসক্ব হল পাপ

অথবা কুফর।” পাপ অথবা কুফর ইবনে জারীর رَحِمَهُ الله তার তাফসীরে এমনটিই বলেছেন।

ইমাম কুরতুবী رَحِمَهُ الله তার তাফসীরে বলেছেন, তিনি ইবনে আব্বাস থেকে নকল করেছেন। তিনি বলেছেন, “ফিসক্ব হল পাপ।” তার থেকে অন্য আরেকটি বর্ণনা রয়েছেঃ ফিসক্ব হল ইসলাম থেকে বের হয়ে যাওয়া।

ইমাম শানক্বীতী رَحِمَهُ الله তার তাফসীরে সুরা শুরার ব্যাখ্যায় ফিসক্বের ব্যাখ্যা করেছেন। তিনি বলেন, “ফিসক্ব হচ্ছেঃ আল্লাহর আনুগত্য থেকে বের হয়ে যাওয়া এবং শয়তানের বিধানের অনুসরণ করা।”

অতএব যে ফলাফল বের হল তা হচ্ছেঃ আহলুস সুন্নাহ ওয়াল জামাআহ’র আলেমগণ ফিসক্ব সম্পর্কে বলেছেন, তা পাপ অথবা কুফর। সুতরাং এই শব্দের এই ব্যাখ্যা কেন? আর কেনইবা তা কখনো পাপ এবং কখনো কুফর? কারণ হল ফিসক্ব দুই ভাগে বিভক্তঃ

হয়তো ফিসক্বে আসগার তথা ছোট ফিসক্ব হবে যা ফিসক্ব সম্পাদনকারীকে মিল্লাহ থেকে বের করে দেয় না। নতুবা ফিসক্বে আকবার তথা বড় ফিসক্ব যা ফিসক্ব সম্পাদনকারীকে মিল্লাহ থেকে বের করে দেয়। ফিসক্বে আসগারের দলিল আল্লাহ عَزَّوَجَلَّ -এর কিতাবে সুরা বাকারায় আয়াতুদ-দাইন তথা ২৮২ নং আয়াতে রয়েছে। তিনি বলেন,

﴿وَلَا يُضَآرَّ كَاتِبٌ وَّلَا شَهِيْدٌ ۬ وَاِنْ تَفْعَلُوْا فَاِنَّهٗ فُسُوْقٌۢ بِكُمْ﴾

“আর কোন লেখক ও সাক্ষীকে ক্ষতি করা হবে না। আর যদি তোমরা (ক্ষতি) কর, তবে তা হবে তোমাদের জন্য গুনাহের কাজ।” এই আয়াতের ব্যাখ্যা হলঃ কোন ব্যক্তি যখন অন্য আরেক ব্যক্তিকে ঋণ দিবে এবং তারা একজন কাতেব ও দুইজন সাক্ষী নিয়ে আসবে - আল্লাহ عَزَّوَجَلَّ বলেন, ঋণদাতা এবং ঋণগ্রস্ত ব্যক্তির জন্য জায়েয নেই যে, তারা কাতেবের ক্ষতি করবে অথবা দুই সাক্ষীর মধ্য থেকে কারো ক্ষতি করবে।

আর যদি তারা ক্ষতি করে? তিনি বলেন, যখন তোমরা কাতেবের অথবা সাক্ষীর ক্ষতি করবে তখন তোমাদের এই কাজ ফিসক্ব হবে। নিশ্চিতভাবেই এই ফিসক্ব–ফিসক্ব সম্পাদনকারীকে মিল্লাতে ইসলাম থেকে বের করে দিবে না। তাহলে এই প্রকার ফিসক্বকে কী হিসেবে অভিহিত করা হবে? ফিসক্বে আসগার হিসেবে অভিহিত করা হবে। আর ফিসক্বে আকবারের দলিল হল আল্লাহ تَبَارَكَ وَتَعَالَىٰ -এর বাণীঃ

وَاِذْ قُلْنَا لِلْمَلٰٓئِكَةِ اسْجُدُوْا لِاٰدَمَ فَسَجَدُوْٓا اِلَّآ اِبْلِيْسَ ؕ كَانَ مِنَ الْجِنِّ فَفَسَقَ عَنْ اَمْرِ رَبِّهٖ ؕ اَفَتَتَّخِذُوْنَهٗ وَ ذُرِّيَّتَهٗٓ اَوْلِيَآءَ مِنْ دُوْنِىْ وَهُمْ لَكُمْ عَدُوٌّ ؕ بِئْسَ لِلظّٰلِمِيْنَ بَدَلًا ﴿۵۰﴾

"আর স্মরণ করুন, যখন আমরা ফিরিস্তাদেরকে বলেছিলাম, সিজদা কর আদমকে, তখন ইবলীস ব্যতীত তারা সবাই সিজদা করল ; সে ছিল জ্বীনদের একজন আর সে তার রবের আদেশ অমান্য করল। তবে কি তোমরা আমার পরিবর্তে তাকে এবং তার বংশধরকে বন্ধুরূপে গ্রহণ করবে, অথচ তারা তোমাদের শত্রু। জালিমদের বিনিময় কতই না নিকৃষ্ট!"[12]

ইবলীস যখন আল্লাহ عَزَّوَجَلَّ -এর অবাধ্য হল এবং আদমকে সিজদা করার ক্ষেত্রে তার আনুগত্য করল না তখন আল্লাহ عَزَّوَجَلَّ তার পাপকে ফিসক্ব হিসেবে অভিহিত করলেন; ফিসক্বের এই প্রকারটি ফিসক্ব সম্পাদনকারীকে মিল্লাহ থেকে বের করে দেয়। অতএব ফিসক্ব কখনো পাপ হয় অথবা ফিসক্ব কখনো এমন কাজ হয় যা মিল্লাহ থেকে বের করে দেয়।

আয়াতের সাথে সংশ্লিষ্ট মৃত বস্তুর মাস'আলা নিয়ে আমরা আলোচনা করছিলামঃ এক লোক এসে মৃত বস্তু থেকে ভক্ষণ করল এবং বলল, আমি জানি যে, আল্লাহ عَزَّوَجَلَّ তা হারাম করেছেন। তার এই ফিসক্ব–ফিসক্বে আসগার, সে কবিরাহ গুনাহ সম্পাদনকারী। কেন? কারণ সে হারাম স্বীকৃতি দেয়। কিন্তু সে আল্লাহ عَزَّوَجَلَّ -এর আদেশের অবাধ্যতা করে তা ভক্ষণ করে। এটাই ফিসক্বে আসগার বা ছোট

[12] সুরা কাহাফঃ ৫০

পাপ। অন্য আরেক লোক মৃত বস্তু থেকে ভক্ষণ করেনি। কিন্তু সে বলল, মৃত বস্তু ভক্ষণ করা হালাল। এটা মিল্লাহ থেকে বের করে দেয়। কেন? কারণ সে এমন বিষয়কে হালাল করেছে আল্লাহ عَزَّوَجَلَّ যা হারাম করেছেন। আহলুস সুন্নাহ ওয়াল জামাআহ'র নিকট মূলনীতি হচ্ছে যা ইমাম ত্বহাবী رَحِمَهُ الله তার আক্বীদাহ'তে উল্লেখ করেছেন। তিনি বলেন, "আমরা আহলুল ক্বিবলাহ'র কাউকে কোন গুনাহের কারণে তাকফীর করি না যতক্ষণ না সে এটাকে হালাল মনে করে।"

আমরা পাপের নিকট আসি। মুসলিম যখন এই সকল পাপ সম্পাদন করে তখন সে ইসলামের গণ্ডির মধ্যে থাকে। তবে তার মাঝে ফিসক্ব রয়েছে। আর যখন সে হালালকে হারাম বলবে অথবা হারামকে হালাল বলবে তখন এই ব্যক্তি মিল্লাহ থেকে বের হয়ে যাবে। কারণ সে আল্লাহ عَزَّوَجَلَّ -এর বিধান অমান্য করল এবং এমন বিধান নিয়ে আসল যা আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বিধানের বিপরীত।

আর আবু মুহাম্মাদ আল-মাক্বদিসী এই মূলনীতির সাথে একটি শর্ত যুক্ত করেছেন। তিনি বলেন, "আমরা আহলুল ক্বিবলাহ'র কাউকে 'কাফির সাব্যস্ত করে না' এমন কোন গুনাহের কারণে তাকফীর করি না যতক্ষণ না সে এটাকে হালাল মনে করে।" আমরা যখন স্বল্প পরিসরে বিশ্লেষণে যাব তখন এই শর্তের ফায়েদা উল্লেখ করব–ইনশা'আল্লাহ।

অতএব "নিশ্চয়ই তা ফিসক্ব তথা গর্হিত কাজ।"[13] এখন যে ব্যক্তি গঠনকৃত আইন ও সংবিধান দ্বারা শাসন করার ব্যাপারে সম্মতি দেয়–তার ফিসক্ব কি ফিসক্বে আসগার নাকি ফিসক্বে আকবার? এটা ফিসক্বে আকবার; এর দলিল আয়াতের শেষাংশে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বাণী। তিনি বলেন, "আর যদি তোমরা তাদের আনুগত্য কর, তবে তোমরা অবশ্যই মুশরিক।"[14] আল্লাহ عَزَّوَجَلَّ তাকে শিরকের হুকুম দিয়েছেন। আর আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى যাকে শিরকের হুকুম দেন তার শিরক

[13] সুরা আনআমঃ ১২১

[14] সুরা আনআমঃ ১২১

শিরকে আসগার নয়। **এটা হল প্রথম দলিল।**

অন্য আরেকটি দলিল হলঃ যে ব্যক্তি এই সকল গঠনকৃত আইনকে স্বীকৃতি দেয় সে এই সকল আইন প্রণয়নকারীদেরকে আল্লাহ **عَزَّوَجَلَّ** -এর জন্য সমকক্ষ সাব্যস্ত করল। কিভাবে?

বিধান প্রণয়ন করা আল্লাহ **عَزَّوَجَلَّ** -এর বৈশিষ্ট্যের অন্তর্ভুক্ত। আল্লাহ **عَزَّوَجَلَّ** ব্যতীত অন্য কারো জন্য কোন বিধান প্রণয়ন করা জায়েয নেই; এর দলিল সুরা ইউসুফের ৪০ নং আয়াতে রয়েছে। আল্লাহ **تَبَارَكَ وَتَعَالَى** বলেন,

﴿اِنِ الْحُكْمُ اِلا لِلّٰهِ ۚ اَمَرَ اَلا تَعْبُدُوٓا اِلا اِيَّاهُ ۚ ذٰلِكَ الدِّيْنُ الْقَيِّمُ وَ لٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لا يَعْلَمُوْنَ﴾

“বিধান দেয়ার ক্ষমতা শুধুমাত্র আল্লাহরই। তিনি নির্দেশ দিয়েছেন যে, কেবলমাত্র তারই ইবাদাত করতে, এটাই সুদৃঢ় দ্বীন। কিন্তু অধিকাংশ মানুষ এটা জানে না।” আল্লাহ তা’আলার অনুমতিক্রমে আমরা সামনে এই আয়াতের বিস্তারিত আলোচনা করব।

অতএব এই আয়াতটি আইন প্রণয়নকে আল্লাহ **عَزَّوَجَلَّ** -এর সাথে খাছ করে দিয়েছে। তাই আল্লাহ **عَزَّوَجَلَّ** ব্যতীত অন্য কারো জন্য আইন প্রণয়ন করা জায়েয নেই। যখন সংবিধান প্রণয়ন কমিটি একটি সংবিধান প্রণয়ন করে আর একজন মানুষ এই সংবিধানের ব্যাপারে সম্মতি দেয় তখন সে সংবিধান প্রণয়নকারীদেরকে ইলাহ তথা উপাস্য হিসেবে গ্রহণ করে; কারণ আইন ও বিধিবিধান প্রণয়ন করে একজন ইলাহ। হয়তো তিনি হবেন আমাদের রব অথবা যে আল্লাহ **عَزَّوَجَلَّ** -এর বৈশিষ্ট্যসমূহের মধ্য থেকে একটি বৈশিষ্ট্য তার নিজের জন্য প্রদান করে। আর যে ব্যক্তি আল্লাহ **عَزَّوَجَلَّ** -এর বিধানকে স্বীকৃতি দেয় এবং মানব রচিত আইনকে স্বীকৃতি দেয় সে তার নিজের জন্য দুইজন ইলাহ নির্ধারণ করল। আল্লাহ **عَزَّوَجَلَّ** কে তার আইনের ক্ষেত্রে এবং ঐ সকল লোকদেরকে তাদের আইন ও তাদের সংবিধানের ক্ষেত্রে; এখানেই তার কাজটি ফিসক্বে আকবার হবে যা মিল্লাহ থেকে বের করে দেয়। বাকি বিস্তারিত ব্যাখ্যা ইনশা’আল্লাহু তা’আলা আমাদের বৈঠকগুলোতে

আলোচনা করব।

অতএব “নিশ্চয়ই তা ফিসক্ব তথা গর্হিত কাজ।” অতঃপর আল্লাহ বলেছেন, “নিশ্চয়ই শয়তানরা।” তাহলে এখানে ‘শয়তানরা’ দ্বারা উদ্দেশ্য কী?

কুরতুবী رَحِمَهُاللهُ উল্লেখ করেছেন, ইকরামা رَحِمَهُاللهُ থেকে বর্ণিত তিনি বলেন, “এখানে শয়তানরা দ্বারা উদ্দেশ্য হচ্ছেঃ পারস্যের অগ্নিপূজারী মানুষ উদ্দেশ্য।” ইবনে আব্বাস رَضِيَاللهُعَنْهُما থেকে অন্য আরেকটি রিওয়াতে উল্লেখিত হয়েছে তিনি বলেছেন, “এখানে শয়তানরা উদ্দেশ্য হচ্ছেঃ জ্বীন।”

এখানে শয়তানকে মানুষ শয়তান এবং জ্বীন শয়তানের মাঝে আরোপ করার ক্ষেত্রে এই বৈপরীত্য কেন? কারণ আল্লাহ عَزَّوَجَلَّ এই দুই শ্রেণীকে উল্লেখ করেছেন, তিনি বলেছেন,

﴿شَيٰطِيۡنَ الۡاِنۡسِ وَ الۡجِنِّ يُوۡحِيۡ بَعۡضُهُمۡ اِلٰى بَعۡضٍ زُخۡرُفَ الۡقَوۡلِ غُرُوۡرًا ؕ﴾

“মানব ও জ্বীনের মধ্য থেকে শয়তানরা প্রতারণার উদ্দেশ্যে একে অপরকে চমকপ্রদ বাক্যের কুমন্ত্রণা দেয়।”[15] অতএব এখানে শয়তান মানুষ হবে এবং শয়তান জ্বীনও হবে।

আর ত্ববারী رَحِمَهُاللهُ তার তাফসীরে বলেন, “এক্ষেত্রে এটা বলা সঠিক যে, মানুষ শয়তানরা তাদের মানুষ বন্ধুদের নিকট ওহী করে এবং এটা বলাও বৈধ যে, জ্বীন শয়তানরা মানুষের নিকট ওহী করে।” তাহলে কী স্পষ্ট হল?

মানুষ শয়তানরা মানুষের নিকট ওহী করে। আর জ্বীন শয়তানরাও মানুষের নিকট ওহী করে। তিনি বলেন, “বিষয়টি দুই শ্রেণীর থেকেই হওয়া সম্ভব।” অর্থাৎ জ্বীন শয়তানরা ও মানুষ শয়তানরা তাদের বন্ধুদের নিকট ওহী করে।

অতএব এই আয়াতে কারীমায় শয়তান দ্বারা উদ্দেশ্য কী–তা আমরা জানলাম। অতঃপর আল্লাহ বলেছেন, “তারা প্ররোচনা (ওহী) দেয়।” অর্থাৎ

---

[15] সুরা আনআমঃ ১১২

শয়তানরা ওহী করে “তাদের বন্ধুদেরকে।” আওলিয়া তথা বন্ধুঃ তারা সাহায্যকারী এবং মুহাব্বাতকারী। ওয়ালী হলঃ সাহায্যকারী এবং মুহাব্বাতকারী। আর এখানে শয়তানের পক্ষ থেকে তার বন্ধুদের নিকট ওহী করার অর্থ হলঃ

ওহী শব্দটি যেমন ‘মুখতার আছ-ছিহাহ’এ এসেছে - আর আপনি যেমনটি জানেন, এটা আরবী ভাষার একটি ডিকশনারি - লেখক বলেন, “ওহী হলঃ এলহাম পাঠানো তথা অন্তরে অনুপ্রেরণা দেওয়া অথবা গোপনে যে কথা বলা হয় সেটাকেও ওহী হিসেবে অভিহিত করা হয়।”

এই অর্থে ওহী দুই ভাগে বিভক্তঃ আল্লাহ প্রদত্ত ওহী যা আল্লাহ عَزَّوَجَلَّ -এর পক্ষ থেকে তার সৃষ্টির মধ্যে যার নিকট ইচ্ছা করেন। শয়তানী ওহী যা শয়তানের পক্ষ থেকে তার বন্ধুদের নিকট করা হয়। এর দলিল কী?

আল্লাহ প্রদত্ত ওহী সম্পর্কে যা আল্লাহ عَزَّوَجَلَّ -এর পক্ষ থেকে তার বান্দাদের মধ্যে যার নিকট ইচ্ছা ওহী করেনঃ আল্লাহ عَزَّوَجَلَّ -এর পক্ষ থেকে নাবী ও রাসুলগণের নিকট ওহী করা। যেমন আল্লাহ تَبَارَكَ وَتَعَالَىٰ -এর বাণীতে রয়েছেঃ

إِنَّآ أَوْحَيْنَآ إِلَيْكَ كَمَآ أَوْحَيْنَآ إِلَىٰ نُوحٍ وَٱلنَّبِيِّـۧنَ مِنۢ بَعْدِهِۦ ۚ وَأَوْحَيْنَآ إِلَىٰٓ إِبْرَٰهِيمَ وَإِسْمَٰعِيلَ وَإِسْحَٰقَ وَيَعْقُوبَ وَٱلْأَسْبَاطِ ﴿﴾

“নিশ্চয়ই আমরা আপনার নিকট ওহী প্রেরণ করেছিলাম যেমন নুহ ও তার পরবর্তী নবীগণের প্রতি ওহী প্রেরণ করেছিলাম। আর ইবরাহীম, ইসমাঈল, ইসহাক, ইয়াকুব ও তার বংশধরগণের প্রতি ওহী প্রেরণ করেছিলাম।”[16] এটাকে কী হিসেবে অভিহিত করা হবে? এটা আল্লাহর পক্ষ থেকে নাবী ও রাসুলগণের নিকট আল্লাহ প্রদত্ত ওহী।

কিন্তু কখনো কখনো আল্লাহ عَزَّوَجَلَّ নাবীগণ ব্যতীত অন্যের নিকট ওহী করেন। যেমন আল্লাহ تَبَارَكَ وَتَعَالَىٰ -এর বাণীতে রয়েছেঃ

[16] সুরা নিসাঃ ১৬৩

﴿وَإِذْ أَوْحَيْتُ إِلَى الْحَوَارِيِّينَ أَنْ آمِنُوا بِي وَبِرَسُولِي﴾

"আরো স্মরণ করুন, যখন আমি হাওয়ারীদের মনে ইলহাম করেছিলাম, তোমরা আমার প্রতি ও আমার রাসুলের প্রতি ঈমান আনো।"[17] হাওয়ারিয়্যুন হল ঐ সকল লোক যারা আল্লাহর নাবী ঈসা عَلَيْهِ السَّلَام -এর ঘনিষ্ঠ ছিল। ফলে আল্লাহ عَزَّوَجَلَّ ঐ সকল লোকদের নিকট ওহী করলেন যে, তোমরা আমার প্রতি এবং আমার রাসুলের প্রতি ঈমান আনয়ন কর। ওহীর অর্থ কী? অর্থাৎ আল্লাহ তাদের অন্তরে এই কথা নিক্ষেপ করেছিলেন।

এখানে তৃতীয় আরেক প্রকার ওহী আছে যা আল্লাহর পক্ষ থেকে তার কতিপয় সৃষ্টির নিকট করা হয়। যেমন সুরা নাহালের ৬৮ নং আয়াতে রয়েছেঃ

﴿وَأَوْحَى رَبُّكَ إِلَى النَّحْلِ أَنِ اتَّخِذِي مِنَ الْجِبَالِ بُيُوتًا﴾

"আর আপনার রব মৌমাছিকে তার অন্তরে ইঙ্গিত দ্বারা নির্দেশ দিয়েছেন যে, ঘর তৈরী কর পাহাড়ে।" এটা আল্লাহ عَزَّوَجَلَّ -এর পক্ষ থেকে এই মাখলুকের প্রতি একটি নির্দেশ। আল্লাহ عَزَّوَجَلَّ এটাকে ওহী হিসেবে অভিহিত করেছেন। অতএব আল্লাহ প্রদত্ত ওহী হল আল্লাহ عَزَّوَجَلَّ -এর পক্ষ থেকে তার সৃষ্টির মধ্যে যাকে ইচ্ছা ওহী করেন।

ওহীর দ্বিতীয় প্রকারঃ শয়তানের পক্ষ থেকে তার বন্ধুদের নিকট ওহী করা। এর দলিল হল আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বাণীঃ "নিশ্চয়ই শয়তানরা তাদের বন্ধুদেরকে প্ররোচনা (ওহী) দেয়।"[18] এমনিভাবে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বাণীঃ "মানব ও জ্বীনের মধ্য থেকে শয়তানরা প্রতারণার উদ্দেশ্যে একে অপরকে চমকপ্রদ বাক্যের কুমন্ত্রণা দেয়।"[19]

কিছু মানুষ ইবনে আব্বাস رَضِيَ اللهُ عَنْهُمَا -এর নিকট এসে বলল, মুখতার আস

[17] সুরা মায়িদাহঃ ১১১

[18] সুরা আনআমঃ ১২১

[19] সুরা আনআমঃ ১১২

-সাক্বাফী দাবি করে তার নিকট ওহী আসে। এই মুখতার আস-সাক্বাফী উবাইদ আস-সাক্বাফীর পুত্র। তার পিতা ক্বাদিসীয়্যাহ'র ময়দানে সেতুর যুদ্ধের সেনাপতি ছিল - কিন্তু এরপর সে হুসাইনের প্রতিশোধ চাইতে বের হয়েছিল। অতঃপর সে নবুওয়াতের দাবি করে। তাই সে দাবি করত তার নিকট ওহী আসে। ফলে ইবনে আব্বাস বললেন, "হ্যাঁ"। অর্থাৎঃ এটা সঠিক যে, মুখতার আস-সাক্বাফীর নিকট ওহী আসে। অতঃপর তিনি আল্লাহ عَزَّوَجَلَّ -এর বাণী তিলাওয়াত করলেন,

﴿وَإِنَّ الشَّيَٰطِينَ لَيُوحُونَ إِلَىٰٓ أَوۡلِيَآئِهِمۡ﴾

"নিশ্চয়ই শয়তানরা তাদের বন্ধুদেরকে প্ররোচনা (ওহী) দেয়।"

শয়তানের মাঝে এবং এই সকল লোকদের মাঝে এই বন্ধুত্ব কিভাবে প্রতিষ্ঠা হয়?; কারণ শয়তান যখন মানুষের কোন দলকে বন্ধুরূপে গ্রহণ করে অথবা যখন তারা তাকে বন্ধুরূপে গ্রহণ করে তখন এই সকল লোকদের উপর শয়তানের একটি কর্তৃত্ব এবং প্রভাব তৈরি হয়। তাহলে শয়তানের প্রবেশের দরজা কী—যার মাধ্যমে কিছু মানুষ শয়তানের বন্ধু হয়?

এখানে শয়তানের সম্ভাব্য চারটি দরজা রয়েছে যেগুলোর মাধ্যমে সে কতিপয় মানুষের নিকট প্রবেশ করে এবং তাদেরকে বন্ধু বানায়ঃ

প্রথম দরজাঃ যখন ঈমানের মধ্যে কোন ফাঁটল থাকে। এটা একটি প্রশস্ত দরজা যা দিয়ে শয়তান ঐ সকল লোকদের নিকট প্রবেশ করে এবং তাদেরকে তার বন্ধু বানায়। ঈমানের মধ্যে কোন ফাঁটল অথবা আল্লাহ عَزَّوَجَلَّ -এর উপর ভরসা করার মধ্যে কোন ফাঁটল অথবা ঈমান ও তাওয়াক্কুলের মধ্যে কোন ফাঁটল...এগুলো হচ্ছে শয়তানের প্রবেশদ্বার; ঈমানের মধ্যে কোন ফাঁটল, তাওয়াক্কুলের মধ্যে কোন ফাঁটল, ঈমান ও তাওয়াক্কুলের মধ্যে কোন ফাঁটল। চতুর্থ দরজাঃ যখন মানুষের মাঝে কোন শিরক পাওয়া যায়। আর এটা শয়তানের জন্য একটি প্রশস্ত দরজা যা দিয়ে সে প্রবেশ করে এই ব্যক্তিদেরকে তার বন্ধু বানায়। পঞ্চম দরজাঃ পাপ এবং অবাধ্যতা শয়তানের একটি দরজা যা দিয়ে সে এই সকল লোকদেরকে বন্ধু বানায়। এই কথাগুলোর দলিল কী যা আমি বললাম?

আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى শয়তান সম্পর্কে বলেন,

إِنَّهُ لَيْسَ لَهُ سُلْطَٰنٌ عَلَى ٱلَّذِينَ ءَامَنُوا۟ وَعَلَىٰ رَبِّهِمْ يَتَوَكَّلُونَ ۝ إِنَّمَا سُلْطَٰنُهُۥ عَلَى ٱلَّذِينَ يَتَوَلَّوْنَهُۥ وَٱلَّذِينَ هُم بِهِۦ مُشْرِكُونَ ۝

“নিশ্চয়ই যারা ঈমান এনেছে এবং তাদের রবের উপর ভরসা করেছে, তাদের উপর শয়তানের কোন ক্ষমতা নেই। তার আধিপত্য তো শুধু তাদেরই উপর যারা তাকে বন্ধুরূপে গ্রহণ করে এবং যারা আল্লাহর সাথে শিরক করে।”[20] যখন সে ঈমান খুঁজে পাবে তখন মানুষ শয়তানের বন্ধু হওয়ার ব্যাপারে তা একটি বাধা হবে। যখন সে বিশুদ্ধ তাওয়াক্কুল খুঁজে পাবে... তখন মানুষ শয়তানের বন্ধু হওয়ার ব্যাপারে তা একটি বাধা হবে; যখন এ বিষয় দু'টি বাস্তবায়িত হবে তখন মানুষ শয়তানের বন্ধু হওয়া সম্ভব হবে না। এমনিভাবে যখন মানুষের থেকে শিরক দূর হয়ে যাবে তখন সে শয়তানের বন্ধু হওয়া অসম্ভব। এ হল চারটি মাধ্যম।

পঞ্চম মাধ্যমঃ আমি যেমন উল্লেখ করেছিলাম পাপ এবং অবাধ্যতা শয়তানের দরজাসমূহের মধ্য থেকে একটি দরজা। আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বাণীঃ

﴿فَزَيَّنَ لَهُمُ ٱلشَّيْطَٰنُ أَعْمَٰلَهُمْ فَهُوَ وَلِيُّهُمُ ٱلْيَوْمَ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ﴾

“কিন্তু শয়তান তাদের কর্মকে তাদের দৃষ্টিতে সজ্জিত করেছিল; কাজেই সে-ই আজ তাদের বন্ধু আর তাদের জন্যই রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।”[21] অতএব পাপ ও অবাধ্যতার মাধ্যমে শয়তান প্রবেশ করে। সে একটি পাপ কাজ করে অতঃপর সে মনে করে যে, যেই পাপ সে নিয়ে এসেছে তা গ্রহণযোগ্য ও বিশুদ্ধ আমল এবং সে এর প্রশংসা করে। এই সকল লোকদের দৃষ্টান্ত হচ্ছে তারা শয়তানের বন্ধুদের অন্তর্ভুক্ত। তাহলে এমন প্রত্যেক ব্যক্তি যে শারীয়াহ বিরোধী কোন মুনকার বা মন্দ কাজ সম্পাদন করে অতঃপর সে মনে করে এই শারীয়াহ বিরোধী কাজটি গ্রহণযোগ্য

---

[20] সুরা নাহলঃ ৯৯-১০০

[21] সুরা নাহলঃ ৬৩

সজ্জিত এই ব্যক্তিই শয়তানের বন্ধুদের অন্তর্ভুক্ত।

তাহলে আপনি জেনেছেন যে, শয়তান ওহী করে, আপনি জেনেছেন যে, শয়তানের বন্ধু আছে এবং আপনি আরো জেনেছেন যে, শয়তান কিভাবে বন্ধু বানায়।

এরপর আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى এই আয়াতে আলোচনা করেছেন শয়তানরা কেন তাদের বন্ধুদের নিকট ওহী পাঠায়? আর এই ওহীর উদ্দেশ্যই-বা কী? আল্লাহ বলেছেন, "لِيُجَادِلُوكُمْ" "তারা যেন তোমাদের সাথে বিবাদ করে।" আপনি যেমন জানেন, এখানে "لام" অব্যয়টি কারণ বর্ণনা করার জন্য।

"لِيُجَادِلُوكُمْ" 'মুখতার আছ-ছিহাহ'এ "جدال" শব্দের অর্থ রয়েছে - লেকখ বলেন, "جدل" হচ্ছে প্রচণ্ড বিতর্ক করা।

ইমাম কুরতুবী رَحِمَهُ اللهُ "جدال" এর পরিচয় এরকমভাবেই দিয়েছেন। তিনি বলেন, "প্রমাণ এবং শক্তির মাধ্যমে কথা প্রতিরোধ করা।" এই উক্তির অর্থ কী?

হয়তো লোকটি হক্বপন্থী হবে অথবা বাতিলপন্থী হবে। যখন তাদের একজন হক্বপন্থী তার সঙ্গীকে প্রতিরোধ করতে চায় তখন সে বাতিলপন্থীকে প্রমাণের মাধ্যমে প্রতিরোধ করতে চায়। এরপর শক্তির মাধ্যমে। এটাকে বিতর্ক হিসেবে আখ্যায়িত করা হয়। এমনিভাবে যখন বাতিলপন্থী হক্বপন্থীকে প্রমাণ অথবা শক্তি দ্বারা প্রতিরোধ করতে চায় তখন এটাকেও বিতর্ক হিসেবে আখ্যায়িত করা হয়।

অতএব "جدال" তথা বিতর্ক বিশেষণটি উত্তম বিতর্ক এবং নিকৃষ্ট বিতর্কের মাঝে যৌথ একটি শব্দ। সুতরাং বিতর্ক বিশেষণটি উত্তম বিতর্কের ক্ষেত্রে ব্যবহার করা হয় এবং নিকৃষ্ট বিতর্কের ক্ষেত্রেও ব্যবহার করা হয়। এই ভাগকরণের ব্যাপারে দলিল কী?

"উত্তম বিতর্কঃ" আল্লাহ عَزَّوَجَلَّ বলেন,

﴿اُدْعُ اِلٰى سَبِيْلِ رَبِّكَ بِالْحِكْمَةِ وَ الْمَوْعِظَةِ الْحَسَنَةِ وَ جَادِلْهُمْ بِالَّتِيْ هِيَ اَحْسَنُ ؕ﴾

"আপনি আপনার রবের পথে হিকমাহ ও সুন্দর উপদেশের মাধ্যমে আহ্বান করুন

এবং উত্তম পন্থায় তাদের সাথে বিতর্ক করুন।”[22]

অতএব উত্তম বিতর্ক হচ্ছে আপনি প্রমাণের মাধ্যমে তাদের কথা প্রতিরোধ করবেন। এরপর যখন বিষয়টি তলব করা হবে তখন আপনি শক্তির মাধ্যমে প্রতিরোধ করবেন এমনটিই আল্লাহ عَزَّوَجَلَّ বলেছেন,

﴿وَ لَا تُجَادِلُوْٓا اَهْلَ الْكِتٰبِ اِلَّا بِالَّتِيْ هِيَ اَحْسَنُ﴾

“আর তোমরা উত্তম পন্থা ছাড়া কিতাবীদের সাথে বিতর্ক করবে না।”[23]

রাসুল ﷺ কি প্রমাণ এবং শক্তির মাধ্যমে তার নিকট থাকা হক্বের জন্য মুশরিকদের বাতিলের প্রতিরোধ করেছিলেন? হ্যাঁ। তের বছর তিনি মক্কার মুশরিকদেরকে প্রমাণের মাধ্যমে দাওয়াহ দিয়েছেন। অতঃপর হিজরতের পর আল্লাহ عَزَّوَجَلَّ তাকে যুদ্ধের অনুমতি দিয়েছেন। ফলে তিনি শক্তির মাধ্যমে ঐ বাতিলকে প্রতিরোধ করা শুরু করেছেন; সুতরাং আমরা মুসলিমরা সীমাবদ্ধ নই। আমরা বাতিল প্রতিরোধ করার ক্ষেত্রে কেবলমাত্র প্রমাণ প্রতিষ্ঠা করার উপর সীমাবদ্ধ নই। এরপর বিষয়টি যখন এ দাবি করবে যে, উক্ত বাতিল প্রতিরোধ করার জন্য আমরা শক্তির শরণাপন্ন হব তখন আমাদের জন্য এটা জায়েয। কারণ এটা আল্লাহর রাসুল ﷺ -এর কর্মপদ্ধতির অন্তর্ভুক্ত। অতএব উত্তম বিতর্ক হচ্ছে হক্বপন্থী বাতিলপন্থীকে প্রমাণের মাধ্যমে প্রতিরোধ করবে অতঃপর যখন বিষয়টি আরো তলব করবে তখন শক্তির মাধ্যমে প্রতিরোধ করা হবে।

নিন্দিত নিকৃষ্ট বিতর্কঃ তা হচ্ছে বাতিলপন্থী এসে তার বাতিলের মাধ্যমে হক্বপন্থীকে প্রতিরোধ করার চেষ্টা করে। অতএব এই সকল বাতিলপন্থীদের কাজ - যখন তারা হক্বকে প্রমাণের মাধ্যমে প্রতিরোধ করবে অথবা তারা শক্তির মাধ্যমে হক্বকে প্রতিরোধ করবে তখন তাদের কাজকেও বিতর্ক হিসেবে নামকরণ করা হয়।

---

[22] সুরা নাহলঃ ১২৫

[23] সুরা আনকাবুতঃ ৪৬

এর দলিল আল্লাহ عَزَّوَجَلَّ -এর কিতাবে সুরা কাহাফের ৫৬ নং আয়াতে রয়েছে। আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى বলেন,

﴿وَيُجَادِلُ الَّذِينَ كَفَرُوا بِالْبَاطِلِ لِيُدْحِضُوا بِهِ الْحَقَّ﴾

"কিন্তু কাফিররা বাতিল দ্বারা বিতর্ক করে, যাতে তার মাধ্যমে সত্যকে ব্যর্থ করে দিতে পারে।" এমনিভাবে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى বলেন,

﴿وَهَمَّتْ كُلُّ أُمَّةٍ بِرَسُولِهِمْ لِيَأْخُذُوهُ وَجَادَلُوا بِالْبَاطِلِ لِيُدْحِضُوا بِهِ الْحَقَّ﴾

"প্রত্যেক উম্মত নিজ নিজ রাসুলকে পাকড়াও করার সংকল্প করেছিল এবং তারা অসার তর্কে লিপ্ত হয়েছিল যেন এর দ্বারা সত্যকে ব্যর্থ করতে পারে।"[24]

অতএব হয়তো সেটা উত্তম বিতর্ক হবে–আপনি হক্বের জন্য বাতিলকে প্রতিরোধ করবেন অথবা সেটা বাতিল বিতর্ক হবে–সে বাতিলের জন্য হক্বকে প্রতিরোধ করবে।

এটা বর্তমানে এই ভূমিতে ঘটছে। আল্লাহর রাস্তার মুজাহিদগণ আমরা যে হক্বের উপর রয়েছি সে ব্যাপারে তারা প্রমাণ প্রতিষ্ঠা করেছেন। আমাদের অভিপ্রায় হচ্ছে আল্লাহ عَزَّوَجَلَّ -এর শারীয়াহ দ্বারা শাসন করা এবং কেবল আল্লাহর কালিমা বুলন্দ হওয়া। এব্যাপারে তারা প্রমাণ প্রতিষ্ঠা করেছেন। অতঃপর তারা প্রমাণ প্রতিষ্ঠার সাথে শক্তি যুক্ত করেছেন। তাদের নিকট যা আছে তা দিয়ে তারা বাতিলকে প্রতিরোধ করার চেষ্টা করেছেন। অতএব তারা উত্তম পন্থায় বিতর্ক করেছেন। এমনিভাবে এর বিপরীতে বাতিলপন্থীরা তাদের বাতিলের ব্যাপারে প্রমাণ দিয়ে এবং শক্তির মাধ্যমে বিতর্ক করে। প্রমাণ হচ্ছেঃ শাসকদের উলামাদের এবং মিডিয়ার আলেমদের মাধ্যমে। তাই আপনি তাদের কাউকে দেখতে পাবেন, আমাদের নগরীতে তাদের দুইজন রয়েছেঃ আবু হারিছ এবং আবু সফওয়াহ। তারা বাতিলের জন্য হক্বকে প্রতিহত করতে চায়। কিভাবে?

---

[24] সুরা গাফিরঃ ০৫

তারা মনে করে এই সকল তাগুতরা হচ্ছে উমারা তথা শাসক। আর তাদের আনুগত্য করা ওয়াজিব। ঐ সময়ে ছিল আয়াদ আল্লাভী এবং আয়াদ আল্লাভী ছারাও অন্যরা। মুরজিয়ারা বলত, এই লোকদের আনুগত্য করা ওয়াজিব। অতঃপর তারা এর সাথে সংযুক্ত করে বলত, প্রতিরক্ষা এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যাকে সৈনিক হিসেবে নিয়োগ দেওয়া হবে তাদের মুজাহিদ ও মুরাবিত তথা রিবাতকারী হিসেবে গণ্য করা হবে! আর যারা এই সকল শাসকদের বিরুদ্ধে বের হয়ে তাদের বিরুদ্ধে যুদ্ধ করার ইচ্ছা করে তাদেরকে খারিজি হিসেবে অভিহিত করা হবে।

আমরা যখন মুরজিয়াদের সম্পর্কে আলোচনা করব তখন আল্লাহর অনুমতিক্রমে বিস্তারিত আলোচনা করব। কিন্তু এখন আমাদের বিষয় হচ্ছে এটা প্রমাণ করা যে, বাতিলপন্থীরা হক্বপন্থীদেরকে প্রমাণের মাধ্যমে প্রতিরোধ করার চেষ্টা করে এরপর শক্তির মাধ্যমে।

তাই তারা বলে, শাসকদের আনুগত্য করা ওয়াজিব। এই সকল শাসকদের সৈনিক ও পুলিশরা আল্লাহর রাস্তার মুরাবিত বা পাহারাদার। আর যারা তাদের বিরুদ্ধে অস্ত্র নিয়ে বের হয় তারা হচ্ছে খারিজি। অতঃপর তারা বলে, এই সৈন্যবাহিনী এবং পুলিশের মধ্য থেকে যে নিহত হবে তার দুই শহীদের প্রতিদান রয়েছে! আর এই সকল ব্যক্তিরা বলে, খারিজিদের মধ্য থেকে যারা নিহত হবে তারা জাহান্নামের কুকুর। অতঃপর তারা ঐ সকল হাদিস নিয়ে আসে যেগুলো আল্লাহর রাসুল ﷺ খারিজিদের ব্যাপারে বলেছিলেন!

সুতরাং তারা এই বাতিলের মাধ্যমে চেষ্টা করেছে প্রমাণ দিয়ে হক্বকে প্রতিরোধ করতে। অতঃপর তারা প্রমাণের সাথে শক্তি যুক্ত করেছে, তারা প্রতিরক্ষা মন্ত্রণালয়কে নিয়ে এসেছে, তারা আমেরিকাকে নিয়ে এসেছে, পুলিশ বাহিনীকে নিয়ে এসেছে, গুপ্তচর বাহিনীকে নিয়ে এসেছে, তারা তাদের সাহায্যকারীদের নিয়ে এসেছে এবং তারা এই হক্বকে প্রতিরোধ করতে শক্তি দিয়ে চেষ্টা করেছে।

অতএব "নিশ্চয়ই শয়তানরা তাদের বন্ধুদেরকে প্ররোচনা (ওহী) দেয়।" উদ্দেশ্য হচ্ছেঃ "তারা যেন তোমাদের সাথে বিবাদ করে।" যাতে তারা আল্লাহ عَزَّوَجَلَّ

-এর বিধিবিধানকে এই শয়তানী বিধিবিধান দ্বারা প্রতিরোধ করতে পারে যা সে তার বন্ধুদের নিকট ওহী করে।

আয়াতের শেষে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى বলেন,

﴿وَإِنْ أَطَعْتُمُوهُمْ إِنَّكُمْ لَمُشْرِكُونَ﴾

“আর যদি তোমরা তাদের আনুগত্য কর, তবে তোমরা অবশ্যই মুশরিক।” অর্থাৎঃ যদি তোমরা আমার বিধিবিধান অমান্য কর যে বিধিবিধান আমি প্রণয়ন করেছি - আমি বলেছি তোমরা এমন বস্তু ভক্ষণ করবে না যাতে আল্লাহর নাম নেওয়া হয় না - ও যদি তোমরা ঐ সকল মুশরিকদের বিধিবিধানের আনুগত্য করে মৃত বস্তু ভক্ষণ কর তখন তোমরা এই কাজের কারণে এবং তোমাদের ঐ আইনের আনুগত্যের কারণে মুশরিক হয়ে যাবে।

“আর যদি তোমরা তাদের আনুগত্য কর, তবে তোমরা অবশ্যই মুশরিক।” আয়াতের এই অংশের ব্যাপারে ইমাম শানক্বীতী رَحِمَهُ اللهُ -এর একটি চমৎকার দৃষ্টিভঙ্গি রয়েছেঃ তিনি বলেন, আয়াতে একটি কসম উহ্য রয়েছে। আয়াতের এই অংশের মধ্যে একটি কসম উহ্য আছে। সেটা কী? তিনি বলেন, - অর্থাৎ এটা তার উক্তির অর্থ যা আমি অর্থের মাধ্যমে বর্ণনা করছি সরাসরি বক্তব নয়ঃ "إن" এর ক্ষেত্রে শর্তের অব্যয় ফে’য়েলে শর্ত এবং জওয়াবে শর্ত দাবি করে। যেমন আপনি বললেন, “যদি তুমি অধ্যয়ন কর তাহলে সফল হবে।” এই ফে’য়েলটি যখন আপনি নিয়ে এসেছেন তখন এই জওয়াব হচ্ছে আল্লাহ তা’আলার অনুমতিক্রমে সফলতা নিশ্চিত হবে। এই আয়াতের ব্যাপারে তিনি বলেছেন,

﴿وَإِنْ أَطَعْتُمُوهُمْ﴾

“যদি তোমরা তাদের আনুগত্য কর।” "إن" হচ্ছে শর্তের অব্যয়। “যদি তোমরা তাদের আনুগত্য কর” এটা একটি ফে’য়েলে শর্ত। এই আনুগত্যের জন্য প্রস্তুতকৃত ফলাফল কী? তিনি বলেছেন,

﴿إِنَّكُمْ لَمُشْرِكُونَ﴾

“তবে তোমরা অবশ্যই মুশরিক।”—এটা শর্তের জওয়াব নয়। “তবে তোমরা অবশ্যই মুশরিক”—এটা শর্তের কোন জওয়াব নয়। কেন? তিনি বলেন, - এটা আমার বক্তব্য, আমি শানক্বীতী থেকে হুবহু বর্ণনা করছি না। আমি কেবল তার বক্তব্য ব্যাখ্যা করছি - কারণ জওয়াবের শর্ত যদি ফে’য়েলে মুদারে হয় তাহলে সেটা ফা’য়েলকে দাবি করে না। শুধু ফে’য়েলে মুদারে দাবি করে। আর যদি ফে’য়েলে মাদী অথবা আমর বা শিবহে জুমলা অথবা এই প্রকারের কোন কিছু হয় তাহলে আরবী ভাষার ক্ষেত্রে আবশ্যক হচ্ছে একটি "فاء" যুক্ত করা; যদি আয়াতটি "وإن أطعتموهم فإنكم لمشركون" এমন হয় তাহলে আমাদের এটা বলা বৈধ যে, শর্তের জওয়াব হচ্ছে এটা– "فإنكم لمشركون" - এক্ষেত্রে এখানে "فاء" উল্লেখ করা হয়নি। তাই "إنكمْ لمُشْرِكونَ" এটা শর্তের জওয়াব নয়। তাহলে শর্তের জওয়াব কোথায়? তিনি বলেন, শর্তের জওয়াব হচ্ছে মাহযুফ তথা উহ্য কসম। উহ্য কসমের নিরূপণ হচ্ছেঃ

"وإن أطعتموهم فوالله إنكم لمشركون"

অর্থঃ “যদি তোমরা তাদের আনুগত্য কর তাহলে আল্লাহর কসম! তোমরা মুশরিক হয়ে যাবে।” অতএব এখন আয়াতটি কয়েকটি মাস’আলার দিকে নিয়ে যায়ঃ

প্রথম মাস’আলাঃ এই আয়াতটি মুসলিমদেরকে উদ্দেশ্য করে। এই আয়াতের মুখাতাব হচ্ছে মুসলিমরা মুশরিকরা নয়; কারণ কোন মুশরিককে আমার এটা বলা সম্ভব নয় যে, “যদি তুমি মুশরিকদের আইনের ক্ষেত্রে তাদের আনুগত্য কর তাহলে তুমি মুশরিক হয়ে যাবে।” এটা একটি বাতিল উক্তি। আল্লাহ عَزَّوَجَلَّ এ থেকে অনেক দূরে যে, তার উক্তি এরকম বাতিল হবে। নিশ্চিতভাবেই এই আয়াতটি মুসলিমদেরকে উদ্দেশ্য করে। আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى মুসলিমদেরকে বলেন, তোমরা আমার আইন বর্জন করে অন্য আইনের আনুগত্য করো না—যেগুলো অন্যদের পক্ষ থেকে প্রণয়ন করা হয়; কারণ যদি তোমরা এই সকল বিধিবিধানের আনুগত্য কর “তবে তোমরা অবশ্যই মুশরিক।” অতএব আয়াতটি শুধুমাত্র মুসলিমদেরকে

উদ্দেশ্য করে।

এই আয়াতের অন্য আরেকটি বিষয় যা থেকে আমরা উপকৃত হবঃ আমরা নিশ্চিতভাবে জানি যে, এমন প্রতিটি আইন যা আল্লাহ عَزَّوَجَلَّ -এর আইনের বিপরীতে প্রণয়ন করা হয়—সেটা যে দিক থেকে বা যে উৎস থেকেই হোক না কেন—তা শয়তানী আইন; কেননা আল্লাহ عَزَّوَجَلَّ বলেছেন, "নিশ্চয়ই শয়তানরা তাদের বন্ধুদেরকে তোমাদের সাথে বিবাদ করতে প্ররোচনা (ওহী) দেয়।" এই ফায়েদা অথবা দ্বিতীয় মাস'আলার ব্যাপারে আমরা এই আয়াতের সামনে অবস্থান করি।

তৃতীয় মাস'আলাঃ যে ব্যক্তি আল্লাহ عَزَّوَجَلَّ -এর আইন ব্যতীত অন্য আইনকে স্বীকৃতি দিবে অথবা সম্মতি দিবে অথবা সন্তুষ্ট হবে আল্লাহ عَزَّوَجَلَّ কুরআনে ওহী করে তাকে শিরকের হুকুম দিয়েছেন। কারণ আয়াতের শেষে তিনি বলেছেন,

﴿وَإِنْ أَطَعْتُمُوهُمْ إِنَّكُمْ لَمُشْرِكُونَ﴾

"আর যদি তোমরা তাদের আনুগত্য কর, তবে তোমরা অবশ্যই মুশরিক।"[25] অতএব এখানে শিরকের হুকুম দেওয়া হয়েছে আল্লাহ عَزَّوَجَلَّ -এর পক্ষ থেকে কুরআনের ওহীর মাধ্যমে। তাই যখন আমি বলব, যারা গঠনকৃত আইন ও সংবিধানসমূহের আনুগত্য করবে তারা মুশরিক। এটা আমার কথা নয়। এটা আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর কথা। আমি কেবলমাত্র আল্লাহ عَزَّوَجَلَّ যা বলেছেন তা নক্বলকারী, ফায়সালা তো আল্লাহর ফায়সালা। আমরা আল্লাহ عَزَّوَجَلَّ -এর হুকুম বর্ণনা করি এবং হুজ্জাহ তথা প্রমাণ প্রতিষ্ঠার জন্য নক্বল করি।

সর্বশেষ মাস'আলা আমি উল্লেখ করছিঃ যে ব্যক্তি অতীতে এবং বিগত বছরগুলোতে এই সকল গঠনকৃত আইনের মাধ্যমে শাসন করার ব্যাপারে সম্মতি দিয়েছে তার উপর আবশ্যক হচ্ছে নিজেকে সংশোধন করা। কারণ সে শিরক সম্পাদন করেছে। যে ব্যক্তি এই প্রকার শিরকে পতিত হয়েছে তার উপর আল্লাহ عَزَّوَجَلَّ -এর অনুগ্রহের একটি হচ্ছে আল্লাহ عَزَّوَجَلَّ তাকে দীর্ঘ বয়স দিয়েছেন যেন তার

[25] সুরা আন আমঃ ১২১

জন্য তাওবার সুযোগ তৈরি হয়। তাই যে ব্যক্তি সংবিধানের ব্যাপারে “হ্যাঁ” সূচক বলেছে সে আল্লাহ عَزَّوَجَلَّ -এর সাথে শিরক করেছে। আর এ শিরকের প্রকার হচ্ছে আনুগত্যের শিরক। তার উপর আবশ্যক নিজেকে সংশোধন করা এবং আল্লাহ عَزَّوَجَلَّ -এর নিকট এই শিরক থেকে তাওবা করা যে শিরকে সে পতিত হয়েছিল।

আমি আমার কথা এতোটুকুই বললাম। আমি আল্লাহর নিকট আমার জন্য এবং আপনাদের জন্য ইস্তিগফার করি।

আল্লাহ আপনাদের উত্তম প্রতিদান দিন এবং আপনাদের বারাকাহ দান করুন!

আনুগত্যের শিরক সংক্রান্ত উৎকর্ষ বিবরণ

শাইখ আবু আলী আল-আনবারী
আল-কুরাইশী رحمه الله

দ্বিতীয় দারসঃ

সংবিধান প্রণয়ন কমিটির বাস্তবতা

الحَمدُ للّه والصّلاةُ والسّلامُ على رسُولِ اللّه؛

হে আল্লাহ আপনি আমাদেরকে হক্বকে হক্ব হিসেবে দেখান এবং হক্ব অনুসরণ করার ক্ষেত্রে আমাদের সাহায্য করুন, বাতিলকে বাতিল হিসেবে দেখান এবং বাতিল বর্জন করার ক্ষেত্রে আমাদের সাহায্য করুন। হে আল্লাহ আপনি আমাদের এমন বিষয় শিক্ষা দিন যা আমাদের উপকার করবে এবং আপনি আমাদের যা শিক্ষা দেন এর মাধ্যমে আমাদের উপকৃত করুন। হে আল্লাহ আপনি আমাদেরকে আমাদের ইলম অনুযায়ী আমলকারী বানিয়ে দিন। হে আল্লাহ ক্বিয়ামতের দিন আমাদের ইলমকে আমাদের জন্য দলিল বানিয়ে দিন এবং আমাদের বিরুদ্ধে দলিল বানাবেন না - - ইয়া আরহামার-রহিমীন! হে আমার রব! আপনি আমার বক্ষ উন্মুক্ত করে দিন, আমার বিষয়াদি সহজ করে দিন এবং আমাদের মুখের জড়তা দূর করে দিন যেন তারা আমার কথা বুঝতে পারে। হে আল্লাহ আপনি আমার কর্মকে সৎ বানিয়ে দিন, আপনার সন্তুষ্টির জন্য খালিছ করে দিন এবং আপনার সৃষ্টির কারো জন্য এতে কোন অংশ রাখবেন না।

অতঃপর,

আল্লাহর দয়া ও অনুগ্রহে আমরা আনুগত্যের শিরক সম্পর্কে আলোচনা শেষ করেছি। আমরা এই প্রকার শিরকের ক্ষেত্রে প্রমাণসমূহ উল্লেখ করেছি। আমরা বলেছি, যে ব্যক্তি এই গঠনকৃত আইনসমূহের মাধ্যমে শাসন করার ব্যাপারে সম্মতি দিবে অথবা সন্তুষ্ট হবে সে আল্লাহ عَزَّوَجَلَّ -এর সাথে শিরক করল। শিরকের এই প্রকারটি হচ্ছে আনুগত্যের শিরক। আল্লাহ তা'আলার অনুমতিক্রমে আজ আমরা আলোচনা করব সংবিধান প্রণয়ন সম্পর্কে।

আমি আল্লাহ عَزَّوَجَلَّ -এর সাহায্যে বলছিঃ বিষয়টি অপরিচিত বা অস্পষ্ট নয়। আপনি জানেন যে, ইসলামের অঞ্চলগুলো পশ্চিমা শাসকদের দ্বারা শাসন করা হত।

তারা তাদেরকে একনায়কতন্ত্র নাম দিত। তারা এককভাবে শাসনের অধিকারী ছিল। এরপর গণ্ডগোল ও বিশৃঙ্খলা সংঘটিত হল। কিছু মানুষ ঐ সকল শাসকদের অপসারণ করতে সক্ষম হল এবং বিভিন্ন দল গঠন করা শুরু করল। অতঃপর এই সকল ব্যক্তিরা বিভিন্ন দল গঠন করে গণতন্ত্রের দিকে আহ্বান করা শুরু করল। তারা যে সকল বিষয়ের দিকে আহ্বান করেছিল-এর মধ্যে ছিল আইন পরিবর্তন এবং শাসকদের পরিবর্তন করা। তারা নতুন করে সংবিধান প্রণয়ন কমিটি গঠন করার আহ্বান জানাল। তাই ইরাকে একটি সংবিধান প্রণয়ন কমিটি হল, মিসরে সংবিধান প্রণয়ন কমিটি রয়েছে, তিউনিসিয়ায় সংবিধান প্রণয়ন কমিটি রয়েছে এবং লিবিয়ায় সংবিধান প্রণয়ন কমিটি রয়েছে। এমনিভাবে ঘুরে ঘুরে প্রতিটি দেশে তারা সংবিধান প্রণয়ন কমিটি গঠন করার জন্য কাজ করে যাচ্ছে।

এই কমিটির বাস্তবতা কী এবং তাদের ব্যাপারে শারীয়াহ'র হুকুম কী?

এই সকল কমিটিকে আল্লাহ عَزَّوَجَلَّ -এর সমকক্ষ হিসেবে গণ্য করা হয়। সংবিধান প্রণয়নের জন্য গঠন করা প্রতিটি কমিটিকে আল্লাহর সমকক্ষ গণ্য করা হয়। সুতরাং এই কমিটির ব্যাপারে শারীয়াহ'র হুকুম হচ্ছে এই কমিটি আল্লাহ عَزَّوَجَلَّ -এর সমকক্ষ। আরবী ভাষার অভিধানগুলোতে যেমন "الند" তথা সমকক্ষের অর্থ সম্পর্কে এসেছেঃ প্রতিদ্বন্দ্বী, অনুরূপ এবং সদৃশ।

ইবনে মাসউদ رَضِيَ اللَّهُ عَنْهُ থেকে বর্ণিত আছে, "সমতুল্য।" যেমন ইমাম মাওয়ারদী رَحِمَهُ اللَّهُ তার তাফসীরে উল্লেখ করেছেন। ইমাম মাওয়ারদী رَحِمَهُ اللَّهُ ইবনে আব্বাস رَضِيَ اللَّهُ عَنْهُمَا থেকেও উল্লেখ করেছেন, তিনি বলেছেন, "সমকক্ষ হচ্ছে সমতুল্য।" কিতাব 'আল-আইন'এর লেখক খলিল ইবনে আহমাদ আল-ফারহাদী উল্লেখ করেছেন, যা কোন বিষয়ের অনুরূপ হয় সেটা তার বিরোধী হয়। সমকক্ষ অনুরূপের বিরোধী হয়। এমনিভাবে 'তাজুল আরুস'এ রয়েছেঃ সমকক্ষ আছলের জায়গা পূরণ করে। এমনিভাবে সমকক্ষ সর্বদাই আছলের বিরোধী হয়।

এটা হচ্ছে আরবের ভাষা এবং এটা হচ্ছে সমকক্ষের অর্থ। অর্থাৎ এটা সদৃশ হবে এবং অনুরূপ হবে, আছলের বিরোধী হবে এবং বিপরীত হবে; তবে সমকক্ষতা

কিভাবে প্রকাশ পাবে যদি সেটা আছলের বিপরীত না হয় এবং আছলের বিরোধী না হয়। এটা সমকক্ষ হওয়ার অর্থ।

আর সংবিধান প্রণয়ন কমিটি আল্লাহ **تبارك وتعالى** -এর সমকক্ষ এব্যাপারে দলিলঃ আল্লাহ **تبارك وتعالى** -এর বাণীতে সুরা ইউসুফের ৪০ নং আয়াতে তিনি **عزوجل** বলেন,

﴿إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ ۚ أَمَرَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ ۚ ذَٰلِكَ الدِّينُ الْقَيِّمُ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ﴾

“বিধান দেয়ার ক্ষমতা শুধুমাত্র আল্লাহরই। তিনি নির্দেশ দিয়েছেন যে, তোমরা কেবলমাত্র তারই ইবাদাত করবে, এটাই সুদৃঢ় দ্বীন। কিন্তু অধিকাংশ মানুষ এটা জানে না।”[26]

আপনি কিভাবে এই আয়াত দিয়ে দলিল পেশ করবেন যে, সংবিধান প্রণয়ন কমিটি আল্লাহ **عزوجل** -এর সমকক্ষ? অর্থাৎ তারা তাদের নিজেদেরকে ইলাহ সাব্যস্ত করেছে?

প্রাথমিকভাবে আয়াত শুরু হয়েছেঃ "**إنِ الْحُكْمُ**" এরপর রয়েছেঃ "**إلا لِلَّهِ**" আরবী ভাষার পণ্ডিতগণ বলেন, "**إن**" এরপরে যখন ইছতিছনার হরফ তথা অব্যয় আসে তখন "**إن**" এর অর্থ হয় "**ما نافية**" তথা না বাচক। তাই আয়াতের অর্থ হবেঃ "**ما الحكم إلا لله**" বিধান দেওয়ার ক্ষমতা কেবল আল্লাহর। প্রাথমিকভাবে আমরা আয়াত থেকে এ বিষয়টি বুঝেছি।

যে সময়ে আল্লাহ **عزوجل** অন্যদের থেকে আইন প্রণয়নের বিষয়টি নাকচ করেন তখন ইছতিছনার অব্যয় "**إلا**" উল্লেখ হয়েছে। ইছতিছনার অব্যয়ের পর মহামান্বিত "**الله**" শব্দ রয়েছে। অতএব বিধান দেওয়ার ক্ষমতা নেই - অর্থাৎ মানবজাতির জন্য আল্লাহ **عزوجل** ব্যতীত কেউ আইন প্রণয়ন করবে না।

ইছতিছনার অব্যয়ের পর শুধুমাত্র মহামান্বিত আল্লাহ শব্দ উল্লেখ রয়েছে।

---

[26] সুরা ইউসুফঃ ৪০

অতএব এটা হচ্ছে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বৈশিষ্ট্যাবলীর মধ্য থেকে একটি বৈশিষ্ট্য; অর্থাৎ আমি এর দ্বারা আইন প্রণয়ন উদ্দেশ্য করছি। কারণ আল্লাহ عَزَّوَجَلَّ ইছতিছনার অব্যয়ের পর কেবলমাত্র মহামান্বিত আল্লাহ শব্দ উল্লেখ করেছেনঃ "বিধান দেয়ার ক্ষমতা শুধুমাত্র আল্লাহরই।" অর্থাৎঃ শুধুমাত্র আল্লাহ عَزَّوَجَلَّ এককভাবে বিধিবিধান প্রণয়ন করেন এবং আইন প্রণয়ন করেন।

আইন প্রণয়নের ক্ষেত্রে একক অধিকার আল্লাহর; আল্লাহ عَزَّوَجَلَّ -এর এ বৈশিষ্ট্যের ব্যাপারে দলিল কী? আইন প্রণয়ন করা আল্লাহ عَزَّوَجَلَّ এর বৈশিষ্ট্যসমূহের মধ্য থেকে একটি বৈশিষ্ট্য-এ বিষয়টি আপনি কিভাবে প্রমাণ করবেন?

প্রথম দলিলঃ আয়াতে কারীমা থেকে আমি যা উল্লেখ করেছিঃ "বিধান দেয়ার ক্ষমতা শুধুমাত্র আল্লাহরই।" এখানে আমি একটি বিষয় উল্লেখ করছিঃ না-সূচকের পর ইছতিছনার অব্যয় রয়েছে। আরবী ভাষায় এটা সীমাবদ্ধকরণ হিসেবে পরিচিত। আর সীমাবদ্ধকরণের সর্বোচ্চ উঁচু মানের স্তর হচ্ছেঃ বাক্যটি না বাচক হওয়া আর না -সূচক অব্যয়ের পর ইছতিছনার অব্যয় আসা; অর্থাৎঃ আইন প্রণয়ন করা আল্লাহ عَزَّوَجَلَّ -এর সাথে সীমাবদ্ধ করা হয়েছে। কেননা এটা আরবী ভাষায় সীমাবদ্ধকরণের মাধ্যমসমূহের একটি মাধ্যম।

দ্বিতীয় মাধ্যম হচ্ছেঃ সীমাবদ্ধকরণের অব্যয় "إنما" ব্যবহার করা;

﴿وَ مَنْ يَّكْسِبْ اِثْمًا فَاِنَّمَا يَكْسِبُهٗ عَلٰى نَفْسِهٖ﴾

"যে পাপ কামাই করবে, বস্তুত সে তো নিজের বিরুদ্ধেই তা কামাই করবে।"[27] অর্থাৎঃ সে ব্যতীত অন্য কেউ তা অতিক্রম করবে না। তার সাথে নির্দিষ্ট, তার সাথে সীমাবদ্ধ।

আরবী ভাষায় সীমাবদ্ধকরণের মাধ্যমের তৃতীয় মাধ্যম হচ্ছেঃ এমন বিষয়কে আগে নিয়ে আসা যা পরে থাকা সঠিক হয়। যেমন আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বাণীতে

[27] সুরা নিসাঃ ১১১

রয়েছেঃ

﴿اِيَّاكَ نَعۡبُدُ﴾

“আমরা আপনারই ইবাদাত করি।”[28] আপনি জানেন যে, দমীর তথা সর্বনাম পরে থাকে। যেহেতু এর অবস্থান পরে তাই একে আগে আনা হয়েছে; অতএব এটা সীমাবদ্ধকরণের ফায়দা দিয়েছে। অর্থাৎঃ আমরা আল্লাহ عَزَّوَجَلَّ ব্যতীত অন্য কারো ইবাদাত করি না। আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর সাথে ইবাদাতকে সীমাবদ্ধ করা কিভাবে আমি বুঝলাম? কারণ যা পরে থাকা সঠিক সেটাকে আগে আনা হয়েছে যেমন আয়াতে রয়েছেঃ "إياك نعبد" মূল বাক্য হচ্ছেঃ "نعبد إياك" “আমরা আপনার ইবাদাত করি।” অতএব আয়াতে রয়েছেঃ "إياك نعبد" “আমরা আপনারই ইবাদাত করি।” এটা আরবী ভাষায় সীমাবদ্ধকরণের সবচেয়ে উঁচু মানের স্তর। তাই আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى এই আয়াতে কারীমায় আইন প্রণয়নকে তার সুউচ্চ সত্তার সাথে সীমাবদ্ধ করেছেন। তাহলে এটা প্রথম দলিল যে, “বিধান দেয়ার ক্ষমতা শুধুমাত্র আল্লাহরই।” আইন প্রণয়ন করা আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বৈশিষ্ট্যের অন্তর্ভুক্ত।

অন্য আরেকটি দলিলঃ আরো কিছু আয়াত রয়েছে যেগুলো প্রমাণ করে যে, আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى হুকুম বা বিচার-ফায়সালা করার ক্ষেত্রে একক কর্তৃত্ববান। যেমন আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বাণীতে সুরা শুরার ১০ নং আয়াতে রয়েছেঃ

﴿وَ مَا اخۡتَلَفۡتُمۡ فِيۡهِ مِنۡ شَيۡءٍ فَحُكۡمُهٗۤ اِلَى اللّٰهِ ؕ﴾

“আর তোমরা যে বিষয়েই মতভেদ করা না কেন—এর ফায়সালা তো আল্লাহরই কাছে।” অতএব মতভেদপূর্ণ এবং বিরোধপূর্ণ বিষয়সমূহের ক্ষেত্রে আল্লাহ عَزَّوَجَلَّ ব্যতীত অন্য কেউ আইন বা হুকুম প্রণয়ন করতে পারবে না। “আর তোমরা যে বিষয়েই মতভেদ করা না কেন।” "شيء" তথা “কোন বিষয়” শব্দটি ছোট-বড় বৃহৎ -সূক্ষ্ম সকল বিষয়কে শামিল করে। তাহলে, “আর তোমরা যে বিষয়েই মতভেদ

[28] সুরা ফাতিহাঃ ০৫

করা না কেন—এর ফায়সালা তো আল্লাহরই কাছে।” আল্লাহ ব্যতীত অন্য কারো দিকে নয়। এটা সুরা শুরাতে রয়েছে। আর সুরা আনআমে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى বলেন,

﴿أَفَغَيْرَ اللّٰهِ أَبْتَغِي حَكَمًا﴾

“তবে কি আমি আল্লাহ তা’আলা ছাড়া আর কাউকে ফায়সালাকারী হিসেবে তালাশ করব?”[29] তাহলে আল্লাহ عَزَّوَجَلَّ ব্যতীত অন্য কারো আইন পাওয়া যায় না। এমনিভাবে সুরা কাহাফে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى বলেন,

﴿وَّ لَا يُشْرِكُ فِي حُكْمِهِ أَحَدًا﴾

“তিনি নিজ কর্তৃত্বে কাউকে শরীক করেন না।”[30]

অতএব এখন আমার নিকট দুইটি দলিল রয়েছে। প্রথম দলিলঃ “বিধান দেয়ার ক্ষমতা শুধুমাত্র আল্লাহরই।” আইন প্রণয়ন করা আল্লাহ عَزَّوَجَلَّ -এর বৈশিষ্ট্যসমূহের অন্তর্ভুক্ত—এব্যাপারে দ্বিতীয় দলিল হচ্ছেঃ এই তিনটি আয়াত যেগুলো আমি উল্লেখ করেছি।

আইন প্রণয়ন করা আল্লাহ عَزَّوَجَلَّ -এর বৈশিষ্ট্যসমূহের অন্তর্ভুক্ত—এব্যাপারে **তৃতীয় দলিলঃ** যখন আমি এ আয়াতে দৃষ্টি নিবদ্ধ করিঃ “বিধান দেয়ার ক্ষমতা শুধুমাত্র আল্লাহরই। তিনি নির্দেশ দিয়েছেন যে, তোমরা কেবলমাত্র তারই ইবাদাত করবে।” তখন প্রশ্ন আসে যে,

রাসুল ﷺ আল্লাহ আল্লাহ عَزَّوَجَلَّ -এর পক্ষ থেকে পৌঁছে দেওয়ার জন্য কি আইন প্রণয়ন করতেন নাকি করতেন না? নিশ্চিতভাবেই তিনি আইন প্রণয়ন করতেন। তাহলে কেন এই আয়াতে মহামান্বিত নামের সাথে তার নাম উল্লেখ করা হয়নি? কেন আল্লাহ عَزَّوَجَلَّ বলেননি—“বিধান দেওয়ার ক্ষমতা কেবল আল্লাহর এবং

---

[29] সুরা আনআমঃ ১১৪

[30] সুরা কাহাফঃ ২৬

তার রাসুলের।”? নিশ্চিতভাবেই আল্লাহর রাসুল ﷺ -এর নাম এই স্থান ব্যতীত অন্য স্থানে অন্যান্য আয়াতে যুক্ত করেছেন। যেমন সুরা নুরের ৬২ নং আয়াতে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى বলেন,

﴿اِنَّمَا الْمُؤْمِنُوْنَ الَّذِيْنَ اٰمَنُوْا بِاللّٰهِ وَ رَسُوْلِهٖ وَ اِذَا كَانُوْا مَعَهٗ عَلٰۤى اَمْرٍ جَامِعٍ لَّمْ يَذْهَبُوْا حَتّٰى يَسْتَاْذِنُوْهُ﴾

“মু’মিন তো তারাই যারা আল্লাহ ও তার রাসুলের উপর ঈমান আনে এবং রাসুলের সঙ্গে সমষ্টিগত ব্যাপারে একত্র হলে তারা তার অনুমতি ছাড়া সরে পড়ে না।” অতএব ঈমানের স্থানে মহামান্বিত নাম উল্লেখ করা হয়েছে এবং মহামান্বিত নামের পাশে রাসুলের নাম উল্লেখ করা হয়েছে। “মু’মিন তো তারাই যারা আল্লাহ ও তার রাসুলের উপর ঈমান আনে।” এটা হল ঈমান আনয়ন করার স্থানে।

আর আনুগত্যের স্থানেঃ যেমন সুরা আলে-ইমরানের ১৩২ নং আয়াতে রয়েছেঃ

﴿وَ اَطِيْعُوا اللّٰهَ وَ الرَّسُوْلَ لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ﴾

“আর তোমরা আল্লাহ ও রাসুলের আনুগত্য কর যাতে তোমরা রহমত লাভ করতে পার।” অতএব আনুগত্যের স্থানে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর নামের সাথে রাসুল ﷺ -এর নাম যুক্ত করা হয়েছে। কিন্তু যখন আমরা বিধান বা আইনের আয়াতে আসি তখন দেখতে পাই যে, আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى তার সম্মানিত নাম উল্লেখ করার উপর সীমাবদ্ধ থেকেছেন এবং তিনি তার নামের সাথে রাসুল ﷺ -এর নাম উল্লেখ করেননি।

কিভাবে আপনি প্রমাণ করবেন যে, রাসুল ﷺ আইন প্রণয়ন করতেন অথচ এই আয়াতে তার নাম উল্লেখ করা হয়নি?

এব্যাপারে অনেক দলিল রয়েছেঃ যেমন সুরা আ’রাফের ১৫৭ নং আয়াতে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى ইহুদী ও খ্রিষ্টানদের সম্পর্কে বলেন,

اَلَّذِيْنَ يَتَّبِعُوْنَ الرَّسُوْلَ النَّبِيَّ الْاُمِّيَّ الَّذِيْ يَجِدُوْنَهٗ مَكْتُوْبًا عِنْدَهُمْ فِي التَّوْرٰىةِ وَ الْاِنْجِيْلِ ۫ يَاْمُرُهُمْ بِالْمَعْرُوْفِ

وَيَنْهَىٰهُمْ عَنِ ٱلْمُنكَرِ وَيُحِلُّ لَهُمُ ٱلطَّيِّبَٰتِ وَيُحَرِّمُ عَلَيْهِمُ ٱلْخَبَٰٓئِثَ ﴿١٥٧﴾

"যারা উম্মী নাবী রাসুলের অনুসরণ করে, যার গুণাবলী তারা নিজদের কাছে তাওরাত ও ইঞ্জিলে লিখিত পায়, যে তাদেরকে সৎ কাজের আদেশ করেন ও অসৎ কাজ থেকে নিষেধ করেন এবং তাদের জন্য পবিত্র বস্তু হালাল করেন আর অপবিত্র বস্তু হারাম করেন।" অতএব তাওরাতে আল্লাহর রাসুল ﷺ -এর গুণাবলীর মধ্যে রয়েছে এবং ইঞ্জিলে তার গুণাবলীর মধ্যে রয়েছে যে, তিনি তার উম্মাতের জন্য হালাল সাব্যস্ত করতেন এবং তাদের জন্য নিকৃষ্ট বিষয়সমূহ হারাম সাব্যস্ত করতেন। এটা আইন প্রণয়ন।

ঠিক আছে... এই আইন প্রণয়ন করার ব্যাপারে দলিল কী? অর্থাৎ কিভাবে আপনি প্রমাণ করবেন যে, রাসুল ﷺ কুরআন থেকে বিচ্ছিন্ন হয়ে হালাল সাব্যস্ত করবেন এবং হারাম সাব্যস্ত করবেন?

প্রথম দলিলঃ আল্লাহ تَبَارَكَ وَتَعَالَىٰ -এর বাণীঃ

﴿حُرِّمَتْ عَلَيْكُمُ ٱلْمَيْتَةُ وَٱلدَّمُ﴾

"তোমাদের জন্য হারাম করা হয়েছে মৃত প্রাণী এবং রক্ত।"[31] এটা আমাদের রবের কিতাবে রয়েছে।

আর আমাদের নাবী ﷺ -এর কর্মপদ্ধতিতে এবং আমাদের নাবী ﷺ -এর সুন্নাহ'তে এরকম হাদিস রয়েছেঃ "আমাদের জন্য দুই মৃত বস্তু এবং দুই প্রকার রক্ত হালাল করা হয়েছে। মৃত বস্তু দু'টি হলঃ মাছ এবং টিড্ডী। আর রক্ত দুই প্রকার হলঃ কলিজা এবং প্লীহা।"[32]

তাহলে আল্লাহ عَزَّوَجَلَّ বলেছেন, "তোমাদের জন্য হারাম করা হয়েছে মৃত প্রাণী এবং রক্ত।" এটা আমাদের রবের কিতাবের আইন। আর আমাদের নাবীর

---

[31] সুরা মায়িদাহঃ ০৩

[32] ইবনে মাজাহ, দারে-কুতনী এবং বায়হাক্বী رَحِمَهُ الله বর্ণনা করেছেন।

সুন্নাহ'তে রয়েছে তিনি বলেন, না, আমাদের জন্য দুইটি মৃত বস্তু হালাল করা হয়েছেঃ মাছ এবং টিড্ডি এটাতো পরিচিত। আর দুইটি রক্তঃ কলিজা এবং প্লীহা।

ইমাম ছনআনী رَحِمَهُ ٱللَّٰهُ 'সুবুলাস-সালাম'এ এই হাদিসের ব্যাপারে বলেন, "এটা সঠিক যে, এই হাদিসটি সাহাবী পর্যন্ত মাওকুফ।" অর্থাৎ এটা একজন সাহাবীর উক্তি। কিন্তু আপনি যেমন জানেন, ইমাম ছনআনী বলেছেন, এই ধরনের অনুরূপ হাদিসগুলো মারফুর হুকুমে হবে; কারণ সাহাবী যখন বলেন, "আমাদেরকে আদেশ করা হয়েছে অথবা আমাদেরকে নিষেধ করা হয়েছে।" এটাকে 'মারফু'এর হুকুমে ধরা হবে। তাই এই হাদিসের ব্যাপারে যদিও বলা হয় মাওকুফ - আর এটা সঠিক যে, এই হাদিস মাওকুফ কিন্তু এর হুকুম হচ্ছে মারফু; কারণ সাহাবীর পক্ষে এটা বলা সম্ভব নয় যে, আমাদের জন্য দুইটি মৃত বস্তু হালাল করা হয়েছে অথবা আমাদের জন্য হারাম করা হয়েছে বা এরকম। অতএব এটা সঠিক যে, হাদিসটি মাওকুফ কিন্তু আহলুল হাদিস আলেমগণের নিকট এর হুকুম হচ্ছে মারফু।

এমনিভাবে রাসুল ﷺ মৃত বস্তু সম্পর্কে বলেছেন, যখন তাকে সমুদ্রের পানি সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল যে, আমরা কি অযু করব নাকি করব না? তিনি বলেছেন, "এর পানি পবিত্র এবং এর মৃত বস্তু হালাল।"[33] তাহলে আল্লাহ عَزَّوَجَلَّ বলেছেন, "তোমাদের জন্য হারাম করা হয়েছে মৃত প্রাণী এবং রক্ত।" আর আমরা আমাদের নাবীর সুন্নাহ'তে পাই যে, কিছু মৃত বস্তু আমাদের জন্য হালাল। তাহলে "তিনি তাদের জন্য পবিত্র বস্তু হালাল করেন আর অপবিত্র বস্তু হারাম করেন।" এব্যাপারে এটা একটি দলিল যে, কুরআনে আইন হয় এক বিষয় এবং সুন্নাহ'তে কখনো কখনো সেটা অন্য বিষয় হয়।

অন্য আরেকটি দলিলঃ আল্লাহ تَبَارَكَ وَتَعَالَىٰ সুরা নিসাতে মাহরাম নারীদের আলোচনার পর বলেন,

﴿حُرِّمَتْ عَلَيْكُمْ أُمَّهَٰتُكُمْ وَبَنَاتُكُمْ وَأَخَوَٰتُكُمْ وَعَمَّٰتُكُمْ وَخَٰلَٰتُكُمْ وَبَنَاتُ ٱلْأَخِ وَبَنَاتُ ٱلْأُخْتِ﴾

---

[33] খামসাহ বর্ণনা করেছেন। তিরমিযী বলেন, এই হাদিসটি হাসান সহীহ।

“তোমাদের জন্য হারাম করা হয়েছে তোমাদের মা, মেয়ে, বোন, ফুফু, খালা, ভাইয়ের মেয়ে এবং বোনের মেয়ে।”[34] এরপর আল্লাহ বলেছেন,

﴿وَ اُحِلَّ لَكُمْ مَّا وَرَآءَ ذٰلِكُمْ اَنْ تَبْتَغُوْا بِاَمْوَالِكُمْ مُّحْصِنِيْنَ غَيْرَ مُسٰفِحِيْنَ﴾

“উল্লেখিত নারীগণ ছাড়া অন্য নারীকে অর্থব্যয়ে বিয়ে করতে চাওয়া তোমাদের জন্য বৈধ করা হল, অবৈধ যৌন সম্পর্কের জন্য নয়।”[35] “উল্লেখিত নারীগণ ছাড়া অন্য নারীকে তোমাদের জন্য বৈধ করা হল।” অর্থাৎ এই সকল শ্রেণীর এবং এই সকল নামের যেগুলো আল্লাহ عَزَّوَجَلَّ উল্লেখ করেছেন তাদের কাউকে বিবাহ করা মুসলিমের জন্য জায়েয নয়। আপনি দেখবেন যে, আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى এই আয়াতে যে সকল মাহরাম নারীদের কথা উল্লেখ করেছেন সে অনুযায়ী স্ত্রীর ফুফুকে বিবাহ করা যাবে? বা স্ত্রীর খালাকে কি বিবাহ করা যাবে? আয়াতটি মাহরামদের মধ্য থেকে এই দুই শ্রেণীর কাছে যায়নি। তাই আমরা যদি আল্লাহ عَزَّوَجَلَّ -এর কিতাবের নিকট সীমাবদ্ধ থাকি তাহলে কোন পুরুষের জন্য তার স্ত্রীর ফুফু বা খালাকে বিবাহ করা জায়েয অথবা স্ত্রীর খালাকে বিবাহ করা জায়েয। এটা তখন হবে যখন আমরা আমাদের রবের কিতাবের উপর সীমাবদ্ধ থাকব। আর আমাদের নাবী ﷺ -এর সুন্নাহ’তে রয়েছে যেমন ইমাম মুসলিম رَحِمَهُ اللهُ বর্ণনা করেছেন, তিনি ﷺ বলেছেন, “স্ত্রীর ফুফুকে বিবাহ করা যাবে না এবং তার খালাকেও বিবাহ করা যাবে না।” অতএব এটাও হচ্ছে একটি আইন প্রণয়ন যে আয়াতে নারীদের মধ্য থেকে যাদের বিবাহ করা হারাম করার আয়াতে উল্লেখ করা হয়নি। এটা একটি আইন প্রণয়ন এবং সেটাও একটি আইন প্রণয়ন।

আরো একটি দলিলঃ আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى সুরা নিসাতেই মুসলিমের উপর যে সকল নারীদের বিবাহ করা হারাম তাতে উল্লেখ করেছেন। তিনি বলেন,

﴿وَ اُمَّهٰتُكُمُ الّٰتِيْۤ اَرْضَعْنَكُمْ وَ اَخَوٰتُكُمْ مِّنَ الرَّضَاعَةِ﴾

---

[34] সুরা নিসাঃ ২৩

[35] সুরা নিসাঃ ২৪

"তোমাদের জন্য হারাম করা হয়েছে তোমাদের দুধমাতা ও দুধবোন।"[36] তাহলে আল্লাহ عَزَّوَجَلَّ -এর কিতাবে দুধ পানের মাস'আলায় আপনার আমার উপর ঐ নারীকে বিবাহ করা হারাম যে আপনাকে দুধ পান করিয়েছে। এমনিভাবে ঐ নারীর মেয়েদেরকেও বিবাহ করা হারাম যে আপনাকে দুধ পান করিয়েছে; কারণ এই নারীকে মা হিসেবে গণ্য করা হয় এবং তার মেয়েকে বোন হিসেবে গণ্য করা হয়।

অতএব আমাদের রবের কিতাব দুই প্রকার নারীদের উপর সীমাবদ্ধ থেকেছে - মায়েদের এবং মেয়েদের। এটা আমাদের রবের কিতাবে রয়েছে। আর আমাদের নাবীর সুন্নাহ'তে রয়েছে যেমন ইমাম বুখারি رَحِمَهُ الله আব্দুল্লাহ ইবনে আব্বাস رَضِيَ اللهُ عَنْهُمَا থেকে বর্ণনা করেছেন, তিনি তার পিতা থেকে বর্ণনা করেছেন, রাসুল ﷺ কে বলা হল, কেন তিনি বিবাহ করবেন না অথবা হামজা رَضِيَ اللهُ عَنْهُ -এর মেয়েকে তিনি কেন বিবাহ করবেন না। তিনি বললেন, "সে আমার জন্য হালাল নয়। বংশের কারণে যা হারাম হয় দুধ পানের কারণেও তা হারাম হয়। আর সে আমার দুধভাইয়ের মেয়ে।"[37]

"সে আমার দুধ ভাইয়ের মেয়ে।" তাহলে আপনি পেলেন যে, আল্লাহ عَزَّوَجَلَّ -এর কিতাবে রয়েছে মা এবং বোন। আর ভাইয়ের মেয়ের কথা আল্লাহ عَزَّوَجَلَّ -এর কিতাবে উল্লেখ হয়নি। কোথায় উল্লেখ হয়েছে? আল্লাহর রাসুল ﷺ -এর হাদিসে উল্লেখ হয়েছে। অতএব এটা একটি আইন প্রণয়ন করা এবং সেটাও একটি আইন প্রণয়ন করা।

আরেকটি দলিলঃ ইমাম বুখারি رَحِمَهُ الله এবং মুসলিম رَحِمَهُ الله ইবনে ওমর رَضِيَ اللهُ عَنْهُمَا -এর হাদিস বর্ণনা করেছেন, তিনি বলেন, "রাসুল ﷺ খায়াবারের বছর গৃহপালিত গাধার মাংস খেতে নিষেধ করেছেন।" প্রত্যেকের জন্য গৃহপালিত গাধার মাংস খাওয়া হারাম। আপনি যদি গাধার মাংস হারাম হওয়ার ব্যাপারে অনুসন্ধান

---

[36] সুরা নিসাঃ ২৩

[37] এটা বুখারির শব্দ।

করেন তাহলে আল্লাহ عَزَّوَجَلَّ -এর কিতাবে আপনি এটা কোন বক্তব্য আঁকাড়ে পাবেন না। আপনি কেবল এটা আল্লাহর রাসুল ﷺ -এর সুন্নাহ'তে পাবেন। তাহলে এটা একটি আইন প্রণয়ন। এমন একটি হুকুম যা ঐ সকল হুকুমের সাথে যুক্ত হয় যেগুলো আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর কিতাবে বর্ণিত হয়েছে।

অতএব এই দলিলগুলো এখন আমার জন্য এবং আপনার জন্য প্রমাণ করল যে, আল্লাহ عَزَّوَجَلَّ -এর পক্ষ থেকে পৌঁছে দেওয়ার জন্য রাসুল ﷺ আইন প্রণয়ন করতেন। এসত্ত্বেও ঐ আয়াতে তার নাম উল্লেখ করা হয়নিঃ "বিধান দেয়ার ক্ষমতা শুধুমাত্র আল্লাহরই।" বলা হয়নি এবং তার রাসুলের জন্যও। কেন?

প্রথম কারণঃ কেননা আইন প্রণয়ন করা কেবলমাত্র আল্লাহ عَزَّوَجَلَّ -এর বৈশিষ্ট্যের অন্তর্ভুক্ত। এটা হচ্ছে আয়াতে রাসুল ﷺ -এর নাম উল্লেখ না করার প্রথম কারণ।

দ্বিতীয় কারণঃ রাসুল ﷺ -এর মাধ্যমে আমাদের নিকট যা এসেছে তা তিন ভাগে বিভক্তঃ

আমাদের নিকট কুরআনের মাধ্যমে এসেছে। আর এর পরিচয়ঃ শব্দ এবং অর্থ আল্লাহ عَزَّوَجَلَّ এর পক্ষ থেকে।

আমাদের নিকট নাবী ﷺ -এর মাধ্যমে হাদিসে কুদসী এসেছে। হাদিসে কুদসীর পরিচয় - আলেমগণের দেওয়া একটি পরিচয় হচ্ছেঃ শব্দ এবং অর্থ আল্লাহ عَزَّوَجَلَّ -এর পক্ষ থেকে। হাদিসে কুদসী এবং কুরআনে আল্লাহ عَزَّوَجَلَّ -এর আয়াতসমূহের মাঝে পার্থক্য থাকা সত্ত্বেও। তাহলে এটাও আল্লাহ عَزَّوَجَلَّ -এর পক্ষ থেকে।

আমাদের নিকট রাসুল ﷺ -এর মাধ্যমে হাদিসে নববী এসেছে। এই সকল হাদিসের পরিচয় হচ্ছেঃ শব্দ রাসুল ﷺ -এর পক্ষ থেকে আর অর্থ আল্লাহ عَزَّوَجَلَّ -এর পক্ষ থেকে।

তাহলে এখন প্রাপ্ত ফলাফল হচ্ছেঃ কুরআন আল্লাহর পক্ষ থেকে, হাদিসে

কুদসী আল্লাহর পক্ষ থেকে। হাদিসে নববীঃ অর্থ আল্লাহর পক্ষ থেকে; এই কারণেই ঐ আয়াতে রাসুল ﷺ -এর নাম উল্লেখ করা হয়নি। কারণ প্রতিটি তাবলীগ তথা দাওয়াহ আল্লাহ عَزَّوَجَلَّ -এর পক্ষ থেকে এসেছে। এর দলিল সুরা নাজমের ৩-৪ নং আয়াতে রয়েছে। আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى বলেন,

﴿وَ مَا يَنۡطِقُ عَنِ الۡهَوٰی ۞ اِنۡ هُوَ اِلَّا وَحۡیٌ یُّوۡحٰی﴾

“আর তিনি মনগড়া কথা বলেন না। তাতো কেবল ওহী, যা তার প্রতি ওহীরূপে প্রেরিত হয়।” অতএব এমন প্রতিটি বিষয় যা আমাদের নিকট আসে তা কেবলই ওহী।

এমনিভাবে ইমাম আহমাদ رَحِمَهُ اللهُ আল্লাহর রাসুল ﷺ -এর হাদিস বর্ণনা করেছেন। তিনি বলেন, আল্লাহর রাসুল ﷺ বলেছেন, “জেনে রাখ, নিশ্চয়ই আমাকে কুরআন এবং এর সাথে এর অনুরূপ দেওয়া হয়েছে।”

অতএব আমার নিকট প্রমাণিত হল যে, রাসুল ﷺ আইন প্রণয়ন করতেন আল্লাহ عَزَّوَجَلَّ এর পক্ষ থেকে পৌঁছে দেওয়ার জন্য। এজন্য আয়াতে কারীমায় তার নাম উল্লেখ হয়নিঃ “বিধান দেয়ার ক্ষমতা শুধুমাত্র আল্লাহরই।”

তাহলে এর মাধ্যমে আমরা যে ফলাফল বের করতে পারি তা হলঃ আমি যে বিষয় উল্লেখ করেছি–এর প্রত্যেকটি নিশ্চিত করে যে, আইন প্রণয়ন করা আল্লাহ عَزَّوَجَلَّ -এর বৈশিষ্ট্যসমূহের অন্তর্ভুক্ত। তিনি স্বতন্ত্রভাবে এই বৈশিষ্ট্য তার সৃষ্টির কারো জন্য নির্ধারণ করেননি। এমনকি আল্লাহর রাসুল ﷺ -এর জন্যেও না।

এখন আমরা আসব সংবিধান প্রণয়ন কমিটির প্রসঙ্গেঃ

এই ব্যক্তিরা আইন প্রণয়ন করে। কিন্তু আল্লাহ عَزَّوَجَلَّ -এর জন্য সমকক্ষতার প্রতিচ্ছবির অধীনে তারা এমন কিছু আইন নিয়ে এসেছে যেগুলো আল্লাহ عَزَّوَجَلَّ -এর আইনের বিপরীত এবং বিরোধী। তারা প্রমাণ করেছে যে, তারা আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর সমকক্ষ। আপনি কিভাবে এই কথা প্রমাণ করবেন?

এখানে ইরাকী সংবিধানের একটি ধারা রয়েছেঃ আপনি লক্ষ্য করুন, এই ধারাটি কী বলেছে, ইরাকী সংবিধানের দ্বিতীয় অনুচ্ছেদের ১৯ তম ধারা। এই আইনী সংবিধানের উপর ২০০৫ খ্রিষ্টাব্দে ভোটাভুটি হয়েছিল। আর মানুষ এই সংবিধানের ব্যাপারে "হ্যাঁ" বলেছিল। ইরাকী সংবিধানের দ্বিতীয় অনুচ্ছেদের ১৯ তম ধারা বলেছে, **"অধ্যাদেশ** -অর্থাৎ আইনী অধ্যাদেশ- **বহির্ভূত কোন অপরাধ এবং কোন দণ্ড নেই। এমন কাজের ক্ষেত্রে কেবল দণ্ড হবে উক্ত কাজ সম্পাদন কালে আইন যেটাকে অপরাধ হিসেবে গণ্য করে। অপরাধ সম্পাদন করার মূহুর্তে বাস্তবায়িত দণ্ড থেকে অধিক কঠোর দণ্ড বাস্তবায়ন করা** -অর্থাৎ প্রয়োগ করা- **বৈধ নয়।"**

এই আইনী ধারার মাধ্যমে আপনি কিভাবে প্রমাণ করবেন যে, সংবিধান প্রণয়ন কমিটি নিজেদেরকে আল্লাহ **تَبَارَكَ وَتَعَالَى** -এর সাথে সমকক্ষ স্থির করেছে?

প্রথম সূত্র লক্ষ্য করুনঃ "অধ্যাদেশ বহির্ভূত কোন অপরাধ এবং দণ্ড নেই।" তাদের কিছু পণ্ডিত আছে যাদেরকে তারা আইনজ্ঞ নামে আখ্যায়িত করে–ওয়াল-ইয়াযুবিল্লাহ্। "অধ্যাদেশ বহির্ভূত কোন অপরাধ এবং দণ্ড নেই" এর অর্থ হল -অর্থাৎ সংবিধান প্রণয়ন কমিটি অপরাধ প্রণয়ন করে। তাই সংবিধান প্রণয়ন কমিটি যে কাজের ব্যাপারে বলবে যে, এই কাজকে অপরাধ হিসেবে গণ্য করা হবে তখন এই কাজকে অপরাধ হিসেবে গণ্য করা হবে। আর যখন তারা ঐ কাজের ব্যাপারে বলবে না যে, এটা অপরাধ তখন ইরাকী আইনে সেই কাজকে অপরাধ হিসেবে গণ্য করা হবে না। স্বভাবতই যে সকল আইনের মাধ্যমে এখন মুসলিমদের দেশগুলোতে কাজ করা হয়–এর সবগুলোই এই ধারার ভিত্তিতে।

এরপর যখন সংবিধান প্রণয়ন কমিটি অপরাধসমূহ নির্ধারণ করে তখন তারা এই অপরাধের ব্যাপারে দণ্ড প্রণয়ন করার যথার্থতা তাদের নিজেদের জন্য অর্পণ করে। পরিমাণ নির্ধারণ করার দিক থেকে, সংখ্যা নির্ধারণ করার দিক থেকে অথবা এছাড়াও অন্যান্য দিক থেকে... অর্থাৎ তারা উক্ত অপরাধের ব্যাপারে দণ্ডের প্রকার নির্ধারণ করে।

উদাহরণঃ সালাত পরিত্যাগ করা অপরাধ নয়; অতএব এর কোন শাস্তি নেই।

আইন এর কোন সাজা দেয় না। কারণ সংবিধান প্রণয়ন কমিটি অপরাধসমূহ নির্ধারণ করে। নিশ্চিতভাবেই আপনি যখন ইরাকী সংবিধানে অপরাধ সম্পর্কে অনুসন্ধান করবেন তখন আপনি খুঁজে পাবেন না যে, সালাত পরিত্যাগ করা কোন অপরাধ; অতএব সংবিধান প্রণয়ন কমিটি সালাত পরিত্যাগ করাকে কোন অপরাধ হিসেবে গণ্য করে না। এজন্য তারা এমন ব্যক্তির উপর কোন শাস্তি নির্ধারণ করেনি যে সালাত পরিত্যাগ করে। এটা একটি উদাহরণ।

অন্য আরেকটি উদাহরণঃ দ্বীন পরিবর্তন করা–ওয়াল-ইয়াযুবিল্লাহ্। একজন মুসলিম ইয়াযিদী হয়ে গেল। ইরাকী সংবিধানে এটাকে কোন অপরাধ হিসেবে গণ্য করা হয় না। কেন? কারণ এটা একটি গণতান্ত্রিক রাষ্ট্র। আর গণতন্ত্রের ভিত্তিসমূহের একটি হচ্ছেঃ বিশ্বাসের স্বাধীনতা। অর্থাৎঃ মানুষের ইচ্ছানুযায়ী তারা যেকোনো ধর্ম থেকে মত গ্রহণ করতে পারবে। তাই সংবিধান প্রণয়ন কমিটি ধর্ম পরিবর্তন করাকে অপরাধ হিসেবে গণ্য করে না; সেক্ষেত্রে এমন কোন মুসলিমের উপর কোন শাস্তি নেই যে তার দ্বীন পরিবর্তন করে অন্য ধর্মে চলে যায়। আর রাসুল ﷺ বলেছেন, “যে ব্যক্তি তার দ্বীন পরিবর্তন করবে তোমরা তাকে হত্যা কর।”[38]

যিনা-ব্যভিচারঃ কয়েকটি শর্ত ব্যতীত যিনাকে অপরাধ হিসেবে গণ্য করা হয় না। আর এই সকল শর্ত উদ্ভাবন করেছে সংবিধান প্রণয়ন কমিটি। তারা বলে যিনা স্বয়ং কোন অপরাধ নয়, সত্তাগতভাবে যিনা কোন অপরাধ নয় যখন শর্তসমূহ পূরণ হবে। আর যখন এই সকল শর্ত থেকে কোন শর্ত ত্রুটিযুক্ত হবে তখন ঐ সময় যিনাকে অপরাধ হিসেবে গণ্য করা হবে।।

প্রথম শর্তঃ তারা বলে, নারীটি বালেগা হতে হবে। তাই যখন সে নাবালেগা হবে এবং কেউ তার সাথে যিনা করবে তখন এটা অপরাধ হবে। আর যদি সে বালেগা হয় এরপর সে যিনা করে তাহলে এটাকে অপরাধ হিসেবে গণ্য করা হবে না। অর্থাৎ প্রথম শর্তটি নারীর ক্ষেত্রে বাস্তবায়িত হয়।

দ্বিতীয় শর্তঃ তারা বলে, নারীর সম্মতিতে হতে হবে। অর্থাৎ যখন যিনার

[38] মুসনাদে আহমাদ

ব্যাপারে তাকে বাধ্য করা হবে তখন এটা অপরাধ হবে। আর যখন সে এ সম্মতি দিবে, যে ইচ্ছা তার সাথে অশ্লীলতা করতে পারবে তখন আইনে এটাকে অপরাধ হিসেবে গণ্য করা হবে না।

তৃতীয় শর্তঃ তারা বলে, উপযোগী স্থানে হতে হবে–সার্বজনীন নৈতিকতার বিবেচনায়। তাহলে নারী বালেগা হতে হবে, তার সম্মতিতে হতে হবে, উপযোগী স্থানে হতে হবে; মিসরী আইনে রয়েছে যার মাধ্যমে মিসরের মুরজিয়ারা এবং ইখওয়ানরা শাসন করে-এই আইনে রয়েছেঃ

আইনের ভাষ্যঃ যখন পুলিশ একজন পুরুষ এবং একজন নারীকে গাড়ির ভিতরে যিনা করতে দেখবে তখন পুলিশের জন্য তাদের দু'জনের উপরের গ্লাসে কড়া নাড়া বৈধ নয়; কারণ গাড়ির নিরাপত্তা বাড়ির নিরাপত্তার মতই। তাহলে হে কমিটি কখন তোমরা যিনাকে অপরাধ হিসেবে গণ্য করবে? ভাই! আপনি শুধু একটি বিষয় লক্ষ্য করুনঃ যখন সে যিনার মজুরী নিবে আর সে আইনগতভাবে অনুমোদিত নয়! যখন একজন মহিলা যিনা করবে এবং সে যিনার মজুরী নিবে আর তার কাছে যিনার পেশাগত লাইসেন্স নেই তখন আইন তাকে শাস্তি দিবে তার লাইসেন্স না থাকার জন্য তার যিনার জন্য নয়। সে পেশাগতভাবে একটি ব্যবসা করছে অথচ সে আইনগতভাবে অনুমোদিত নয়। এই আইন সংবিধান প্রণয়ন কমিটি তৈরি করেছে। এই বক্তব্য মিসরের সংবিধানে রয়েছে। আমি মিসরের ব্যাপারে জোর দিচ্ছি; কারণ অনিষ্টতার উৎপত্তি মিসর থেকে। আমি মিসরবাসীদের উদ্দেশ্য করছি না - তারা এ থেকে অনেক দূরে - কিন্তু এই ধরনের চিন্তা-ভাবনা সেখান থেকে বের হয়েছে। অনিষ্টতার উৎপত্তি সেখান থেকে–ওয়াল-ইয়াযুবিল্লাহ

মিসরে - মিসরের ইখওয়ান–আমরা তাদেরকে ইখওয়ানুল মুসলিমীন নামে আখ্যায়িত করব না... করব ইখওয়ানুল মিসর তথা মিসরের ইখওয়ান, কিবতিদের ইখওয়ান এবং অন্যান্যদের ইখওয়ান - তারা তাদের পাগড়ীধারী নেতাদের একজনকে মিসরীয় পার্লামেন্টে নিয়ে গেল। লোকটিকে পার্লামেন্টে যাওয়ার জন্য প্রার্থী করা হল। আমি ঐ ব্যক্তির ডায়েরী পড়েছি কারণ সে এরপর তাওবা করেছে। সে তার নাগরিকদের খোঁজখবর নেওয়া শুরু করল কে তাকে পার্লামেন্টে যাওয়ার

জন্য ভোট দিবে। তার ঘুরাফেরার স্থানের কারণে সে এক পুলিশ স্টেশনে গেল। এই লোকটি তার ডায়েরীতে এভাবে বলেছেঃ

সে বলেছে, আমি পুলিশ স্টেশনে প্রবেশ করে খোঁজখবর নেওয়া শুরু করলাম। আমি একটি কামরা দেখতে পেলাম যেটাতে গাদাগাদি করে মহিলা ভরতি ছিল। আমি স্টেশনের এক দায়িত্বশীল অফিসারকে বললাম, এই মহিলাদের সমস্যা কী? সে বলল, হে শাইখ! তারা যিনাকারী। অতঃপর আমি ডানে-বামে তাকালাম কিন্তু পুরুষদের দেখতে পেলাম না। আমি বললাম, তাহলে পুরুষ যিনাকারীরা কোথায়? যদি এই মহিলা যিনাকারী হয় তাহলে পুরুষ যিনাকারী কোথায়? সে বলল, হে শাইখ! আপনি ভুলে গেছেন, আপনিই তো পার্লামেন্টে স্বীকৃতি দিয়েছেন যে, একজন মহিলা যখন যিনা করবে এবং যিনার জন্য মজুরী নিবে এই অবস্থায় যে, সে আইনগতভাবে অনুমোদিত নয় তখন তাকে শাস্তি দেওয়া হবে। এই সকল মহিলাদেরকে নিয়ে আসা হয়েছে তারা যিনা করেছে এবং যিনার মজুরী নিয়েছে। আর আমরা যখন তাদের নিকট পেশাগত কাজের লাইসেন্স চাইলাম তখন আমরা পেলাম না। তাই আমরা তাদেরকে আইন অনুযায়ী শাস্তি দেওয়ার জন্য নিয়ে এসেছি। ঐ স্থান থেকে লোকটি ফিরে এসে আল্লাহ عَزَّوَجَلَّ -এর নিকট তাওবা করেছে এবং পার্লামেন্ট বর্জন করেছে। সে তার ডায়েরীতে এই বিষয়ে লিখেছে।

অতএব যখন সংবিধান প্রণয়ন কমিটি এই সকল আইন প্রণয়ন করে তখন কি এগুলো সমকক্ষতা নয় যার অর্থ আমি আপনার কাছে উল্লেখ করেছি।

অতএব “**অধ্যাদেশ বহির্ভূত কোন অপরাধ নেই এবং কোন শাস্তি নেই।**” - আপনি ধারার বাক্যটি লক্ষ্য করুন - “**এমন কাজের ক্ষেত্রে কেবল শাস্তি হবে উক্ত কাজ সম্পাদন করার সময় আইন যেটাকে অপরাধ হিসেবে গণ্য করে।**” এই ধারার এই অংশের অর্থ কী?

কখনো কখনো সংবিধান প্রণয়ন কমিটি কতিপয় অপরাধের ব্যাপারে গাফেল থাকে। অর্থাৎ কিছু অপরাধ থাকে কিন্তু তারা ঐ কাজকে অপরাধ হিসেবে নির্ধারণ করেনি এবং তারা ঐ অপরাধের জন্য কোন শাস্তিও প্রণয়ন করেনি। একজন মানুষ

এই অপরাধ সম্পাদন করল আর আইন এই অপরাধের ব্যাপারে কোন বক্তব্য দেয়নি এবং শাস্তির ব্যাপারেও না। তাহলে কী বলা হবে? বলা হবে, যে লোকটি এই অপরাধ সম্পাদন করেছে তাকে অপরাধী হিসেবে গণ্য করা হবে না; কারণ আইন প্রণেতা এই কাজকে অপরাধ হিসেবে গণ্য করতে ভুলে গিয়েছে। এরপর এই অপরাধের ব্যাপারে শাস্তি প্রণয়ন করতে ভুলে গিয়েছিল।

আইনের তৃতীয় ধারা বলেছে, এরপর যখন আইন প্রণেতা এই কাজকে অপরাধ হিসেবে গণ্য করবে অর্থাৎ এই কাজ উন্মোচিত হওয়ার পর তখন তারা এই কাজকে অপরাধ হিসেবে গণ্য করবে এবং এই অপরাধের ব্যাপারে শাস্তি প্রণয়ন করবে। আর ঐ ব্যক্তি যে আইন প্রণয়নের পূর্বে এই অপরাধ সম্পাদন করেছে তাকে কি শাস্তি দেওয়া হবে নাকি হবে না? সংবিধান প্রণয়ন কমিটি - ন্যায়বিচার ও ইনসাফের ভিত্তিতে - বলে, না এই ব্যক্তিকে শাস্তি দেওয়া হবে না। কেন? কমিটি বলে, কারণ আমরা এই কাজকে অপরাধ হিসেবে বর্ণনা করার পূর্বে এবং এই কাজের ব্যাপারে শাস্তি প্রণয়ন করার পূর্বে লোকটি এই কাজ সম্পাদন করেছে। তাই আমরা তাকে শাস্তি দিব না। কারণ তার কাজটি ইতিপূর্বে আমাদের আইনে ছিল না। এই সকল ধারা সংবিধান প্রণয়ন কমিটি লিপিবদ্ধ করে।

এরচেয়ে আরো নিকৃষ্ট একটি ধারা ইরাকী সংবিধানে প্রকাশিত হয়েছে। এই ধারাটি দুই পত্রিকায় ছাপা হয়েছিল। আমি ঐ পত্রিকা সংগ্রহ করেছিলাম। একটি পত্রিকার নাম হচ্ছে 'দারুস-সালাম'। আর আপনি জানেন এই পত্রিকাটি কাদের। পত্রিকাটি 'হিযবুল ইরাকী'এর। আমেরিকান একটি পত্রিকায় ২০০৫ সালে ইরাকী সংবিধানের লিখিত বক্তব্য ছেপেছিল। আমেরিকান বাহিনী কয়েক প্লাটুন সৈন্য নামিয়ে আমেরিকান পত্রিকার একটি কপি মানুষকে নিতে বাধ্য করেছিল। এমনকি তারা ইরাকী সংবিধানের পাণ্ডুলিপি প্রকাশ করেছিল। এমনিভাবে 'দারুস-সালাম' পত্রিকা এই সংবিধান ছাপানোর মর্যাদা নিয়েছিল।

পত্রিকায় বিদ্যমান ধারাটির বক্তব্য ছিল এরকম। আমি ধারাটির ক্রমিক নং স্মরণ করতে পারছি না। বক্তব্য এরকম ছিলঃ

“যখন আইন-সম্পর্কিত কর্তৃপক্ষ কোন আইন প্রণয়ন করবে তখন এই আইন অন্য যেকোনো আইনের ঊর্ধ্বে অবস্থান করবে–এই দুইয়ের মাঝে অসঙ্গতির সময় সেটা যেকোনো দিক থেকেই হোক না কেন।”

“যখন আইন-সম্পর্কিত কর্তৃপক্ষ কোন আইন প্রণয়ন করবে।” এখানে আইন -সম্পর্কিত কর্তৃপক্ষ দ্বারা উদ্দেশ্য হচ্ছে পার্লামেন্টের সদস্যরা। তারাও আল্লাহ عَزَّوَجَلَّ -এর সমকক্ষ হয়। সুতরাং সংবিধান প্রণয়ন কমিটি সমকক্ষতার বিষয়টি পার্লামেন্টের জন্যও দিয়ে দিয়েছে। কারণ বিগত চার বছর ধরে নতুন বিষয়ে আইন প্রণয়ন করা পার্লামেন্টের সদস্যদের অধিকার তাদের - সংবিধান প্রণয়ন কমিটির - অধিকার নয়। কেননা আইন হচ্ছে সীমিত। বিগত চার বছরে অনেক বিষয় ঘটেছে। আর আইন এই সকল ঘটমান বিষয় মিটাতে পারে না। তাই পার্লামেন্টের সদস্যরা আইন প্রণয়নের উদ্যোগ গ্রহণ করে। কে তাদেরকে এই ক্ষমতা প্রদান করল? সংবিধান প্রণয়ন কমিটি প্রদান করেছে।

“যখন আইন-সম্পর্কিত কর্তৃপক্ষ কোন আইন প্রণয়ন করবে তখন এই আইন অন্য যেকোনো আইনের ঊর্ধ্বে অবস্থান করবে–এই দুইয়ের মাঝে অসঙ্গতির সময় সেটা যেকোনো দিক থেকেই হোক না কেন।” এই ধারাটি পাণ্ডুলিপিতে বিদ্যমান আছে। যে ২০০৫ সালের পত্রিকা অধ্যয়ন করবে সে আমার উল্লেখিত বক্তব্য পত্রিকায় পেয়ে যাবে। কিন্তু এরপর যখন তারা পুনরায় সংবিধান প্রণয়ন করেছে তখন তারা সংবিধান থেকে এই ধারাটি মুছে ফেলেছে। এখন এই ধারাটি সংবিধানে পাওয়া যাবে না। কিন্তু সংবিধান থেকে এই ধারাটি মুছে ফেলার অর্থ এই নয় যে, এই সকল তাগুত শাসকরা এই ধারা অনুযায়ী কাজ করে না। ধারাটি বিলুপ্ত কিন্তু এটা কার্যকর। কিভাবে?

এখন কিছু মানুষ যদি বলে, আমরা চোরের হাত কাটতে চাই তখন পার্লামেন্টের প্রতিটি সদস্য এর বিরোধিতা করবে। ঐ দ্বিতীয় অনুচ্ছেদের ১৯ তম ধারার ভিত্তিতে - “অধ্যাদেশ বহির্ভূত কোন অপরাধ এবং কোন শাস্তি নেই।” তারা বলবে, ইরাকী আইনে লেখা আছে যে, চুরি করা একটি অপরাধ। কিন্তু চুরি করার শাস্তি হাত কাটা–এটা লেখা নেই। লেখা আছে চুরির শাস্তি হচ্ছে কারারুদ্ধ করা।

অতএব যদিও তারা এই ধারাটি উঠিয়ে দিয়েছে কিন্তু তারা এখনো এই ধারা অনুযায়ী কাজ করছে এবং কাজ চালিয়ে যাচ্ছে। এই ভিত্তিতে যে, সংবিধানের বিপরীত করা কারো জন্য সম্ভব নয়।

কিন্তু সমস্যা কোথায়? যে সকল আইন তারা প্রণয়ন করেছে সেগুলোর ক্ষেত্রে তারা শর্তারোপ করে যে, যখন এই সকল আইন অন্য কোন আইনের সাথে অসঙ্গতি হবে তখন পার্লামেন্টের প্রণয়নকৃত আইন ঐ আইনের উর্ধ্বে অবস্থান করবে। তারা এতেই সীমাবদ্ধ থাকেনি। বরং তারা বলেছে, "সেটা যেকোনো দিক থেকেই হোক না কেন।"

আমি উদাহরণের মাধ্যমে আপনার সামনে চিত্রায়িত করছিঃ আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى বলেছেন,

﴿وَ السَّارِقُ وَ السَّارِقَةُ فَاقْطَعُوْٓا اَيْدِيَهُمَا جَزَآءًۢ بِمَا كَسَبَا نَكَالًا مِّنَ اللّٰهِ ؕ وَ اللّٰهُ عَزِيْزٌ حَكِيْمٌ﴾

"আর পুরুষ চোর ও নারী চোর–তাদের উভয়ের হাত কেটে দাও; তাদের কৃতকর্মের ফল ও আল্লাহর পক্ষ থেকে দৃষ্টান্তমূলক শাস্তি হিসেবে। আর আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।"[39] সংবিধান প্রণয়ন কমিটি হচ্ছে আল্লাহ عَزَّوَجَلَّ -এর সমকক্ষ, তারা তার বিরোধিতা করছে এবং বিপরীত করছে। তারা বলছে, পুরুষ চোর এবং নারী চোরকে কারারুদ্ধ করা হবে অথবা তারা চুরির ক্ষতিপূরণ দিবে।

তাহলে হয়তো কারারুদ্ধ করা হবে অথবা বস্তুগত জরিমানা করা হবে। এখন এই আইন–"আর পুরুষ চোর ও নারী চোর–তাদের উভয়ের হাত কেটে দাও" এবং "তাদের কারারুদ্ধ করা হবে অথবা জরিমানা পরিশোধ করবে" আইনের মাঝে অসঙ্গতি হয়েছে। যেহেতু এই দু'টি পরস্পর বিরোধ হয়েছে তাই কার আইন উর্ধ্বে অবস্থান করবে? তাগুতের আইন উর্ধ্বে অবস্থান করবে; "তখন এই আইন অন্য যেকোনো আইনের উর্ধ্বে অবস্থান করবে।"

---

[39] সুরা মায়িদাহঃ ৩৮

এরপর আইন বলেছে, “সেটা যেকোনো দিক থেকেই হোক না কেন।” ঠিক আছে... এই আইনটি তো আমাদের রবের পক্ষ থেকে। হে আইন প্রণেতা তুমি কী বলবে? এখন আপনি আমার সাথে সমকক্ষের অর্থ পুনরায় বলুন, তা হচ্ছে অনুরূপ, সদৃশ, প্রতিদ্বন্দ্বী, বিরোধী যে আসলের জায়গা পূরণ করে; তাহলে সংবিধান প্রণয়ন কমিটি হচ্ছে ইলাহ তথা উপাস্য বরং তারা আল্লাহ عَزَّوَجَلَّ -এর সমকক্ষ। তাই মনে হয় যেন আয়াতটি তাদের মতে– আল্লাহ عَزَّوَجَلَّ তার রাসুল ﷺ -এর জন্য এই আয়াতে উল্লেখ করার মত কোন ক্ষেত্র রাখেননি কিন্তু কুরআনের বাহিরে এই সকল লোকদের মতে মনে হয় আয়াতটি এরকমঃ

إن الحكم إلا للجنة كتابة الدستور، إن الحكم إلا لأعضاء البرلمان وإن الحكم إلا لبعض شيوخ العشائر

অর্থঃ বিধান দেওয়ার ক্ষমতা কেবলমাত্র সংবিধান প্রণয়ন কমিটির, বিধান দেওয়ার ক্ষমতা কেবলমাত্র পার্লামেন্টের সদস্যদের এবং বিধান দেওয়ার ক্ষমতা কেবলমাত্র গোত্রের কতিপয় মুরুব্বীদের।

অতএব আপনি এখান থেকেই জানতে পারবেন কিভাবে আপনি ইস্তিদলাল তথা এই আয়াত দিয়ে এই দলিল পেশ করতে পারবেন যে, সংবিধান প্রণয়ন কমিটি আল্লাহ عَزَّوَجَلَّ -এর সমকক্ষ। আমরা আয়াতের বাকি অংশ পূর্ণ করবঃ

আল্লাহ تَبَارَكَ وَتَعَالَىٰ এরপর বলেছেন,

﴿أَمَرَ أَلَّا تَعْبُدُوٓا۟ إِلَّآ إِيَّاهُ﴾

“তিনি নির্দেশ দিয়েছেন যে, তোমরা কেবলমাত্র তারই ইবাদাত করবে।” “তোমরা ইবাদাত করবে”–এর অর্থ হচ্ছেঃ তোমরা আনুগত্য করবে। অর্থাৎঃ তিনি আদেশ করেছেন তোমরা কেবলমাত্র আল্লাহ عَزَّوَجَلَّ -এর আনুগত্য করবে।

যেহেতু এখানে আনুগত্যটি শাসন প্রসঙ্গে বর্ণিত হয়েছেঃ তাই আমরা আয়াত থেকে এভাবে বুঝব যে, তিনি আদেশ করেছেন তোমরা কেবলমাত্র তার আইনের নিকট বিচার চাইবে। “বিধান দেয়ার ক্ষমতা শুধুমাত্র আল্লাহরই।” আয়াতটি শাসনের

ব্যাপারে। এরপর তিনি কী বলেছেন? “তিনি নির্দেশ দিয়েছেন যে, তোমরা কেবলমাত্র তারই ইবাদাত করবে।” অর্থাৎঃ তোমরা আইনসমূহের ক্ষেত্রে কেবলমাত্র আল্লাহ **عَزَّوَجَلَّ** -এর আনুগত্য করবে যেগুলো তিনি প্রণয়ন করেছেন। এরপর তিনি বলেছেন, "ذَٰلِكَ الدِّينُ الْقَيِّمُ" -“এটাই সুদৃঢ় দ্বীন।” আপনি জানেন যে, "**ذلك**" একটি ইসমে ইশারা তথা ইঙ্গিতবাচক বিশেষণ। আর ইসমে ইশারা মুশারুন ইলাইহি দাবি করে। এখানে মুশারুন ইলাইহি হচ্ছেঃ আয়াতের শুরুর অংশগুলো। “বিধান দেয়ার ক্ষমতা শুধুমাত্র আল্লাহরই। তিনি নির্দেশ দিয়েছেন যে, তোমরা কেবলমাত্র তারই ইবাদাত করবে।” তাই যারা আল্লাহ **عَزَّوَجَلَّ** -এর জন্য শাসন ক্ষমতাকে স্বীকৃতি দিল অতঃপর আল্লাহ **عَزَّوَجَلَّ** -এর আইনের নিকট বিচার প্রার্থী হল আল্লাহ **عَزَّوَجَلَّ** তাদের সম্পর্কে বলেন, “এটাই সুদৃঢ় দ্বীন।” অর্থাৎ সুদৃঢ় সরল যাতে কোন বক্রতা নেই; আপনি আল্লাহর জন্য শাসন ক্ষমতাকে স্বীকৃতি দিবেন এবং আল্লাহর বিধানের নিকট বিচার চাইবেন।

তাহলে যে ব্যক্তি আল্লাহর জন্য শাসন ক্ষমতাকে স্বীকৃতি দিবে অতঃপর আল্লাহ **عَزَّوَجَلَّ** ব্যতীত অন্যের জন্য শাসন ক্ষমতাকে স্বীকৃতি দিবে নিশ্চিতভাবেই সে সুদৃঢ় সরল দ্বীনের উপর নেই। কারণ আল্লাহ **عَزَّوَجَلَّ** বলেছেন, “এটাই সুদৃঢ় দ্বীন।” অর্থাৎ যে ব্যক্তি এককভাবে আল্লাহর জন্য শাসন ক্ষমতাকে স্বীকৃতি দিবে সংবিধান প্রণয়ন কমিটির জন্য নয় অতঃপর আল্লাহ **تَبَارَكَ وَتَعَالَى** -এর আইনের নিকট বিচার চাওয়াকে স্বীকৃতি দিবে।

আয়াতের সর্বশেষ অংশঃ “কিন্তু অধিকাংশ মানুষ এটা জানে না।” তারা কী জানে না? অর্থাৎ এই তিনটি বাস্তবতা যেগুলো আয়াতে উল্লেখ করা হয়েছেঃ তারা জানে না - “বিধান দেয়ার ক্ষমতা শুধুমাত্র আল্লাহরই।” তারা জানে না - “তিনি নির্দেশ দিয়েছেন যে, তোমরা কেবলমাত্র তারই ইবাদাত করবে।” তারা জানে না - “এটাই সুদৃঢ় দ্বীন।”

“কিন্তু অধিকাংশ মানুষ এটা জানে না।” আপনি জানেন যে, আল্লাহ **عَزَّوَجَلَّ** -এর কালাম বাস্তবতার বিরোধী হবে–এ থেকে মুক্ত; আপনি যদি গোলাকার পৃথিবীর

উপর একটি পরিসংখ্যান চালান তাহলে দেখতে পাবেন যে, গোলাকার পৃথিবীর বসবাসকারীদের সংখ্যা সর্বশেষ পরিসংখ্যান আমি জানি সাড়ে সাত বিলিয়ন লোক। এই সাড়ে সাত বিলিয়ন থেকে সোয়া ছয় বিলিয়ন লোক ইসলাম ব্যতীত অন্য ধর্মের উপর। তারা জানে না - "বিধান দেয়ার ক্ষমতা শুধুমাত্র আল্লাহরই।" তারা জানে না - "তিনি নির্দেশ দিয়েছেন যে, তোমরা কেবলমাত্র তারই ইবাদাত করবে।" তারা জানে না - "এটাই সুদৃঢ় দ্বীন।" আপনি আমার সাথে সোয়া বিলিয়নের ব্যাপারে আসুন! তাদের কতজন জানে? অতএব আল্লাহ عَزَّوَجَلَّ সত্য বলেছেন যখন তিনি বলেছেন, "কিন্তু অধিকাংশ মানুষ এটা জানে না।" এই হল তিনটি বাস্তবতা।

তাদের এই বাস্তবতাগুলো না জানাটা তাদের উপর শিরকের নাম ব্যবহার করতে বাধা দিবে না। তাদের জানা না থাকার উজর গ্রহণ করা হবে না। তাই যে ব্যক্তি শিরকে পতিত হবে তাকে মুশরিক নামে আখ্যায়িত করা হবে; কিন্তু আমরা নামের মাঝে এবং হুকুম প্রয়োগের মাঝে পার্থক্য করি। অর্থাৎ একজন ব্যক্তি শিরকে পতিত হলে আমরা তাকে মুশরিক নামে আখ্যায়িত করি। কিন্তু আমার কর্তব্য এটা নয় যে, আমি তার উপর আল্লাহ عَزَّوَجَلَّ -এর হদ বাস্তবায়ন করব। এটা মুসলিমদের আমীরগণের তথা শাসকগণের কাজ। কিন্তু নাম প্রয়োগ করার মাসআলা আমার দ্বীনের অন্তর্ভুক্ত যে, আমি ঐ ব্যক্তিকে মুশরিক নামে আখ্যায়িত করব যে ব্যক্তি শিরকে পতিত হবে এমনকি যদি সে জাহিল তথা অজ্ঞও হয়।

এর দলিল আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বাণী সুরা তাওবার ০৬ নং আয়াতে রয়েছেঃ

وَإِنْ أَحَدٌ مِّنَ الْمُشْرِكِينَ اسْتَجَارَكَ فَأَجِرْهُ حَتَّىٰ يَسْمَعَ كَلَامَ اللَّهِ ثُمَّ أَبْلِغْهُ مَأْمَنَهُ ۚ ذَٰلِكَ بِأَنَّهُمْ قَوْمٌ لَّا يَعْلَمُونَ ﴿٦﴾

"আর মুশরিকদের মধ্যে কেউ আপনার কাছে আশ্রয় প্রার্থনা করলে আপনি তাকে আশ্রয় দিন; যাতে সে আল্লাহর বাণী শুনতে পায়। তারপর তাকে তার নিরাপদ স্থানে পৌঁছিয়ে দিন; কারণ তারা এমন এক সম্প্রদায় যারা জানে না।" সুতরাং তিনি জ্ঞাতসারেই তাদেরকে মুশরিক নামে আখ্যায়িত করেছেন। তিনি আয়াতের শেষে

বলেছেন যে, “তারা জানে না।” তাহলে যে ব্যক্তি শিরকে পতিত হবে তাকে মুশরিক নামে আখ্যায়িত করা হবে। এমনকি যদিও এটা প্রমাণিত হয় যে, সে জানে না। কারণ আক্বীদাহ’র মূলনীতিতে অজ্ঞতার কোন উজর নেই। বর্তমানে কোন পৃথক করা ছাড়া এই বরকতময় আয়াতের সামনে মানুষ তিন ভাগে বিভক্তঃ

প্রথম শ্রেণীঃ যারা আল্লাহ **عَزَّوَجَلَّ** -এর জন্য শাসন ক্ষমতাকে স্বীকৃতি দেয় এবং আল্লাহ **تَبَارَكَ وَتَعَالَى** -এর আইনের নিকট বিচার চায় তারা হল মু’মিন এবং তারা আল্লাহ **عَزَّوَجَلَّ** -এর সাক্ষ্য অনুযায়ী সুদৃঢ় দ্বীনের উপর রয়েছেঃ “এটাই সুদৃঢ় দ্বীন।”

দ্বিতীয় শ্রেণীঃ যারা আল্লাহ **عَزَّوَجَلَّ** -এর জন্য শাসন ক্ষমতাকে স্বীকৃতি দেয় এবং তারা সংবিধান প্রণয়ন কমিটির জন্যও শাসন ক্ষমতাকে স্বীকৃতি দেয় তারা হল মুশরিক। আর তাদের শিরকের ধরন হচ্ছে আনুগত্যের শিরক। আর যে ঈমানের দাবি করে সে শুধু দাবি করে; এটা তার একটি দাবি। আল্লাহর প্রতি এবং বিধান দেওয়ার ক্ষমতা তার-এব্যাপারে যে ঈমানের দাবি করে সে দাবিই করে এটা একটি নিছক দাবি; এর দলিল সুরা নিসার ৬০ নং আয়াতে রয়েছে। আল্লাহ **تَبَارَكَ وَتَعَالَى** বলেন,

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ يَزْعُمُونَ أَنَّهُمْ آمَنُوا بِمَا أُنْزِلَ إِلَيْكَ وَمَا أُنْزِلَ مِنْ قَبْلِكَ يُرِيدُونَ أَنْ يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ وَقَدْ أُمِرُوا أَنْ يَكْفُرُوا بِهِ وَيُرِيدُ الشَّيْطَانُ أَنْ يُضِلَّهُمْ ضَلَالًا بَعِيدًا ۝

“আপনি কি তাদেরকে দেখেননি যারা দাবি করে যে, তারা ঈমান এনেছে আপনার উপর যা নাযিল করা হয়েছে এবং আপনার পূর্বে যা নাযিল করা হয়েছে এর প্রতি, আর তারা তাগুতের কাছে বিচার চাওয়ার ইচ্ছা করে। অথচ তাদেরকে আদেশ করা হয়েছে, তারা যেন তা অস্বীকার করে। আর শয়তান তাদেরকে ঘোরতর পথভ্রষ্ট করতে চায়।” অতএব যে ব্যক্তি আল্লাহ **عَزَّوَجَلَّ** -এর জন্য শাসন ক্ষমতাকে স্বীকৃতি দিল অতঃপর আল্লাহ ব্যতীত অন্যের জন্য শাসন ক্ষমতাকে স্বীকৃতি দিল-এই অবস্থায় সে ঈমানের দাবি করে; এদের মত ব্যক্তিদেরকে আল্লাহ **عَزَّوَجَلَّ** বলেছেন, তুমি দাবি করছ যে, তুমি মু’মিন। তুমি এটা দাবিই করছ। আর আপনি জানেন যে,

দাবি সবচেয়ে বড় মিথ্যা। তা হল মানুষ এমন বিষয়ের দাবি করে যা তার কাছে নেই। আয়াতের ভিত্তিতে এই হল দ্বিতীয় শ্রেণী।

তৃতীয় শ্রেণীঃ যারা আল্লাহ عَزَّوَجَلَّ -এর জন্য শাসন ক্ষমতাকে স্বীকৃতি দেয় না এবং আল্লাহর আইনের নিকট বিচার চায় না তারা হল কাফির–ওয়াল-ইয়াযুবিল্লাহ্

আমি এতোটুকুই বললাম, আমি আমার জন্য এবং আপনাদের জন্য আল্লাহর নিকট ইস্তিগফার করছি। আল্লাহ আপনাদেরকে উত্তম জাযা দান করুন এবং আপনাদেরকে বারাকাহ দান করুন!

আনুগত্যের শিরক সংক্রান্ত উৎকর্ষ বিবরণ

শাইখ আবু আলী আল-আনবারী আল-কুরাইশী رحمه الله

তৃতীয় দারসঃ

সংবিধান প্রণয়নের বাস্তবতা [সম্পূরক]

الحَمدُ للّه والصّلاةُ والسّلامُ على رسُولِ اللّه؛

হে আল্লাহ আপনি আমাদেরকে হক্বকে হক্ব হিসেবে দেখান এবং হক্ব অনুসরণ করার ক্ষেত্রে আমাদের সাহায্য করুন, বাতিলকে বাতিল হিসেবে দেখান এবং বাতিল বর্জন করার ক্ষেত্রে আমাদের সাহায্য করুন। হে আল্লাহ আপনি আমাদের এমন বিষয় শিক্ষা দিন যা আমাদের উপকার করবে এবং আপনি আমাদের যা শিক্ষা দেন এর মাধ্যমে আমাদের উপকৃত করুন। হে আল্লাহ আপনি আমাদেরকে আমাদের ইলম অনুযায়ী আমলকারী বানিয়ে দিন। হে আল্লাহ ক্বিয়ামতের দিন আমাদের ইলমকে আমাদের জন্য দলিল বানিয়ে দিন এবং আমাদের বিরুদ্ধে দলিল বানাবেন না - - ইয়া আরহামার-রহিমীন! হে আমার রব! আপনি আমার বক্ষ উন্মুক্ত করে দিন, আমার বিষয়াদি সহজ করে দিন এবং আমাদের মুখের জড়তা দূর করে দিন যেন তারা আমার কথা বুঝতে পারে। হে আল্লাহ আপনি আমার কর্মকে সৎ বানিয়ে দিন, আপনার সন্তুষ্টির জন্য খালিছ করে দিন এবং আপনার সৃষ্টির কারো জন্য এতে কোন অংশ রাখবেন না।

অতঃপর,

আমরা বিগত সময়ে আল্লাহর দয়া ও অনুগ্রহে সংবিধান প্রণয়ন কমিটির বাস্তবতা সম্পর্কে আলোচনা করেছি। আমরা বলেছি যে, তারা হচ্ছে আল্লাহ **تَبَارَكَ وَتَعَالَى** -এর সমকক্ষ। আমরা আল্লাহ **تَبَارَكَ وَتَعَالَى** -এর এবাণীর মাধ্যমে দলিল পেশ করেছিঃ

﴿اِنِ الْحُكْمُ اِلا لِلّٰهِ ؕ اَمَرَ اَلا تَعْبُدُوٓا اِلا اِيَّاهُ ؕ ذٰلِكَ الدِّيْنُ الْقَيِّمُ وَ لٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لا يَعْلَمُوْنَ﴾

“বিধান দেয়ার ক্ষমতা শুধুমাত্র আল্লাহরই। তিনি নির্দেশ দিয়েছেন যে, তোমরা কেবলমাত্র তারই ইবাদাত করবে, এটাই সুদৃঢ় দ্বীন। কিন্তু অধিকাংশ মানুষ এটা

জানে না।”[40] আজ আমরা আরো কিছু মাস’আলা সম্পর্কে আলোচনা করব যেগুলো সংবিধান প্রণয়ন কমিটির সাথে সম্পৃক্ত। সেগুলো হচ্ছেঃ

এই কমিটির দ্বিতীয় বাস্তবতাঃ আল্লাহকে বাদ দিয়ে তারা রবে পরিণত হয়েছে।

আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর কিতাব থেকে এর দলিল হচ্ছেঃ সুরা তাওবার ৩১ নং আয়াতে আল্লাহ عَزَّوَجَلَّ -এর বাণীঃ

اِتَّخَذُوْٓا اَحْبَارَهُمْ وَ رُهْبَانَهُمْ اَرْبَابًا مِّنْ دُوْنِ اللّٰهِ وَ الْمَسِيْحَ ابْنَ مَرْيَمَ ۚ وَ مَآ اُمِرُوْٓا اِلَّا لِيَعْبُدُوْٓا اِلٰهًا وَّاحِدًا ۚ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ؕ سُبْحٰنَهٗ عَمَّا يُشْرِكُوْنَ ۝

“তারা আল্লাহকে বাদ দিয়ে তাদের পণ্ডিত ও পাদ্রীদেরকে রব হিসেবে গ্রহণ করেছে এবং মারইয়াম তনয় মসীহকেও। অথচ একজন ইলাহের ইবাদাত করার জন্যই তাদের আদেশ করা হয়েছিল। তিনি ব্যতীত অন্য কোন সত্য ইলাহ নেই। ওরা তার সাথে যা শরীক করে তা থেকে তিনি পবিত্র!”

এই আয়াতের ব্যাখ্যা কী? কিভাবে আপনি এই আয়াতের মাধ্যমে দলিল পেশ করবেন যে, সংবিধান প্রণয়ন কমিটি আল্লাহকে বাদ দিয়ে রবে পরিণত হয়েছে?

আমি আল্লাহ عَزَّوَجَلَّ -এর সাহায্যে বলছিঃ প্রথমে এই আয়াতঃ “তারা আল্লাহকে বাদ দিয়ে তাদের পণ্ডিত ও পাদ্রীদেরকে রব হিসেবে গ্রহণ করেছে”–এর দ্বারা উদ্দেশ্য কী–তা জানা আবশ্যক।

এই আয়াত দ্বারা উদ্দেশ্য হচ্ছেঃ ইহুদী এবং খ্রিষ্টানরা। এই আয়াত দ্বারা উদ্দেশ্য যে ইহুদী এবং খ্রিষ্টানরা-এর দলিল এই আয়াতের পূর্বের আয়াত।

আল্লাহ عَزَّوَجَلَّ বলেন,

وَ قَالَتِ الْيَهُوْدُ عُزَيْرُ ابْنُ اللّٰهِ وَ قَالَتِ النَّصٰرَى الْمَسِيْحُ ابْنُ اللّٰهِ ؕ ذٰلِكَ قَوْلُهُمْ بِاَفْوَاهِهِمْ ۚ يُضَاهِـُٔوْنَ قَوْلَ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ قَبْلُ ؕ قٰتَلَهُمُ اللّٰهُ ۚ اَنّٰى يُؤْفَكُوْنَ ۝ اِتَّخَذُوْٓا اَحْبَارَهُمْ وَ رُهْبَانَهُمْ اَرْبَابًا مِّنْ دُوْنِ اللّٰهِ وَ

[40] সুরা ইউসুফঃ ৪০

اَلْمَسِيْحَ ابْنَ مَرْيَمَ ۚ وَمَآ اُمِرُوْٓا اِلَّا لِيَعْبُدُوْٓا اِلٰهًا وَّاحِدًا ۚ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۗ سُبْحٰنَهٗ عَمَّا يُشْرِكُوْنَ ﴿۳۱﴾

"আর ইহুদীরা বলে, উযাইর আল্লাহর পুত্র। আর খ্রিষ্টানরা বলে, মসীহ আল্লাহর পুত্র। এটা তাদের মুখের কথা। আগে যারা কুফরি করেছিল তারা তাদের মত কথা বলে। আল্লাহ তাদেরকে ধ্বংস করুন। তাদেরকে কোন দিকে ফিরিয়ে দেয়া হচ্ছে! তারা আল্লাহকে বাদ দিয়ে তাদের পণ্ডিত ও পাদ্রীদেরকে রব হিসেবে গ্রহণ করেছে এবং মারইয়াম তনয় মসীহকেও। অথচ একজন ইলাহের ইবাদাত করার জন্যই তাদের আদেশ করা হয়েছিল। তিনি ব্যতীত অন্য কোন সত্য ইলাহ নেই। ওরা তার সাথে যা শরীক করে তা থেকে তিনি পবিত্র!"[41]

অতএব এই আয়াতের পূর্বের আয়াতটি স্পষ্ট করে যে, "তারা তাদের পণ্ডিত ও পাদ্রীদেরকে গ্রহণ করেছে"–এর দ্বারা উদ্দেশ্য হচ্ছে তারা ইহুদীরা এবং খ্রিষ্টানরা। এটা হল প্রথম দলিল। আর আপনার জন্য এটাই যথেষ্ট হবে। কিন্তু অধিক উপকারিতার জন্য কিভাবে আমরা এই সকল আয়াত দ্বারা দলিল পেশ করব সেব্যাপারে আমি আরেকটি দলিল বর্ণনা করছিঃ

আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى এই আয়াতে দুইটি নাম উল্লেখ করেছেন। তিনি বলেছেন, ধর্ম যাজক এবং পাদ্রী। **الأحبار** তথা ধর্ম যাজক হচ্ছে যেমন 'মুখতার আস-সিহাহ'এ রয়েছেঃ একজন পণ্ডিত। আর তারা হচ্ছে ইহুদীদের পণ্ডিত লোকেরা। অর্থাৎ ইহুদীদের আলেমরা।

এমনিভাবে ইমাম আলুসী رَحِمَهُ ٱللَّٰهُ তার তাফসীরে বলেন, **الأحبار** হচ্ছে "ইহুদীদের আলেমরা।" ইবনু আবী হাতিম رَحِمَهُ ٱللَّٰهُ যাহহাক থেকে তার তাফসীরে নকল করেছেন, তিনি বলেছেন, **الأحبار** হচ্ছে "ইহুদীদের আলেমরা অথবা তাদের ক্বারীরা।"

তবে আলুসী رَحِمَهُ ٱللَّٰهُ তার তাফসীরে অন্য আরেকটি বিষয় উল্লেখ করেছেন, তিনি বলেছেন, **حبر** শব্দ যার অর্থ হচ্ছে জ্ঞানী বা পণ্ডিত–এটাকে মুসলিমদের ক্ষেত্রে

[41] সুরা তাওবাঃ ৩০-৩১

ব্যবহার করা যায় এবং যিম্মির ক্ষেত্রেও ব্যবহার করা যায়; কারণ ইবনে আব্বাস رَضِيَاللهُعَنْهُمَا কে حبر الأمة তথা উম্মাহ'র পণ্ডিত নামে আখ্যায়িত করা হত।

حَبر শব্দকে যবর দিয়ে পড়া জায়েয এবং আপনি যের দিয়ে حِبر বললেও আপনার জন্য জায়েয হবে। এই দুইয়ের অর্থ একই ইনশা'আল্লাহ।

অতএব الأحبار দ্বারা উদ্দেশ্য হচ্ছে যেমন আলুসী رَحِمَهُاللهُ এবং যাহহাক رَحِمَهُاللهُ বলেছেন, তারা হল ইহুদীদের আলেমরা। আর الرهبان হল খ্রিষ্টানদের আলেমরা। এব্যাপারে ইমাম আলুসী رَحِمَهُاللهُ বক্তব্য লিখেছেন।

তাহলে এটা একটি দলিল যে, আয়াত দ্বারা উদ্দেশ্য হচ্ছে ইহুদী এবং খ্রিষ্টান। এই আয়াতের ব্যাপারে আমার জোড় দেওয়ার কারণ হচ্ছে বিষয়টির সাথে সম্পৃক্ত একটি মাস'আলা রয়েছে।

এই আয়াত দ্বারা উদ্দেশ্য ইহুদী এবং খ্রিষ্টানরা–এব্যাপারে আরো একটি দলিলঃ এই আয়াত দমীর তথা সর্বনাম বর্ণনা করেছে। আর আপনি জানেন যে, সর্বনাম ইসম তথা নামের পরিবর্তে আসে। আমরা যদি সর্বনামগুলোকে নামের দিকে ফিরিয়ে দিতে চাই তাহলে কুরআনের ভাষ্যের বাহিরে আয়াতটি এরকম হবেঃ ইহুদীরা আল্লাহকে বাদ দিয়ে ইহুদীদের পণ্ডিতদেরকে রব হিসেবে গ্রহণ করেছে। খ্রিষ্টানরা আল্লাহকে বাদ দিয়ে খ্রিষ্টানদের পাদ্রীদেরকে রব হিসেবে গ্রহণ করেছে। অতএব এই সবগুলো দলিলই প্রমাণ করে যে, আয়াত দ্বারা উদ্দেশ্য হচ্ছে ইহুদীরা এবং খ্রিষ্টানরা।

"তারা আল্লাহকে বাদ দিয়ে তাদের পণ্ডিত ও পাদ্রীদেরকে রব হিসেবে গ্রহণ করেছে।" রবের অর্থঃ أرباب হচ্ছে رب এর বহুবচন। তা হল যার ইবাদাত করা হয়, যার আনুগত্য তথা মান্য করা হয়। যখন রব শব্দকে একবচনে উল্লেখ করা হবে, যখন রব শব্দ একবচন হিসেবে আসবে তখন এর অর্থ হবেঃ মা'বুদ তথা যার ইবাদাত করা হয়, এর অর্থ হবেঃ মুত্বা তথা যার আনুগত্য করা হয়।

এর দলিল সুরা মারইয়ামের ৬৫ নং আয়াতে রয়েছে। আল্লাহ تَبَارَكَ وَتَعَالَىٰ

বলেন,

﴿رَبُّ السَّمٰوٰتِ وَ الۡاَرۡضِ وَ مَا بَیۡنَهُمَا فَاعۡبُدۡهُ وَ اصۡطَبِرۡ لِعِبَادَتِهٖ ؕ هَلۡ تَعۡلَمُ لَهٗ سَمِیًّا﴾

"তিনি আসমানসমূহ ও যমীন এবং এ দুইয়ের মাঝে যা কিছু আছে, সে সবের রব। সুতরাং তারই ইবাদাত করুন এবং তার ইবাদাতে ধৈর্যশীল থাকুন। আপনি কি তার সমনামগুণসম্পন্ন কাউকেও জানেন?" তিনি عَزَّوَجَلَّ বলেছেন, "তিনি আসমানসমূহ ও যমীনের রব।" অতঃপর তিনি বলেছেন, "সুতরাং তারই ইবাদাত করুন।"

এমনিভাবে সুরা বাকারার ২১ নং আয়াতে রয়েছে। আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى বলেন,

﴿یٰۤاَیُّهَا النَّاسُ اعۡبُدُوۡا رَبَّکُمُ الَّذِیۡ خَلَقَکُمۡ وَ الَّذِیۡنَ مِنۡ قَبۡلِکُمۡ لَعَلَّکُمۡ تَتَّقُوۡنَ﴾

"হে মানুষ! তোমরা তোমাদের রবের ইবাদাত কর, যিনি সৃষ্টি করেছেন তোমাদেরকে এবং তোমাদের পূর্বে যারা ছিল তাদেরকে, যাতে তোমরা আল্লাহকে ভয় কর।" অতএব রব হল যার ইবাদাত করা হয় এবং যার আনুগত্য করা হয়।

কিন্তু এর মানে এই নয় যে, তারা তাদের জন্য সালাত আদায় করত এবং তাদের উদ্দেশ্যে সিয়াম রাখত। তাদের আনুগত্য অন্য এক প্রকার থেকে হয়েছিল। আমরা যখন সংবিধানের ব্যাপারে আমাদের অবস্থান সম্পর্কে আলোচনা করব তখন আল্লাহ তা'আলার অনুমতিক্রমে আমরা এই মাস'আলা নিয়ে বিস্তারিত আলোচনা করব। তাহলে এখন আপনি জানলেন যে, ইহুদীদের আলেমরা এবং খ্রিষ্টানদের পাদ্রীরা রবে পরিণত হয়েছিল।

কিভাবে এই লোকেরা রব হয়েছিল?

ইমাম মুসলিম رَحِمَهُ ٱللَّهُ বারা ইবনে আযিব থেকে একটি হাদিস বর্ণনা করেছেন। হাদিসটি বর্ণনা করার পূর্বে আমি একটি বিষয় উল্লেখ করছিঃ ইহুদীদের আলেমরা যারা ছিল الأحبار তারা আল্লাহর নাবী মুসার শারীয়াহ'র কিছু আইন পরিবর্তন করেছিল। খ্রিষ্টানদের আলেমরা আল্লাহর নাবী ঈসার দ্বীনকে পরিবর্তন করেছিল। তাই যখন এই সকল আলেমরা কিছু আইন পরিবর্তন করেছিল অথবা

পুরো দ্বীনকে তাওহীদ থেকে ত্রিত্ববাদের দিকে পরিবর্তন করেছিল এবং ইহুদী ও খ্রিষ্টানরা এই পরিবর্তনের ক্ষেত্রে তাদের আলেমদের আনুগত্য করেছিল তখন আল্লাহ عَزَّوَجَلَّ তাদের সম্পর্কে বলেছেন, এই সকল আলেমরা এখন আল্লাহকে বাদ দিয়ে রবে পরিণত হয়েছে।

অতএব কারণ হল ইহুদীদের আলেমরা আল্লাহর নাবী মুসার শারীয়াহ'র ক্ষেত্রে পরিবর্তন করেছিল এবং খ্রিষ্টানদের পাদ্রীরা আল্লাহর নাবী ঈসা عَلَيْهِ السَّلَام - এর শারীয়াহ'র ক্ষেত্রে পরিবর্তন করেছিল।

ইহুদীদের এই পরিবর্তনের ব্যাপারে দলিল কী এবং খ্রিষ্টানদের আলেমদের তাদের দ্বীন পরিবর্তন করার ব্যাপারে দলিল কী?

ইহুদীদের আলেম আহবারদের সম্পর্কেঃ ইমাম মুসলিম رَحِمَهُ ٱللَّٰهُ বারা ইবনে আযিব رَضِيَ ٱللَّٰهُ عَنْهُ থেকে একটি হাদিস বর্ণনা করেছেন, তিনি বলেছেন, "রাসুলুল্লাহ ﷺ -এর পাশ দিয়ে এক মাহমুম মাজলুদ ইহুদীকে নেয়া হয়েছিল।" মদিনাতে রাসুল ﷺ -এর পাশ দিয়ে ইহুদীরা অতিক্রম করছিল। আর তাদের সাথে একজন মাহমুম মাজলুদ লোক ছিল। মাহমুম অর্থ হচ্ছেঃ অর্থাৎ তারা তার মুখে ছাই মেখে দিত। আর তা হল ছাই ও পানির সাথে মিশ্রিত আগুনের অবশিষ্টাংশ। মাজলুদ হলঃ তারা তাকে উল্টো করে পশুর উপর আরোহণ করাত। অর্থাৎ তার মাথা থাকত পশুর মুখের দিকে আর তার মুখ থাকত পশুর পিছনের দিকে। অতঃপর রাসুল ﷺ ঐ সকল ইহুদীদের বলেন, "তোমরা কি তোমাদের ধর্মগ্রন্থ তাওরাতে যিনার শাস্তি এরূপ পেয়েছ? তারা বলল, হ্যাঁ। অতঃপর তিনি তাদের এক আলেমকে ডেকে বললেন, আমি তোমাকে আল্লাহর শপথ দিয়ে জিজ্ঞাসা করছি, যিনি মুসার উপর তাওরাত নাযিল করেছেন। তোমরা কি তোমাদের ধর্মগ্রন্থ তাওরাতে যিনার শাস্তি এরূপ পেয়েছ? তখন সে ব্যক্তি বলেঃ না, ইয়া রাসুলাল্লাহ! যদি আপনি আমাকে এরূপ কঠিন শপথ প্রদান না করতেন, তবে তা আমি আপনার কাছে প্রকাশ করতাম না। আমরা আমাদের ধর্মগ্রন্থে যিনার শাস্তি রজম পাই। কিন্তু যখন আমাদের সম্ভ্রান্ত ব্যক্তিদের মধ্যে যিনার প্রচলন অধিক হয়ে যায়, তখন কোন সম্ভ্রান্ত লোক এজন্য

দোষী সাব্যস্ত হলে আমরা তাকে ছেড়ে দেই এবং কোন দুর্বল লোক যিনা করলে তার উপর শারীয়াহ'র নির্দেশিত হদ বাস্তবায়ন করি। আমরা সর্ব সম্মতভাবে এরূপ সিদ্ধান্ত গ্রহণ করি যে, আমরা নিজেরাই এমন একটি হদ বা শাস্তি নির্ধারণ করে নেই, যা সম্ভ্রান্ত ও দুর্বল ব্যক্তিদের উপর একইভাবে প্রয়োগ করা যায়। তখন আমরা রজমের পরিবর্তে মুখে কালো দাগ ও বেত্রাদণ্ডের ব্যবস্থা নির্ধারণ করি।"

তাহলে এই ইহুদী রাসুল ﷺ কে সংবাদ দিয়েছে যে, তাদের আলেমরা যিনাকারীর হদ রজম তথা পাথর মেরে হত্যা করার থেকে চাবুক মারা এবং কালি মেখে দেওয়াতে পরিবর্তন করেছিল। আর ইহুদীরা তাদের প্রণয়নকৃত এই আইনের ক্ষেত্রে তাদের আনুগত্য করেছিল; এখান থেকেই আল্লাহ عَزَّوَجَلَّ তাদের নাম দিয়েছেন যে, এই সকল পণ্ডিতরা আল্লাহকে বাদ দিয়ে রবে পরিণত হয়েছে। এটা হচ্ছে ইহুদী আলেমদের সম্বন্ধে।

আর খ্রিষ্টানদের আলেমদের সম্পর্কেঃ আপনি জানেন যে, এই ধর্ম ছিল একত্ববাদের ধর্ম। কিন্তু আমরা এখন এটাকে ত্রিত্ববাদের ধর্ম হিসেবে দেখতে পাই। আমরা দেখি যে, আল্লাহর রাসুল ﷺ -এর যামানায় এই ধর্ম ছিল ঐ সময়ের নেতৃত্বদানকারী। এর দলিল হল আল্লাহ عَزَّوَجَلَّ তার বাণী নাযিল করেছেনঃ

﴿لَقَدْ كَفَرَ ٱلَّذِينَ قَالُوٓا۟ إِنَّ ٱللَّهَ ثَالِثُ ثَلَٰثَةٍ﴾

"অবশ্যই তারা কাফির- যারা বলে, আল্লাহ তো তিনজনের মধ্যে তৃতীয়জন।"[42] অতএব এই ধর্ম একত্ববাদ থেকে ত্রিত্ববাদে পরিবর্তন হয়েছে। কিভাবে পরিবর্তন হয়েছে?

সিরাহ এবং ইতিহাসবিদগণ এই বিষয়টি উল্লেখ করেছেন যে, আল্লাহ عَزَّوَجَلَّ আল্লাহর নাবী ঈসাকে তার রিসালাত দিয়ে বানী-ইসরাঈলের নিকট প্রেরণ করার পর এবং মানুষ এই নতুন ধর্মকে গ্রহণ করার ও আল্লাহর নাবী মুসার ধর্ম পরিত্যাগ করার পর ইহুদীরা আল্লাহর নাবী মুসার ধর্ম পরিত্যাগ করা এবং আল্লাহর নাবী ঈসা

---

[42] সুরা মায়িদাহঃ ৭৩

যা নিয়ে এসেছেন তা গ্রহণ করা কারো জন্যই মেনে নিত না। ইহুদীদের আলেমরা ঐ ব্যক্তিকে হত্যা করার ফাতাওয়া দেওয়া শুরু করল, যে খ্রিষ্ট ধর্ম গ্রহণ করে। তাই তাদের মাঝে হত্যা করা ছড়িয়ে পড়ল। খ্রিষ্টানদের প্রতি তাদের মধ্যে সবচেয়ে কঠোর ছিল একজন ইহুদী যার নাম ছিল 'শাউল'। তারা পরিপূর্ণরূপে কয়েকটি নগরী ধ্বংস করে দিয়েছিল। তবে তারা অনুসন্ধান করে দেখল যে, খ্রিষ্ট ধর্ম গ্রহণ করা থেকে মানুষকে বাধা দেওয়ার ব্যাপারে এই পদ্ধতি উপকারে আসবে না। তাই তারা নিকৃষ্ট চিন্তা-ভাবনার পদ্ধতি গ্রহণ করল। এই শাউল আল্লাহর নাবী ঈসার অনুসারীদের নিকট এসে বলল, আমি মরুভূমিতে পথ চলছিলাম। আমি একজন আহ্বানকারীকে আহ্বান করে আমাকে বলতে শুনেছি, "হে শাউল! আমার সঙ্গীকে হত্যা করা তোমার জন্য যথেষ্ট হয়েছে। তুমি আমার অনুসারী হয়ে যাও।" তাই আমি খ্রিষ্ট ধর্ম গ্রহণ করতে চাই।

খ্রিষ্টানদের হত্যা করার ক্ষেত্রে এই শাউলের কঠোর সিদ্ধান্ত থাকার কারণে তার খ্রিষ্ট ধর্ম গ্রহণ করার ব্যাপারে তৎকালীন পণ্ডিতরা আপত্তি করল। কিন্তু তাদের মাঝে এক লোক ছিল যার নাম বারনাবা—আপনি যেমন জানেন এই নামটি এখনো বিদ্যমান আছে। কারণ অসমর্থিত সূত্রে তার একটি ইঞ্জিল রয়েছে। মনে হয় যেন সে একজন ভালো লোক ছিল। এই শাউলের খ্রিষ্ট ধর্ম গ্রহণ করার ব্যাপারে সে (বারনাবা) মধ্যস্থতা করল। ফলে এই শাউল ভিতরে থেকে এই ধর্মকে নষ্ট করার ব্যাপারে কাজ শুরু করল এবং সন্দেহ-সংশয় ছুড়া শুরু করল। সর্বপ্রথম যে সংশয় সে ছুড়েছিল তা হলঃ সে বলল, একটি শিশুর পিতা-মাতা ছাড়া জন্ম গ্রহণ করা কি সম্ভব? তারা বলল, না সম্ভব না। আল্লাহ عَزَّوَجَلَّ -এর সুন্নাহ হল শিশু একজন পিতা এবং একজন মাতা থেকে জন্ম গ্রহণ করে। সে জিজ্ঞাসা করল, ঈসার পিতা কে? তারা বলল, তার পিতা নেই। তাহলে তোমরা পূর্বের বিষয়ে মতবিরোধ করছ যে ব্যাপারে আমরা একমত হয়েছিলাম। যখন তারা এই প্রশ্নের কোন উত্তর পেল না তখন সে বলল, যেহেতু তার কোন মানুষ পিতা নেই তাহলে তার পিতা হচ্ছে আল্লাহ! তারাও এই সংশয় মেনে নিল—ওয়াল-ইয়াযুবিল্লাহ্

তাদের মনে এই সংশয় ঢুকিয়ে দেওয়ার পর সে দ্বিতীয় সংশয় নিয়ে আসল।

সে বলল, যেহেতু আমরা একমত হলাম যে, ঈসার পিতা হচ্ছে আল্লাহ - আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى তা থেকে মুক্ত - আর আমরা জানি যে, পিতার থেকে এক অংশ এবং মায়ের থেকে এক অংশ ব্যতীত কোন শিশুর জন্ম হয় না। তাহলে ঈসার মধ্যে মারইয়ামের থেকে একটি অংশ আছে এবং তার মধ্যে আল্লাহ عَزَّوَجَلَّ -এর থেকেও একটি অংশ আছে–জালিমরা যা বলে আল্লাহ তা থেকে অনেক ঊর্ধ্বে। তারা প্রথম সংশয় মেনে নেওয়ার পর দ্বিতীয় সংশয় তাদের মেনে নেওয়া আবশ্যক হয়ে পড়ে। তারা বলল, সঠিক। তার মধ্যে আল্লাহর একটি অংশ আছে এবং মারইয়ামের একটি অংশ আছে।

আজ পর্যন্ত খ্রিষ্টানদের আক্বীদাহ-বিশ্বাস এই ভিত্তির উপর প্রতিষ্ঠিত। তারা বলল, "ঈসার মধ্যে ইলাহী অংশ আছে এবং তার মধ্যে মানবীয় অংশ আছে।" তারা ইলাহী দ্বারা উদ্দেশ্য করে–অর্থাৎ আল্লাহ হচ্ছে তার পিতা এবং আল্লাহর একটি অংশ ঈসার মধ্যে অবস্থান করছে। আর মানবীয় অংশ দ্বারা তারা উদ্দেশ্য করে–মারইয়ামের একটি অংশ আল্লাহর নাবী ঈসার মধ্যে অবস্থান করছে; এই সংশয়টিও তারা মেনে নিয়েছে।

এরপর সে সর্বশেষ সংশয়টি নিয়ে আসল। সে বলল, যেহেতু আমরা একমত হলাম যে, আল্লাহর নাবী ঈসার মধ্যে আল্লাহর একটি অংশ আছে তাই তার ইবাদাত করা উপযুক্ত। আমরা এই ইলাহী অংশের ইবাদাত করব যা ঈসার মধ্যে রয়েছে। এভাবেই সে এই ধর্মকে একত্ববাদের ধর্ম থেকে ত্রিত্ববাদের ধর্মে পরিবর্তন করেছে। অতঃপর সে বলল, আল্লাহ, পুত্র, পবিত্র আত্মা। ফলে ইলাহ হয়ে গেল তিনজন। খ্রিষ্টানরা এই শাউলের আনুগত্য করে অনুসরণ করল সে যে সকল সংশয় নিয়ে এসেছে সে ক্ষেত্রে। আর খ্রিষ্টানদের আলেমরা সর্বদাই এই সংশয়ের দিকে আহ্বান করে এবং খ্রিষ্টানরাও তাদের আনুগত্য করে।

অতএব এই শাউলের কথা ভুলে যাবেন না, সে খ্রিষ্ট ধর্ম গ্রহণ করার পর নিজেকে "বুলিসুর রাসুল বা প্রেরিত পৌল" হিসেবে আখ্যায়িত করত। ইঞ্জিলে তার কিছু রিসালাহ আছে। রোমবাসীর প্রতি তার কিছু রিসালাহ আছে, অমুক অমুকের প্রতি তার কিছু রিসালাহ আছে, ইঞ্জিলে তার কিছু রিসালাহ আছে। সে তাদের মাঝে

একজন উল্লেখিত ব্যক্তি। কিন্তু সে-ই এই ধর্মকে একতত্ববাদের ধর্ম থেকে ত্রিত্ববাদের ধর্মে পরিবর্তন করেছে। আর খ্রিষ্টানরাও তার আনুগত্য করেছে এবং তারা এখনো তার আনুগত্য করছে; অতএব আলেমরা এই ধর্মকে পরিবর্তন করার মধ্যে ছিল আর খ্রিষ্টানরা তাদের আনুগত্য করেছে। তাই এই সকল আলেমরা আল্লাহকে বাদ দিয়ে রবে পরিণত হয়েছে।

এই বিষয় সম্পর্কে আমি একটি গুরুত্বপূর্ণ টিকা উল্লেখ করছিঃ নিশ্চয়ই যিনি আল্লাহর নাবী মুসার শারীয়াহ এবং আল্লাহর নাবী ঈসার শারীয়াহ পরিবর্তনকারী আলেমদেরকে 'রব' নাম দিয়েছেন তিনি হলেন আল্লাহ তা'আলা–যিনি কুরআনের মধ্যে ওহী করে এই নাম দিয়েছেন। অর্থাৎ এটা আল্লাহ عَزَّوَجَلَّ -এর একটি বিধান কোন মানুষের বিধান নয়। অর্থাৎঃ আলেমরা যখন কোন নাবীর শারীয়াহ পরিবর্তন করে এবং মানুষ এই পরিবর্তন করার ক্ষেত্রে তাদের আনুগত্য করে তখন এই আলেমকে ঐ সকল লোকদের রব হিসেবে গণ্য করা হবে। ঠিক আছে... এখন আসিঃ

আমরা যা বললাম–এর সাথে সংবিধান প্রণয়ন কমিটির সম্পর্ক কী?

সংবিধান প্রণয়ন কমিটির কথা আয়াতে উল্লেখ করা হয়নি উল্লেখ করা হয়েছে কেবলমাত্র ইহুদীদের পণ্ডিত এবং খ্রিষ্টানদের পাদ্রীদের কথা। আর সংবিধান প্রণয়ন কমিটির কথা আয়াতে উল্লেখ নেই। তাহলে তারা কি এই আয়াতের হুকুমের অন্তর্ভুক্ত হবে নাকি হবে না? তারা অন্তর্ভুক্ত হবে। এব্যাপারে দলিল হচ্ছেঃ

প্রথমতঃ আবু সাঈদ খুদরী رَضِيَ اللّٰهُ عَنْهُ একটি হাদিস বর্ণনা করেছেন। তিনি বলেন, আল্লাহর রাসুল ﷺ বলেছেন, "তোমরা তোমাদের পূর্ববর্তীদের নীতি-পদ্ধতি পুরোপুরিভাবে অনুসরণ করবে, বিঘতে বিঘতে ও হাতে হাতে, এমনকি তারা যদি সাপের গর্তে প্রবেশ করে থাকে তাহলেও তোমরা তাদের অনুসরণ করবে। আমরা বললাম, ইয়া রাসুলাল্লাহ! পূর্ববর্তী উম্মাত বলতে তো ইহুদী ও খ্রিস্টানরাই উদ্দেশ্য?

তিনি বললেন, তবে আর কারা?”[43]

অতএব এমন প্রত্যেক বিষয় যা ইহুদীদের সময় ঘটেছিল এবং খ্রিষ্টানদের সময় ঘটেছিল আল্লাহর রাসুল ﷺ -এর উম্মাহ’র মধ্যে তা ঘটবে - তারা ঐ সকল লোকদের কাজের মত কাজ করবে। আলেমরা আল্লাহর নাবী মুসার দ্বীনের মধ্যে এবং আল্লাহর নাবী ঈসার দ্বীনের মধ্যে যা করেছিল তা হচ্ছে তারা ঐ দ্বীনকে পরিবর্তন করেছিল; আমরা দেখতে পাই যে, সংবিধান প্রণয়ন কমিটি আল্লাহর রাসুল ﷺ -এর শারীয়াহ তথা আইন পরিবর্তন করেছে। তাহলে তারা আমাদের দ্বীনের সাথে তাই করেছে যা আল্লাহর নাবী মুসার দ্বীনের সাথে এবং আল্লাহর নাবী ঈসার দ্বীনের সাথে পণ্ডিতরা ও পাদ্রীরা করেছিল।

“তোমরা তোমাদের পূর্ববর্তীদের নীতি-পদ্ধতি পুরোপুরিভাবে অনুসরণ করবে, বিঘতে বিঘতে ও হাতে হাতে, এমনকি তারা যদি সাপের গর্তে প্রবেশ করে থাকে তাহলেও তোমরা তাদের অনুসরণ করবে। আমরা বললাম, ইয়া রাসুলাল্লাহ! পূর্ববর্তী উম্মাত বলতে তো ইহুদী ও খ্রিস্টানরাই উদ্দেশ্য? তিনি বললেন, তবে আর কারা?” অতএব ইহুদী এবং খ্রিষ্টানদের আলেমরা যা করেছিল এই উম্মাতের মধ্যেও তা ঘটবে - কতিপয় আলেমরা আমাদের নাবী মুহাম্মাদ ﷺ -এর শারীয়াহ’র সাথে তাই করবে যা ঐ সকল লোকেরা তাদের নাবীগণের শারীয়াহ’র সাথে করেছিল। **এটা হচ্ছে প্রথম দলিল।**

দ্বিতীয় দলিলঃ আমাদের সত্য শারীয়াহ’তে একটি মূলনীতি রয়েছে। তা হচ্ছেঃ “ইসলামী আহকাম এর কারণসমূহের সাথে ঘুরাফেরা করে। যেখানে কারণ উপস্থিত হবে সেখানে হুকুম উপস্থিত হবে।” ইহুদী এবং খ্রিষ্টানদের আলেমদেরকে আল্লাহ عَزَّوَجَلَّ -এর ‘রব’ নাম দেওয়ার কারণ কোথায়? কারণ হল তারা আল্লাহর নাবীর শারীয়াহ পরিবর্তন করেছে এবং ইহুদীরা তাদের আনুগত্য করেছে, তারা আল্লাহর নাবী ঈসার শারীয়াহ পরিবর্তন করেছে এবং খ্রিষ্টানরা তাদের আনুগত্য করেছে। তাহলে কারণ হচ্ছে আনুগত্যের সাথে পরিবর্তন করার মধ্যে; তারা

[43] হাদিসটি বুখারি এবং মুসলিম বর্ণনা করেছেন। এটা বুখারির শব্দ

পরিবর্তন করেছে এবং কিছু মানুষ এই পরিবর্তন করার ক্ষেত্রে তাদের আনুগত্য করেছে। এই কারণটি সংবিধান প্রণয়ন কমিটির মধ্যে প্রতিষ্ঠিত। তারা আল্লাহর রাসুল ﷺ -এর শারীয়াহ পরিবর্তন করেছে। তারা তা পরিবর্তন করে বিকল্প নিয়ে এসেছে। আর আপনি জানেন যে, এখন তারা যে বিকল্প নিয়ে এসেছে কত মানুষ সে ব্যাপারে তাদের আনুগত্য করছে।

অতএব ইহুদীদের এবং খ্রিষ্টানদের আলেমদের থেকে যা ঘটেছে তা এই সকল লোকদের থেকেও ঘটেছে। যখন ইহুদীদের এবং খ্রিষ্টানদের আলেমদেরকে 'রব' নামকরণ করার কারণ 'পরিবর্তন করা' ছিল তখন এই কারণ সংবিধান প্রণয়ন কমিটির মধ্যে প্রতিষ্ঠিত; তারা আল্লাহর রাসুল ﷺ -এর শারীয়াহ পরিবর্তন করেছে অথচ আল্লাহ عَزَّوَجَلَّ কারো জন্য এই অধিকার দেননি যে, সে উল্লেখিত এই শারীয়াহ' র কোন বিষয় পরিবর্তন করবে। সংবিধান প্রণয়ন কমিটি এই আয়াতের হুকুমে অন্তর্ভুক্ত হওয়ার ব্যাপারে এটা হচ্ছে দ্বিতীয় দলিল।

তৃতীয় দলিলঃ একে বলা হয় 'ক্বিয়াসে আউলা'। 'ক্বিয়াসে আউলা'র পরিচয়- আমি এর অর্থ উল্লেখ করছিঃ কোন নছে (কুরআনের বক্তব্যে) একটি হুকুম আসল। অতঃপর এমন একটি হুকুমের ব্যাপারে নিরব থাকা উল্লেখিত বিষয় থাকে যা উল্লেখ করা বেশি উপযোগী। অর্থাৎ একটি নছে একটি হুকুম বর্ণনা করা হয় এবং উক্ত নছ আরেকটি হুকুমের ব্যাপারে নিরব থাকে। উক্ত নছ যে হুকুমের ব্যাপারে নিরব রয়েছে তা উল্লেখ করা আরো বেশি অগ্রগণ্য ছিল যা উল্লেখ করা হয়েছে তা থেকে। উছুলবিদগণ এর নাম দিয়েছেন 'ক্বিয়াসে আউলা'।

এর উদাহরণ - আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বাণীঃ

﴿فلا تَقُلْ لَّهُمَآ أُفٍّ وَّ لا تَنْهَرْهُمَا وَ قُلْ لَّهُمَا قَوْلًا كَرِيْمًا﴾

"আর তাদেরকে 'উফ' বলো না এবং তাদেরকে ধমক দিও না; তাদের সাথে সম্মানসূচক কথা বল।"[44] যেহেতু আল্লাহ عَزَّوَجَلَّ বলেছেন, "আর তাদেরকে 'উফ'

[44] সুরা ইসরাঃ ২৩

বলো না।” তাই এক লোক এসে বলল, হে শাইখ! কারো জন্য তার পিতাকে অথবা তার মাতাকে প্রহার করা কী সম্ভব? আপনি বলবেন, না। যৌক্তিকতার দিক থেকে সম্ভব নয়। কারণ আল্লাহ عَزَّوَجَلَّ আপনার ‘উঁফ’ বলাতেই সম্মত হোন না কিভাবে তিনি প্রহার করাতে সম্মত হবেন? তাহলে দলিল ‘উঁফ’ উল্লেখ করেছে কিন্তু প্রহার উল্লেখ করেনি। এটা জানা বিষয় যে, নিষেধ করার ক্ষেত্রে ‘উঁফ’ বলা থেকে প্রহার করা অধিক অগ্রগণ্য। তাই যখন ‘উঁফ’ বলাটা গ্রহণযোগ্য নয় তখন প্রহার করা গ্রহণযোগ্য না হওয়া আরো বেশি অগ্রগণ্য।

এমনিভাবে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বাণীঃ

﴿وَ لَا تَقْتُلُوْٓا اَوْلَادَكُمْ خَشْيَةَ اِمْلَاقٍ﴾

“আর তোমরা তোমাদের সন্তানদেরকে দারিদ্র্যতার ভয়ে হত্যা করো না।”[45] অর্থাৎ তোমরা দারিদ্রতার ভয়ে তোমাদের সন্তানদের হত্যা কর না। তাহলে সম্পদশালীতার ক্ষেত্রে হত্যা না করা আরো বেশি অগ্রগণ্য। কেননা এর মধ্যে (হত্যা করার) কারণ অপ্রমাণিত। তাহলে এটাকে বলা হয় ‘ক্বিয়াসে আউলা’।

‘ক্বিয়াসে আউলা’র কারণে সংবিধান প্রণয়ন কমিটি এই আয়াতের হুকুমে অন্তর্ভুক্ত হওয়া ইহুদীদের এবং খ্রিষ্টানদের আলেমদের থেকে বেশি অগ্রগণ্য। এই সকল ব্যক্তিদেরকে তিনটি কারণে রব হিসেবে আখ্যায়িত করা হবেঃ

প্রথম দিকঃ আল্লাহর নাবী মুসার শারীয়াহ এবং আল্লাহর নাবী ঈসার শারীয়াহ নির্দিষ্ট কিছু সম্প্রদায়ের (বানী-ইসরাঈলরে) জন্য ছিল। ঐ সকল শারীয়াহ’র ব্যাপারে আলেমরা ছলনা করেছিল। আল্লাহ عَزَّوَجَلَّ ছলনাকারীদের রব নাম দিয়েছেন। এই সকল শারীয়াহ এবং এই ধর্ম একটি নির্দিষ্ট সম্প্রদায়ের জন্য ছিল। তারা হল বানী-ইসরাঈল। যেমন সুরা ছ’দের ৫-৬ নং আয়াতে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى বলেন,

[45] সুরা ইসরাঃ ৩১

وَ اِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهٖ يٰقَوْمِ لِمَ تُؤْذُوْنَنِىْ وَ قَدْ تَّعْلَمُوْنَ اَنِّىْ رَسُوْلُ اللّٰهِ اِلَيْكُمْ ؕ فَلَمَّا زَاغُوْۤا اَزَاغَ اللّٰهُ قُلُوْبَهُمْ ؕ وَ اللّٰهُ لَا يَهْدِى الْقَوْمَ الْفٰسِقِيْنَ ۝ وَ اِذْ قَالَ عِيْسَى ابْنُ مَرْيَمَ يٰبَنِىْۤ اِسْرَآءِيْلَ اِنِّىْ رَسُوْلُ اللّٰهِ اِلَيْكُمْ مُّصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَىَّ مِنَ التَّوْرٰىةِ وَ مُبَشِّرًۢا بِرَسُوْلٍ يَّاْتِىْ مِنْۢ بَعْدِى اسْمُهٗۤ اَحْمَدُ ؕ فَلَمَّا جَآءَهُمْ بِالْبَيِّنٰتِ قَالُوْا هٰذَا سِحْرٌ مُّبِيْنٌ ۝

"আর স্মরণ করুন, যখন মূসা তার সম্প্রদায়কে বলেছিলেন, হে আমার সম্প্রদায়! তোমরা আমাকে কেন কষ্ট দিচ্ছ অথচ তোমরা জান যে, আমি তোমাদের কাছে আল্লাহর রাসুল। অতঃপর তারা যখন বাঁকা পথ অবলম্বন করল তখন আল্লাহ তাদের হৃদয়কে বাঁকা করে দিলেন। আর আল্লাহ ফাসিক্ব সম্প্রদায়কে হিদায়াত করেন না। আর স্মরণ করুন, যখন মারইয়াম-পুত্র ঈসা বলেছিলেন, হে বানী ইসরাঈল! নিশ্চয়ই আমি তোমাদের কাছে আল্লাহর রাসুল এবং আমার পূর্ব থেকে তোমাদের কাছে যে তাওরাত রয়েছে আমি তার সত্যায়নকারী এবং আমার পরে আহমাদ নামে যে রাসুল আসবেন আমি তার সুসংবাদদাতা। অতঃপর যখন তিনি সুস্পষ্ট প্রমাণাদিসহ তাদের কাছে আসলেন তখন তারা বলতে লাগল, এটা তো স্পষ্ট জাদু।" তাহলে আয়াত বক্তব্য দেয় যে, আল্লাহর নাবী মুসা বানী-ইসরাঈলের নিকট প্রেরিত হয়েছিলেন এবং আয়াত বক্তব্য দেয় যে, আল্লাহর নাবী ঈসাও বানী-ইসরাঈলের নিকট প্রেরিত হয়েছিলেন। এরা ছিল একটি নির্দিষ্ট সম্প্রদায়।

পক্ষান্তরে আল্লাহর রাসুলের শারীয়াহ সকল মানুষের নিকট এসেছে। এই শারীয়াহ নির্দিষ্ট কোন সম্প্রদায়ের নিকট আসেনি। যেমন সুরা আ'রাফের ১৫৮ নং আয়াতে রয়েছেঃ

﴿قُلْ يٰۤاَيُّهَا النَّاسُ اِنِّىْ رَسُوْلُ اللّٰهِ اِلَيْكُمْ جَمِيْعًا﴾

"আপনি বলুন, হে মানুষ! নিশ্চয়ই আমি তোমাদের সবার প্রতি আল্লাহর রাসুল।" অতএব কোন দল, কোন গোষ্ঠী এবং কোন সম্প্রদায়ের নিকট নয়, সকল মানুষের নিকট - "আপনি বলুন, হে মানুষ! নিশ্চয়ই আমি তোমাদের সবার প্রতি আল্লাহর রাসুল।" অন্য আরেক আয়াতে রয়েছেঃ

﴿وَ مَاۤ اَرۡسَلۡنٰكَ اِلَّا كَآفَّةً لِّلنَّاسِ بَشِیۡرًا وَّ نَذِیۡرًا﴾

“আর আমরা তো আপনাকে সমগ্র মানুষের জন্যই সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে প্রেরণ করেছি।”[46] অন্য আরেক আয়াতে রয়েছেঃ

﴿وَ مَاۤ اَرۡسَلۡنٰكَ اِلَّا رَحۡمَةً لِّلۡعٰلَمِیۡنَ﴾

“আর আমরা তো আপনাকে সৃষ্টিকুলের জন্য কেবলই রহমতস্বরুপ পাঠিয়েছি।”[47] তাহলে ঐ সকল ধর্মগুলো নিয়ে আলেমরা ছলনা করেছে এবং পরিবর্তন করেছে যেগুলো নির্দিষ্ট কিছু সম্প্রদায়ের জন্য ছিল। আর এই দ্বীন সকল মানব জাতির জন্য; তাই যে ব্যক্তি সকল মানব জাতির দ্বীন নিয়ে ছলনা করে তার অবস্থা আরো বেশি নিকৃষ্ট হবে ঐ ব্যক্তির চেয়ে যে এমন দ্বীন নিয়ে ছলনা করে যা ছিল একটি নির্দিষ্ট সম্প্রদায়ের জন্য খাছ। এটা হল প্রথম দিক।

দ্বিতীয় দিকঃ আল্লাহর রাসুল ﷺ কে প্রেরণ করার মাধ্যমে ঐ সকল শারীয়াহ’ কে রহিত করা হয়েছে। এগুলোর নির্দিষ্ট সময় ছিল। রাসুল ﷺ কে প্রেরণ করার মাধ্যমে তাওরাতের উপর আমল করা শেষ হয়ে যায় এবং ইঞ্জিলের উপর আমল করাও শেষ হয়ে যায়। এর দলিল আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বাণীঃ

﴿وَ مَنۡ یَّبۡتَغِ غَیۡرَ الۡاِسۡلَامِ دِیۡنًا فَلَنۡ یُّقۡبَلَ مِنۡهُ ۚ وَ هُوَ فِی الۡاٰخِرَةِ مِنَ الۡخٰسِرِیۡنَ﴾

“আর যে ব্যক্তি ইসলাম ব্যতীত অন্য কোন দ্বীন তালাশ করে কখনো তার থেকে তা গ্রহণ করা হবে না এবং সে হবে আখিরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত।”[48] তাহলে যে শারীয়াহ’গুলোর মধ্যে ইহুদীদের এবং খ্রিষ্টানদের আলেমরা পরিবর্তন করেছিল সেগুলো আল্লাহ عَزَّوَجَلَّ -এর ইচ্ছার ভিত্তিতে নির্দিষ্ট একটি সময়ের জন্য ছিল। আর এই ধর্ম আল্লাহর রাসুল ﷺ -এর প্রেরণের সময় থেকে ক্বিয়ামত পর্যন্ত অবশিষ্ট

---

[46] সুরা সাবাঃ ২৮

[47] সুরা আম্বিয়াঃ ১০৭

[48] সুরা আলে-ইমরানঃ ৮৫

থাকবে। কারণ আল্লাহর রাসুল ﷺ -এর পরে কোন নাবী নেই। সুরা আহযাবের ৪০ নং আয়াতে এর দলিল রয়েছেঃ

﴿مَا كَانَ مُحَمَّدٌ اَبَآ اَحَدٍ مِّنْ رِّجَالِكُمْ وَ لٰكِنْ رَّسُوْلَ اللّٰهِ وَ خَاتَمَ النَّبِيّٖنَ﴾

“মুহাম্মাদ তোমাদের মধ্যে কোন পুরুষের পিতা নন; বরং তিনি আল্লাহর রাসুল এবং শেষ নাবী।” তাহলে আল্লাহর রাসুল ﷺ -এর পরে কোন নাবী নেই; অতএব এই শারীয়াহ আল্লাহর রাসুল ﷺ -এর প্রেরণের সময় থেকে ক্বিয়ামত পর্যন্ত থাকবে। তাই যে ব্যক্তি এই শারীয়াহ নিয়ে ছলনা করবে যেটাকে আল্লাহ عَزَّوَجَلَّ ক্বিয়ামত পর্যন্ত সকল মানুষের জন্য নির্ধারণ করেছেন সে এমন আলেম থেকে অধিক নিকৃষ্ট যে ঐ শারীয়াহ নিয়ে ছলনা করেছে আল্লাহ عَزَّوَجَلَّ -এর ইচ্ছানুযায়ী যার একটি নির্দিষ্ট সময় ছিল। সংবিধান প্রণয়ন কমিটি আয়াতের হুকুমে অন্তর্ভুক্ত হওয়ার ক্ষেত্রে এটা হল দ্বিতীয় দিক।

তৃতীয় দিকঃ আল্লাহ প্রদত্ত এই শারীয়াহ’কে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَىٰ পূর্ণ করেছেন, পরিপূর্ণ করেছেন এবং আমাদের জন্য মনোনীত করেছেনঃ

﴿اَلْيَوْمَ اَكْمَلْتُ لَكُمْ دِيْنَكُمْ وَ اَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِيْ وَ رَضِيْتُ لَكُمُ الْاِسْلَامَ دِيْنًا﴾

“আজ আমি তোমাদের জন্য তোমাদের দ্বীনকে পরিপূর্ণ করলাম এবং তোমাদের উপর আমার নিআমত সম্পূর্ণ করলাম, আর তোমাদের জন্য ইসলামকে দ্বীন হিসেবে মনোনীত করলাম।”[49] যখন সংবিধান প্রণয়ন কমিটি এসে এমন দ্বীন পরিবর্তন করে আল্লাহ যেটাকে পরিপূর্ণ করেছেন এবং তারা এমন দ্বীনকে পরিবর্তন করে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَىٰ ক্বিয়ামত পর্যন্ত মানব জাতির জন্য যেটা মনোনীত করেছেন অপরদিকে এই সকল সিফাত তাওরাতের ব্যাপারে বলা হয়নি আর না বলা হয়েছে ইঞ্জিলের ব্যাপারে তখন সংবিধান প্রণয়ন কমিটির এই সকল ব্যক্তিরা ইহুদীদের পণ্ডিতদের থেকে বেশি নিকৃষ্ট হবে এবং খ্রিষ্টানদের পাদ্রীদের থেকে বেশি নিকৃষ্ট হবে। আয়াতের হুকুমে অন্তর্ভুক্ত হওয়ার ক্ষেত্রে তারা বেশি অগ্রগণ্য।

[49] সুরা মায়িদাহঃ ০৩

তাহলে এর মাধ্যমে আমরা যে ফলাফল পেলাম তা হল সংবিধান প্রণয়ন কমিটি আল্লাহ عَزَّوَجَلَّ কে বাদ দিয়ে রবে পরিণত হয়েছে।

সংবিধান প্রণয়ন কমিটির অন্য আরেকটি বাস্তবতাঃ

এই সকল ব্যক্তিরা আল্লাহ عَزَّوَجَلَّ এর আইনকে পশ্চাতে নিক্ষেপকারী।

আমরা যে দ্বিতীয় বিষয় আলোচনা করেছি 'তারা পরিবর্তন ও বিকৃত করে'এর দৃঢ়করণে এখন আমি বলছি যে, সংবিধান প্রণয়ন কমিটি আল্লাহ عَزَّوَجَلَّ -এর আইনকে পশ্চাতে নিক্ষেপ করে। আল্লাহ تَبَارَكَ وَتَعَالَىٰ কাউকে এ অধিকার দেননি যে, সে আল্লাহর বিধানের কোন বিষয়কে পশ্চাতে নিক্ষেপ করবে। এর দলিল সুরা র'দের ৪১ নং আয়াতে রয়েছে, আল্লাহ تَبَارَكَ وَتَعَالَىٰ বলেন,

﴿وَ اللّٰهُ يَحْكُمُ لَا مُعَقِّبَ لِحُكْمِهٖ ؕ وَ هُوَ سَرِيْعُ الْحِسَابِ﴾

"আর আল্লাহই হুকুম করেন এবং তার হুকুম পশ্চাতে নিক্ষেপ করার কেউ নেই এবং তিনিই দ্রুত হিসাব গ্রহণকারী।"

"আর আল্লাহই হুকুম করেন এবং তার হুকুম পশ্চাতে নিক্ষেপ করার কেউ নেই।" "تعقيب" এর অর্থঃ ইমাম বাগাওয়ী رَحِمَهُ الله তার তাফসীরে বলেন, "অর্থাৎ তার ফায়সালার কোন খণ্ডনকারী নেই এবং তার আইনের কোন বিরোধিতাকারী নেই।" এমনিভাবে ইমাম আলুসী অনুরূপ কথাই বলেছেন; তাহলে "تعقيب" এর অর্থ হলঃ খণ্ডন করা, প্রত্যাহার করা, বাতিল করা এবং অকেজো করা।

আল্লাহ عَزَّوَجَلَّ আমাদের জন্য এই দ্বীনকে পরিপূর্ণ, পূর্ণাঙ্গতর এবং একে আমাদের জন্য মনোনীত করার পর তিনি এই অধিকার কাউকে দেননি। আর আপনি যেমন জানেন, সংবিধান প্রণয়ন কমিটি আল্লাহর দ্বীনের এমন কোন বিষয় বাদ রাখেনি যা তারা পিছনে ছুড়ে ফেলেনি– "তিনিই দ্রুত হিসাব গ্রহণকারী।" তাই আমরা আল্লাহ عَزَّوَجَلَّ -এর নিকট কামনা করি তিনি যেন আখিরাতের পূর্বে দুনিয়ায় তাদের হিসাব গ্রহণ ত্বরান্বিত করেন।

প্রত্যাহার করা, খণ্ডন করা, অকেজো করা এবং পরিবর্তন করা-এ সবগুলোই পশ্চাতে নিক্ষেপ করার অন্তর্ভুক্ত। তা হচ্ছে এমন যে, আল্লাহ عَزَّوَجَلَّ একটি আইনের মাধ্যমে ফায়সালা করলেন, অতঃপর কিছু মানুষ এসে এই আইন ব্যতীত অন্য আরেকটি আইন নিয়ে আসল - হোক সেটা বৃদ্ধি করা অথবা হ্রাস করা অথবা পরিবর্তন করা অথবা প্রত্যাহার করা—এ সবগুলোকে 'পশ্চাতে নিক্ষেপ করা' হিসেবে আখ্যায়িত করা হয়।

অতএব সংবিধান প্রণয়ন কমিটির সকলে আল্লাহ عَزَّوَجَلَّ এর আইনসমূহকে পশ্চাতে নিক্ষেপ করেছে। বরং তারা এমন কোন বিষয় বাদ রাখেনি যা তারা নষ্ট করেনি। তাদের এ বক্তব্য যেন আপনাকে ধোঁকায় না ফেলেঃ "ইসলামী শারীয়াহ আইন প্রণয়নের উৎসসমূহের মধ্য থেকে একটি উৎস। বিবাহ সংক্রান্ত আইন শারীয়াহ'র আইন, তালাকের আইন শারীয়াহ'র আইন ..." না, আপনাকে যেন এই বক্তব্য ধোঁকা না দেয়; কারণ তারা এটা গ্রহণ করেছে তাদের প্রবৃত্তির অনুসরণের ভিত্তিতে। আমাদের দ্বীনে তারা যা পেয়েছে এর চেয়ে যদি উত্তম কিছু পেত তাহলে তারা তাই গ্রহণ করত।

সংবিধান প্রণয়ন কমিটির বাস্তবতাসমূহের মধ্য থেকে চতুর্থ বাস্তবতাঃ

তারা আল্লাহ عَزَّوَجَلَّ এর অংশীদার।

আমরা বলেছি, তারা সমকক্ষ, তারা রব, তারা পশ্চাতে নিক্ষেপকারী। আমরা এখন বলছি, তারা আল্লাহ عَزَّوَجَلَّ -এর শরীক বা অংশীদার। এর দলিল সুরা শুরার ২১ নং আয়াতে রয়েছে, আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى বলেন,

﴿أَمْ لَهُمْ شُرَكَٰٓؤُا۟ شَرَعُوا۟ لَهُم مِّنَ ٱلدِّينِ مَا لَمْ يَأْذَنۢ بِهِ ٱللَّهُ﴾

"তাদের জন্য কি এমন কিছু শরীক আছে, যারা তাদের জন্য দ্বীনের বিধান দিয়েছে, যার অনুমতি আল্লাহ দেননি?"

হে ভাইগণ! সংবিধান প্রণয়ন কমিটি যা প্রণয়ন করে তা একটি দ্বীন। এটা

একটি দ্বীন; কারণ আপনি যেমন জানেন, দ্বীন শব্দকে সত্য দ্বীনের ক্ষেত্রে ব্যবহার করা যায় এবং বাতিল দ্বীনের ক্ষেত্রেও ব্যবহার করা যায়। সুতরাং বাতিলকে দ্বীন হিসেবে অভিহিত করা হয় এবং হক্ব তথা সত্যকেও দ্বীন হিসেবে অভিহিত করা হয়। আল্লাহ عَزَّوَجَلَّ -এর কিতাব থেকে এর দলিল হচ্ছে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বাণীঃ "আর যে ব্যক্তি ইসলাম ব্যতীত তালাশ করে।" কী তালাশ করে? "অন্য কোন দ্বীন।"[50] তাহলে ইসলাম ছাড়াও দ্বীন তথা ধর্ম রয়েছে। ইসলাম একটি দ্বীন এবং ইসলাম ছাড়া অন্যান্য বাতিল ধর্মকেও আল্লাহ عَزَّوَجَلَّ দ্বীন হিসেবে অভিহিত করেছেন।

অন্য আরেকটি দলিলঃ সুরা কাফিরূনের ০৬ নং আয়াতে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى মক্কার মুশরিকদের উদ্দেশ্য করে বলেন,

﴿لَكُمْ دِينُكُمْ وَلِيَ دِينِ﴾

"তোমাদের দ্বীন (কর্মফল) তোমাদের, আর আমার দ্বীন (কর্মফল) আমার।" তাহলে মুশরিকরা যার উপর ছিল আল্লাহ عَزَّوَجَلَّ সেটাকে দ্বীন নাম দিয়েছেন।

এমনিভাবে ফিরআউন বলেছিল,

﴿ذَرُونِي أَقْتُلْ مُوسَىٰ وَلْيَدْعُ رَبَّهُ ۖ إِنِّي أَخَافُ أَن يُبَدِّلَ دِينَكُمْ أَوْ أَن يُظْهِرَ فِي الْأَرْضِ الْفَسَادَ﴾

"আর ফিরআউন বলল, আমাকে ছেড়ে দাও আমি মূসাকে হত্যা করব এবং সে যেন তার রবকে আহবান করে। নিশ্চয়ই আমি আশঙ্কা করি যে, সে তোমাদের দ্বীন পরিবর্তন করে দেবে অথবা সে যমীনে বিপর্যয় ছড়িয়ে দেবে।"[51] সুতরাং সে যার উপর ছিল সেটাকে সে দ্বীন হিসেবে আখ্যায়িত করেছে। আল্লাহ عَزَّوَجَلَّ আমাদের জন্য কুরআনে ওহী করে এটা বর্ণনা করেছেন।

অতএব সত্য দ্বীনকে দ্বীন হিসেবে আখ্যায়িত করা হয়। ইসলামকে দ্বীন

[50] সুরা আলে-ইমরানঃ ৮৫

[51] সুরা গাফিরঃ ২৬

হিসেবে আখ্যায়িত করা হয়। আর ইসলাম ছাড়া অন্য সকল শারীয়াহ বা আইনকেও দ্বীন হিসেবে আখ্যায়িত করা হয় - হোক সেগুলো আসমানী অথবা যমীনে সৃষ্ট তা সমান। যেহেতু তারা যা প্রণয়ন করে তা মানুষের জীবনে আইন হিসেবে নির্দিষ্ট হয় এবং তাদের জীবন বিন্যস্ত করার ক্ষেত্রে তা প্রবিষ্ট হয় তাই এটাকে দ্বীন হিসেবে আখ্যায়িত করা হয়। কিন্তু তা বাতিল দ্বীন যার ব্যাপারে আল্লাহ عَزَّوَجَلَّ অনুমতি দেননি; তাই যে ব্যক্তি আল্লাহ عَزَّوَجَلَّ -এর দ্বীন ব্যতীত কোন দ্বীন তৈরি করে সে আল্লাহ عَزَّوَجَلَّ -এর দ্বীন বাদ দিয়ে বাতিল দ্বীন তৈরি করল। আর আল্লাহ تَبَارَكَ وَتَعَالَىٰ এই দ্বীন তৈরি করার ব্যাপারে তাকে অনুমতি দেননি। তাই দ্বীন তৈরিকারী নিজেকে আল্লাহ عَزَّوَجَلَّ -এর শরীক সাব্যস্ত করল। এই দ্বীন তৈরিকারী নিজেকে আল্লাহ عَزَّوَجَلَّ -এর শরীক সাব্যস্ত করল। আমরা আমাদের প্রথম দারসে বলেছিলাম এটা হচ্ছে সমকক্ষের অর্থ।

তাহলে তারা হচ্ছে আল্লাহ عَزَّوَجَلَّ -এর শরীক। কারণ তারা এমন এক দ্বীন তৈরি করেছে আল্লাহ عَزَّوَجَلَّ যে ব্যাপারে অনুমতি দেননি। আর এটা একটি বাতিল দ্বীন।

সংবিধান প্রণয়ন কমিটির সাথে সম্পর্কিত সর্বশেষ বাস্তবতা অর্থাৎ পঞ্চম বাস্তবতাঃ

তারা শয়তানের বন্ধু।

এর দলিল আমরা পূর্বে আলোচনা করেছি–সুরা আনআমের ১২১ নং আয়াতে রয়েছেঃ

﴿وَإِنَّ الشَّيٰطِيْنَ لَيُوْحُوْنَ اِلٰٓى اَوْلِيٰٓئِهِمْ لِيُجَادِلُوْكُمْ ۚ﴾

“নিশ্চয়ই শয়তানরা তাদের বন্ধুদেরকে তোমাদের সাথে বিবাদ করতে প্ররোচনা (ওহী) দেয়।”

আল্লাহ تَبَارَكَ وَتَعَالَىٰ ঐ ক্ষুদ্র অংশকে শয়তানের ওহী নাম দিয়েছেন। যখন তারা বলেছিল, “কেন তোমরা তোমাদের যবেহকৃত বকরী ভক্ষণ কর অথচ আল্লাহ عَزَّوَجَلَّ যে বকরী হত্যা করেন তোমরা সেটি ভক্ষণ কর না?” তাহলে মৃত বস্তু ভক্ষণ

করা একটি আইন। এই আইন সম্পর্কে আল্লাহ عَزَّوَجَلَّ বলেছেন, এটা শয়তানের পক্ষ থেকে তার বন্ধুদের নিকট একটি ওহী ছিল।

ঠিক আছে, সংবিধান প্রণয়ন কমিটি যখন কামরায় একাকী এই সকল আইন ও সংবিধান প্রণয়ন করা শুরু করে যেগুলো আল্লাহ عَزَّوَجَلَّ -এর আইনসমূহকে পশ্চাতে নিক্ষেপ করে, প্রত্যাখ্যান করে, নষ্ট করে, পরিবর্তন করে এবং বিকৃত করে। এই সকল ধারা যখন তারা লিপিবদ্ধ করে আমি দৃঢ়ভাবে নিশ্চিত তখন শয়তান তাদের সাথে কামরায় অবস্থান করে। যদিও তাকে দেখা যায় না। সে তাদের নিকট ওহী করে এবং তাদের অবকাশ দেয় আর তারা এই সকল ধারা এবং সংবিধান লিপিবদ্ধ ও প্রণয়ন করে।

এই কামরায় তাদের সাথে শয়তানের অবস্থানের ব্যাপারে আমি কিভাবে নিশ্চিত হলাম? কারণ যার নিকট আসমান এবং যমীনের কোন কিছু গোপন নয় তিনি বলেছেন, "নিশ্চয়ই শয়তানরা তাদের বন্ধুদেরকে তোমাদের সাথে বিবাদ করতে প্ররোচনা (ওহী) দেয়।" মানুষের মধ্যে শয়তানের সবচেয়ে প্রিয় বন্ধু হচ্ছে সংবিধান প্রণয়ন কমিটি; কারণ একজন ব্যক্তি যে হুকুম বা আইন নিয়ে আসে সেটা শয়তানের নিকট কোন কিছুর সমতুল্য হয় না। তাই সম্ভব যে, সে তার জন্য ক্ষুদ্র একটি বিষয়ের ওহী করে যেমন মৃত বস্তু ভক্ষণ করা এবং মৃত বস্তু ভক্ষণ না করা। আর এই সকল ব্যক্তিরা আইন এবং পূর্ণাঙ্গ দ্বীন তৈরি করে যা জীবনের সকল ক্ষেত্রে অন্তর্ভুক্ত হয়। তাই এই আয়াতে কারীমার বক্তব্য অনুযায়ী সংবিধান প্রণয়ন কমিটিকে শয়তানের বন্ধু হিসেবে গণ্য করা হয়।

সুতরাং আপনি যখন জানলেন যে, সংবিধান প্রণয়ন কমিটি হচ্ছে সমকক্ষ, রব, পশ্চাতে নিক্ষেপকারী, আল্লাহ عَزَّوَجَلَّ -এর শরীক এবং শয়তানের বন্ধু তখন নিশ্চিতভাবেই আপনার নিকট এই সকল লোকদের হুকুম স্পষ্ট।

উপরন্তু উপকারার্থে আমি বলি, আল্লাহ عَزَّوَجَلَّ যখন কোন ফায়সালা দেন তখন কারো জন্য পছন্দ করেন না সে এই ফায়সালা বা আইনকে পরিবর্তন করবে এবং বিকৃত করবে। এর উদাহরণ সুরা তাওবার ৩৬ নং আয়াতে রয়েছে, আল্লাহ

تَبَارَكَ وَتَعَالَى বলেন,

إِنَّ عِدَّةَ الشُّهُورِ عِندَ اللَّهِ اثْنَا عَشَرَ شَهْرًا فِي كِتَابِ اللَّهِ يَوْمَ خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ مِنْهَا أَرْبَعَةٌ حُرُمٌ ۚ ذَٰلِكَ الدِّينُ الْقَيِّمُ ۚ فَلَا تَظْلِمُوا فِيهِنَّ أَنفُسَكُمْ

“নিশ্চয়ই আসমানসমূহ ও যমীনের সৃষ্টির দিন থেকেই আল্লাহর বিধানে আল্লাহর কাছে গণনায় মাস বারটি। তার মধ্যে চারটি নিষিদ্ধ মাস। এটাই প্রতিষ্ঠিত দ্বীন। কাজেই এর মধ্যে তোমরা নিজেদের প্রতি জুলুম করো না।” এটা আল্লাহ عَزَّوَجَلَّ -এর বিধান যে, তিনি যখন পৃথিবী সৃষ্টি করেছেন পৃথিবী সৃষ্টির বিধানে ছিল মাস হবে বারটি। কিন্তু এই সকল মাসের মধ্যে চারটি মাস হচ্ছে হারাম মাস। এটা আল্লাহ عَزَّوَجَلَّ -এর পক্ষ থেকে একটি আইন বা বিধান। মক্কার মুশরিকরা এই হারাম মাসগুলোকে পরিবর্তন করেছিল। যখন তারা মুহাররাম মাসে আসত আর হারাম মাস হল আপনি যেমন জানেন, রজব, মুহাররাম, যুল-ক্বদ এবং যুল-হাজ্জ। মুহাররাম মাস হল হারাম মাসের অন্তর্ভুক্ত। মক্কার মুশরিকরা এই সকল হারাম মাস সম্পর্কে জানত। কিন্তু তাদের কারো নিকট এ বিষয়ের দায়িত্ব অর্পিত হলে সে বলত, মুহাররাম মাস এই বছর হালাল। সে হারাম মাসকে অন্য আরেক মাসে পরিবর্তন করে দিত।

ফলে তারা হারামকে হালালে পরিণত করত এবং হালালকে হারামে পরিণত করত; সুতরাং এটা হচ্ছে আল্লাহ عَزَّوَجَلَّ -এর বিধানসমূহের মধ্য থেকে একটি বিধানকে পরিবর্তন করা ও বিকৃত করা।

যারা আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বিধানসমূহের ক্ষেত্রে পরিবর্তন করে অথবা বিকৃত করে আল্লাহ তাদের সম্পর্কে বলেন,

إِنَّمَا النَّسِيءُ زِيَادَةٌ فِي الْكُفْرِ ۖ يُضَلُّ بِهِ الَّذِينَ كَفَرُوا يُحِلُّونَهُ عَامًا وَيُحَرِّمُونَهُ عَامًا لِّيُوَاطِئُوا عِدَّةَ مَا حَرَّمَ اللَّهُ فَيُحِلُّوا مَا حَرَّمَ اللَّهُ ۚ

“নিশ্চয়ই কোন মাসকে পিছিয়ে দেয়া কুফরি বৃদ্ধি করে, এর দ্বারা কাফিররা পথভ্রষ্ট হয়, তারা এটি এক বছর হালাল করে এবং আরেক বছর হারাম করে, যাতে তারা

আল্লাহ যা হারাম করেছেন তার সংখ্যা ঠিক রাখতে পারে। ফলে আল্লাহ যা হারাম করেছেন, তা তারা হালাল করে।”[52] তাহলে এটা হল মুশরিকদের ঐ সকল মাসকে হারাম থেকে হালালে পরিবর্তন করা এবং হালালকে হারামে পরিবর্তন করা। আল্লাহ عَزَّوَجَلَّ এটা শুধু কুফর বলেননি বরং তিনি বলেছেন, এটা কুফরের ক্ষেত্রে বৃদ্ধিকরণ; কারণ এই কাজকে তোমরা এমন কুফরের সাথে যুক্ত করেছো যা এই কুফরের পূর্বে তোমাদের নিকট ছিল। তাহলে সংবিধান প্রণয়ন কমিটি কেবল মুরতাদ কাফির নয়। বরং তারা কুফরের ক্ষেত্রে বৃদ্ধি করেছ–ওয়াল-ইয়াযুবিল্লাহ্

আমার বক্তব্য এতোটুকুই। আমি আল্লাহর নিকট আমার জন্য এবং আপনাদের জন্য ক্ষমা প্রার্থনা করছি। আল্লাহ আপনাদের উত্তম প্রতিদান দান করুন! এর মাধ্যমে আমরা আমাদের আলোচনার দ্বিতীয় অংশ শেষ করব তা হল সংবিধান প্রণয়ন কমিটির হুকুম।

---

[52] সুরা তাওবাঃ ৩৭

আনুগত্যের শিরক সংক্রান্ত উৎকর্ষ বিবরণ

শাইখ আবু আলী আল-আনবারী আল-কুরাইশী رحمه الله

চতুর্থ দারসঃ

সংবিধানের বাস্তবতা এবং এব্যাপারে শারীয়াহ’র হুকুম

الحَمدُ لله والصَّلاةُ والسَّلامُ على رسُولِ الله؛

হে আল্লাহ আপনি আমাদেরকে হক্বকে হক্ব হিসেবে দেখান এবং হক্ব অনুসরণ করার ক্ষেত্রে আমাদের সাহায্য করুন, বাতিলকে বাতিল হিসেবে দেখান এবং বাতিল বর্জন করার ক্ষেত্রে আমাদের সাহায্য করুন। হে আল্লাহ আপনি আমাদের এমন বিষয় শিক্ষা দিন যা আমাদের উপকার করবে এবং আপনি আমাদের যা শিক্ষা দেন এর মাধ্যমে আমাদের উপকৃত করুন। হে আল্লাহ আপনি আমাদেরকে আমাদের ইলম অনুযায়ী আমলকারী বানিয়ে দিন। হে আল্লাহ ক্বিয়ামতের দিন আমাদের ইলমকে আমাদের জন্য দলিল বানিয়ে দিন এবং আমাদের বিরুদ্ধে দলিল বানাবেন না - - ইয়া আরহামার-রহিমীন! হে আমার রব! আপনি আমার বক্ষ উন্মুক্ত করে দিন, আমার বিষয়াদি সহজ করে দিন এবং আমাদের মুখের জড়তা দূর করে দিন যেন তারা আমার কথা বুঝতে পারে। হে আল্লাহ আপনি আমার কর্মকে সৎ বানিয়ে দিন, আপনার সন্তুষ্টির জন্য খালিছ করে দিন এবং আপনার সৃষ্টির কারো জন্য এতে কোন অংশ রাখবেন না।

অতঃপর,

আল্লাহর দয়া ও অনুগ্রহে আমরা গত দারসে সংবিধান প্রণয়ন কমিটি সম্পর্কে আলোচনা করেছি। আমরা কুরআনের বিভিন্ন আয়াত এবং আল্লাহর রাসুল ﷺ -এর হাদিসের মাধ্যমে সংবিধান প্রণয়ন কমিটির কতিপয় সিফাত প্রমাণ করেছি। আমরা বলেছি, এই সকল লোকেরা আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর দ্বীন থেকে মুরতাদ হয়ে গেছে। ইনশা'আল্লাহ আজকে আমাদের আলোচনা হবে সংবিধান সম্পর্কে।

সংবিধানের বাস্তবতা কী? এবং এব্যাপারে শারীয়াহ'র হুকুম কী?

আমি আল্লাহ عَزَّوَجَلَّ -এর সাহায্যে বলছিঃ আপনি জানেন যে, মানুষ সামাজিক। সে তার স্বজাতির লোকদের থেকে বিচ্ছিন্ন হয়ে জীবন-যাপন করতে

সক্ষম নয়। যেহেতু মানুষ সমাজবদ্ধ হয়ে জীবন-যাপন করে তাই এমন আইন বিদ্যমান থাকা আবশ্যক যা এই সকল সমাজবদ্ধ মানুষের জীবনকে সুশৃঙ্খল করে। সেখানে এমন কোন আইন ছাড়া সমাজবদ্ধ হয়ে তাদের জীবন-যাপন করা সম্ভব নয় যা তাদের জীবনকে সুশৃঙ্খল করে। এই সকল আইন যেগুলো মানুষের জীবনকে সুশৃঙ্খল করে সেগুলো যেখানে পাওয়া যায় - হোক ছোট সমাজে অথবা বৃহৎ সমাজে–তা দুই ভাগে বিভক্তঃ হয়তো তা আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর পক্ষ থেকে নাযিলকৃত আইন হবে। নতুবা যখন তারা আল্লাহ عَزَّوَجَلَّ -এর শারীয়াহ'কে কিছুটা বিলোপ করে তখন আপনি দেখতে পাবেন, তারা নিজেদের জন্য বিভিন্ন আইন প্রণয়ন করে যতক্ষণ না তারা তাদের জীবনকে সুশৃঙ্খল করে; তাহলে মানুষ শারীয়াহ তথা আইন ব্যতীত স্বয়ংসম্পূর্ণ হবে না - হোক সেটা আল্লাহ প্রদত্ত আইন অথবা মানুষের প্রণয়নকৃত বা গঠনকৃত আইন। আল্লাহ عَزَّوَجَلَّ সর্বশেষ রিসালাত তার রাসুলের মাধ্যমে পাঠিয়েছেন। আর আপনি যেমন জানেন, প্রত্যেক সময় ও প্রত্যেক স্থানের জন্য ক্বিয়ামত পর্যন্ত এই শারীয়াহ বা আইন যথোপযুক্ত।

যে সকল আইন মানুষের পক্ষ থেকে প্রণয়ন করা হয় 'তারা আল্লাহ عَزَّوَجَلَّ -এর শারীয়াহ'কে কিছুটা অপসারণ করে'। তারা কিছু আইন এবং সংবিধান নিয়ে এসেছে। এই সকল আইনের বাস্তবতা কী? এবং এই সকল সংবিধানের বাস্তবতা কী?

আল্লাহ عَزَّوَجَلَّ -এর শারীয়াহ ব্যতীত প্রতিটি আইন এবং প্রতিটি সংবিধান সবগুলোই কোন পার্থক্য ছাড়াই জাহিলী আইন বা বিধিবিধান। আল্লাহ عَزَّوَجَلَّ -এর কিতাব থেকে দলিল, সুরা মায়িদাহ'র ৪৯-৫০ নং আয়াতে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বাণীঃ

وَاِنَّ كَثِيْرًا مِّنَ النَّاسِ لَفٰسِقُوْنَ ۞ اَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُوْنَ ؕ وَمَنْ اَحْسَنُ مِنَ اللّٰهِ حُكْمًا لِّقَوْمٍ يُّوْقِنُوْنَ

"আর নিশ্চয়ই অধিকাংশ মানুষ ফাসিক্ব। তবে কি তারা জাহিলিয়্যাতের বিধিবিধান কামনা করে? আর দৃঢ় বিশ্বাসী সম্প্রদায়ের জন্য বিধান প্রদানে আল্লাহর চেয়ে আর কে শ্রেষ্ঠতর?" আপনি কিভাবে এই আয়াতের মাধ্যমে এই বিষয়ের উপর দলিল পেশ করবেন যে, আল্লাহ প্রদত্ত আইন ব্যতীত সকল আইন জাহিলী আইন বা

বিধিবিধান? আমরা এই আয়াতে কারীমার কতিপয় শব্দের নিকট বিরতি দিচ্ছিঃ

প্রথম শব্দঃ আল্লাহ عَزَّوَجَلَّ এই আয়াতে একটি শব্দ উল্লেখ করেছেন, "জাহিলী"। **অতঃপর তিনি অন্য আরেকটি শব্দ উল্লেখ করেছেন,** তিনি বলেছেন, "আইন"। অর্থাৎ এই সকল জাহিলদের কিছু আইন ছিল। এটা হল দুইটি শব্দ। এরপর তিনি উল্লেখ করেছেন, অধিকাংশ মানুষ এই সকল জাহিলী আইন চায়। **এটা হল তৃতীয় শব্দ।** এই আয়াতে কারীমায় **চতুর্থ শব্দটি হলঃ** ঐ ব্যক্তির ব্যাপারে আল্লাহ عَزَّوَجَلَّ -এর ফায়সালা যে এই সকল জাহিলী আইন চায়–তারা ফাসিক্বঃ "আর নিশ্চয়ই অধিকাংশ মানুষ ফাসিক্ব। তবে কি তারা জাহিলিয়্যাতের বিধিবিধান কামনা করে? আর দৃঢ় বিশ্বাসী সম্প্রদায়ের জন্য বিধান প্রদানে আল্লাহর চেয়ে আর কে শ্রেষ্ঠতর?"[53]

অতএব শুরুতে আমাদের জানা প্রয়োজন যে, জাহিলী দ্বারা উদ্দেশ্য কী? এরপর আমরা জানব জাহিলিয়্যাতের আইন কী? এরপর আমরা জানব গঠনকৃত আইন এবং সংবিধানসমূহের সাথে এই আয়াতে কারীমার সম্পর্ক কী

জাহিলিয়্যাতের সম্বন্ধেঃ ইমাম ইবনে হাজার رَحِمَهُ اللهُ 'ফাতহুল বারী'তে বলেন, "জাহিলিয়্যাতকে সাধারণত অতীত সময়ের ক্ষেত্রে প্রয়োগ করা হয়। উদ্দেশ্য হচ্ছেঃ ইসলামের পূর্বের সময়। সম্ভাব্য এর সীমা শেষ হয় মক্কা বিজয়ের মাধ্যমে।" তাহলে ইবনে হাজার رَحِمَهُ اللهُ জাহিলিয়্যাতের পরিচয় দিয়েছেন যে, জাহিলিয়্যাতের সময় ছিল আল্লাহর রাসুল ﷺ কে প্রেরণের পূর্বের সময়। আর এই জাহিলিয়্যাত এবং এই সময় মক্কা বিজয় হওয়া পর্যন্ত চলমান ছিল। মক্কা বিজয় হওয়ার পর এই যুগ শেষ হয়ে যায়। ইমাম ত্বহাওয়ী رَحِمَهُ اللهُ 'মুশকিলুল আছার' গ্রন্থে মুজাহিদ رَحِمَهُ اللهُ থেকে নকৃল করেছেন, তিনি বলেছেন, "জাহিলিয়্যাত হল ঈসা এবং মুহাম্মাদ ﷺ -এর মধ্যবর্তী সময়।" তাহলে তিনি ঈসা عَلَيْهِ السَّلَام থেকে আল্লাহর রাসুল ﷺ -এর আগমন পর্যন্ত এই সময়কে মক্কাবাসীদের দিকে সম্পৃক্ত করে বলেছেন–এটা হল জাহিলিয়্যাতের সময়। অতএব এই সময়কে ইতিহাসে জাহিলী সময় হিসেবে পরিচয়

---

53 সুরা মায়িদাহঃ ৪৯-৫০

দেওয়া হয়।

উপকারার্থে আমি একটি বিষয় উল্লেখ করছিঃ আপনি জানেন যে, বাথ পার্টির সদস্যরা একটা সময় এই দেশ শাসন করেছিল। এই সকল লোকদের মনোভাব ছিল জাতীয়তাবাদী—ওয়াল-ইয়াযুবিল্লাহ্। যখন ঐ তাগুতী সময়ে তাদের অগ্রগামী নেতা ইতিহাসের কিতাব পুনরায় করণের আদেশ করল তখন তারা কিছু শব্দকে নতুনরূপে ফিরিয়ে আনল। যে সকল শব্দকে তারা নতুনরূপে ফিরিয়ে এনেছে-এর মধ্যে রয়েছেঃ তারা 'জাহিলী যুগ' শব্দকে বিলুপ্ত করে নতুন একটি পরিভাষা নিয়ে আসল। তারা এর নাম দিল 'ইসলাম পূর্ব যুগ'। কারণ তারা যে জাতীয়তাবাদকে দ্বীন হিসেবে গ্রহণ করত তা তাদের জন্য ঐ বিগত সময়ের ঐ সকল মুশরিকদের যারা শিরকের উপর মৃত্যুবরণ করেছে তাদেরকে জাহিলী নামে আখ্যায়িত করতে অস্বীকার করে। তারা আরবদের উপর - যদিও ঐ সময়টা শিরকের উপর ছিল - জাহিলী নাম প্রয়োগ করতে নাক ছিটকায়। ফলে তারা এই পরিভাষাকে 'ইসলাম পূর্ব যুগ' পরিভাষায় পরিবর্তন করেছে। তাই মানুষ যেন সতর্ক থাকে যখন সে এই ধরনের পরিভাষা ব্যবহার করবে। কারণ এই পরিভাষাটি হচ্ছে বাথিষ্ট পরিভাষা। আর ইসলামী পরিভাষাগুলোকে আমরা আঁকড়ে ধরব। আমরা ঐ সময় বা যুগকে জাহিলী যুগ নামে আখ্যায়িত করব। তাহলে আপনি এখন জানলেন যে, এই দীর্ঘ সময়টি রাসুল ﷺ -এর পূর্বে ছিল।

এই যুগের অস্তিত্বের ব্যাপারে দলিল কী?

প্রথমে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর কিতাব থেকে; আল্লাহ عَزَّوَجَلَّ এর বাণীঃ "তবে কি তারা জাহিলিয়্যাতের বিধিবিধান কামনা করে?"[54] তাহলে আল্লাহ عَزَّوَجَلَّ প্রতিপন্ন করলেন যে, সেখানে জাহিলিয়্যাত রয়েছে। এমনিভাবে সুরা আহযাবের ৩৩ নং আয়াতে রয়েছেঃ

﴿وَ قَرْنَ فِى بُيُوْتِكُنَّ وَ لَا تَبَرَّجْنَ تَبَرُّجَ الْجَاهِلِيَّةِ الْأُوْلَى﴾

[54] সুরা মায়িদাহঃ ৫০

“আর তোমরা নিজ গৃহে অবস্থান করবে এবং প্রাক-জাহেলী যুগের মত সৌন্দর্য প্রদর্শন করো না।” উদ্দেশ্য হচ্ছে আমাদের মায়েদের প্রতি এবং আমাদের মায়েদের মধ্য হতে মুসলিম নারীদের প্রতি, তারা যেন প্রথম জাহিলী যুগের সৌন্দর্য প্রদর্শনের ন্যায় সৌন্দর্য প্রদর্শন না করে। নিশ্চিতভাবেই এই জাহিলিয়্যাত আমাদের মায়েদের কাছে পরিচিত ছিল যখন তাদেরকে সৌন্দর্য প্রদর্শন করতে নিষেধ করা হয়েছে যেমন জাহিলিয়্যাতে তারা সৌন্দর্য প্রদর্শন করত; তাহলে আয়াত নির্দেশ করে যে, জাহিলিয়্যাতের যুগ ইসলামের যুগের নিকটেই ছিল।

আর আল্লাহর রাসুল ﷺ -এর সুন্নাহ হাদিস থেকে দলিলঃ ইমাম মুসলিম رَحِمَهُ الله বিদায় হজ্জের ভাষণ সম্পর্কে একটি হাদিস বর্ণনা করেছেন। রাসুল ﷺ বলেছেন, “জাহেলী যুগের সুদও বাতিল হল। আমি প্রথমে যে সুদ বাতিল করছি তা হল আমাদের বংশের আব্বাস ইবনু আব্দুল মুত্তালিবের সুদ। তার সমস্ত সুদ বাতিল হল।” সুতরাং তিনি এটাকে কী নামে আখ্যায়িত করেছেন? তিনি বলেছেন, “জাহেলী যুগের সুদও বাতিল হল।” কিছু মানুষ আব্বাস ইবনে আব্দুল মুত্তালিবের সাথে সুদের মাধ্যমে লেনদেন করত। তার জন্য জাহিলিয়্যাতের সময় এক প্রকার দেওয়া-নেওয়া সুদ ছিল রাসুল ﷺ যেটাকে ইসলাম আসার সাথে বাতিল করেছেন; তাহলে ইসলামের পূর্বে যে সময় ছিল সেটা হচ্ছে জাহিলিয়্যাত। এটা হচ্ছে একটি দলিল।

আরো একটি দলিলঃ আব্দুল্লাহ ইবনে মাসউদ رَضِيَ اللهُ عَنْهُ -এর হাদিস। তিনি বলেছেন, আল্লাহর রাসুল ﷺ বলেছেন, “যে ব্যক্তি ইসলাম গ্রহণ করে ভাল কাজ করবে জাহিলী যুগে সে কী করেছে তার জন্য পাকড়াও করা হবে না। আর যে ব্যক্তি ইসলাম গ্রহণের পর মন্দ কাজ করে তাকে প্রথম থেকে শেষ পর্যন্ত পাকড়াও করা হবে।”[55]

তাহলে যুগটি নিকটেই ছিল - “যে ব্যক্তি ইসলাম গ্রহণ করে ভাল কাজ করবে জাহিলী যুগে সে কী করেছে তার জন্য পাকড়াও করা হবে না।” অতএব ইসলামের পূর্বে যে সময় ছিল সেটা ছিল জাহিলিয়্যাত। এমনিভাবে আবু হুরায়রা

[55] বুখারি ও মুসলিম বর্ণনা করেছেন।

رَضِيَاللهُعَنْهُ -এর হাদিস, আল্লাহর রাসুল ﷺ বলেছেন যখন তাকে সর্বোত্তম মানুষ সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল। তিনি বলেছেন, "জাহিলিয়্যাতের সময় তোমাদের উত্তমরা ইসলামে তোমাদের মধ্যে উত্তম যখন তারা জ্ঞানার্জন করবে।"[56] তাহলে তখন কিছু মানুষ ছিল যারা জাহিলিয়্যাতের সময় উত্তম ছিল। এই সকল উত্তম লোকেরা যখন ইসলাম গ্রহণ করবে তখন তারা ইসলামের মধ্যেও সর্বোত্তম হবে এ শর্তে যে, তারা জ্ঞানার্জন করবে।

তাহলে আল্লাহর রাসুল ﷺ -এর এই সকল হাদিস হতে চূড়ান্ত সীমা হচ্ছেঃ জাহিলিয়্যাতের সময় হল ইসলামের পূর্বের সময়। আর ইসলামের পরের সময় হচ্ছে ইসলাম। এটা হল আল্লাহর রাসুল ﷺ -এর হাদিসসমূহের দিকে সম্পর্কিত দলিল।

সাহাবীগণ আল্লাহর রাসুল ﷺ -এর সামনে এই অর্থে জাহিলিয়্যাতকে উল্লেখ করতেন। কিন্তু তিনি আপত্তি করেননি। এই সকল হাদিসের মধ্যে রয়েছেঃ

ওমর رَضِيَاللهُعَنْهُ -এর হাদিস ইমাম বুখারি رَحِمَهُاللهُ ও মুসলিম رَحِمَهُاللهُ বর্ণনা করেছেন, তিনি বলেছেন, "আমি বললাম, হে আল্লাহর রাসুল! আমি জাহিলিয়্যাতের সময় মানত করেছিলাম যে, মাসজিদুল হারামে আমি এক রাত ই'তিক্বাফ করব। অতঃপর রাসুল ﷺ তাকে বললেন, তুমি তোমার মানত পূর্ণ কর।"[57]

"আমি জাহিলিয়্যাতের সময় মানত করেছি যে, আমি ই'তিক্বাফ করব;" তাহলে ওমর رَضِيَاللهُعَنْهُ জাহিলিয়্যাতের সময় বেঁচে ছিলেন এবং তিনি ঐ সময়কে যা ইসলামের পূর্বে ছিল সেটাকে জাহিলিয়্যাত নামে আখ্যায়িত করেছেন আর রাসুল ﷺ তার ব্যাপারে কোন আপত্তি করেননি। তাহলে বিষয়টি সাহাবীগণের নিকট স্বীকৃত ছিল যে, ইসলামের পূর্বে তাদের জীবনের সময়টি ছিল জাহিলিয়্যাতের সময়।

[56] সহীহ আল-জামে

[57] মুত্তাফাকুন আলাইহি

এমনিভাবে হাকীম ইবনে হিযাম رَضِيَاللَّهُعَنْهُ -এর হাদিস ইমাম বুখারি ও মুসলিম رَحِمَهُمَاللهُ বর্ণনা করেছেন, তিনি বলেছেন, "আমি বললাম, হে আল্লাহর রাসুল! কিছু বিষয়ের মাধ্যমে আমি জাহিলী যুগে পুণ্য কাজ করেছি- যেমন সাদাক্বাহ করা, মুক্ত করা, আত্মীয়তার বন্ধন রক্ষা করা। এগুলোর কি প্রতিদান পাবো?" কিছু বিষয়ের মাধ্যমে আমি জাহিলিয়্যাতের সময় পূণ্য কাজ করেছি... এখন তিনি মুসলিম। কিন্তু তিনি জাহিলিয়্যাতের সময় কিছু কাজ করেছিলেন, যেমন সাদাক্বাহ, মুক্ত করা, আত্মীয়তার বন্ধন ঠিক রাখা। মুক্ত করা মানে হল দাস মুক্ত করা। তিনি বলেছেন, "তুমি পূর্বের ভালো কাজের উপর ইসলাম গ্রহণ করেছো।" এটা হল বুখারি ও মুসলিমের বর্ণনা। আর মুসলিম رَحِمَهُاللهُ হাকীম ইবনে হিযাম رَضِيَاللَّهُعَنْهُ থেকে বৃদ্ধি করে বর্ণনা করেছেন, তিনি বলেছেন, "আমি বললাম, আমি জাহিলিয়্যাতের সময় যা করেছি ইসলামে এর অনুরূপই করেছি।"[58]

হাকীম ইবনে হিযাম رَضِيَاللَّهُعَنْهُ আল্লাহর রাসুল ﷺ -এর সামনে স্বীকার করেছেন যে, তিনি জাহিলিয়্যাতের সময় বেঁচে ছিলেন এবং জাহিলিয়্যাতের সময় কিছু কাজ করেছেন। এখন তিনি ইসলামের মধ্যে থেকে ঐ সকল কাজের পরিণাম কী হবে তা জিজ্ঞাসা করছেন যেগুলো তিনি জাহিলিয়্যাতের সময় করেছিলেন। তাহলে সাহাবীগণও ঐ সময়কে জাহিলিয়্যাতের সময় হিসেবে উল্লেখ করতেন।

এমনিভাবে ইমাম বুখারি رَحِمَهُاللهُ তার সহীহ গ্রন্থে একটি অধ্যায় রচনা করেছেন, তিনি বলেছেন, অধ্যায়ঃ যখন সে জাহিলিয়্যাতের সময় মানত করে অথবা কসম করে যে, সে একজন মানুষের সাথে কথা বলবে না অতঃপর সে ইসলাম গ্রহণ করে। এই অধ্যায়টি ইমাম বুখারি রচনা করেছেন। কেমন যেন মনে হয় তিনি প্রমাণ করেছেন যে, তখন জাহিলী সময় ছিল এবং ইসলামে স্থানান্তরিত হওয়ার পর সেটা অন্য আরেকটি বিষয় হয়।

এমনিভাবে ইমাম মুসলিম رَحِمَهُاللهُ তার সহীহ গ্রন্থে দুইজন তাবেঈর কথা উল্লেখ করেছেন। তারা দুইজন হলেন আবু উসমান আন-নাহদী এবং আবু রাফী

[58] এই বর্ধিত অংশ ইমাম মুসলিমের

আস-সাইগ। তিনি বলেন, “তারা হলেন ঐ সকল ব্যক্তিদের অন্তর্ভুক্ত যারা জাহিলিয়্যাতের সময় পেয়েছেন এবং আল্লাহর রাসুল ﷺ -এর সাহাবীগণের সঙ্গী হয়েছেন।”

তাহলে এই প্রত্যেকটি বিষয় হাদিসসমূহের মাধ্যমে আপনার নিকট প্রমাণ করে যে, আল্লাহর রাসুল ﷺ -এর আগমনের পূর্বে যে সময় ছিল সেটাকে জাহিলী যুগ নামে আখ্যায়িত করা হয়। এই দলিলগুলোর ব্যাপারে আমার জোড় দেওয়ার কারণ হল মাস'আলাটি কোন গুরুত্বহীন মাস'আলা নয়।

তাহলে আপনি এখন আয়াতের প্রথম বিষয় বুঝলেন যে, “জাহিলিয়্যাতের বিধান” বাক্য থেকে জাহিলিয়্যাত শব্দ দ্বারা আল্লাহ عَزَّوَجَلَّ -এর উদ্দেশ্য কী। এখন আমরা আসি বিধিবিধান বা আইনের নিকট। যেহেতু আমরা জানলাম এই সময়টি জাহিলিয়্যাতের সময়।

তাহলে জাহিলিয়্যাতের বিধান দ্বারা উদ্দেশ্য কী?

আল্লাহ عَزَّوَجَلَّ বলেন, “আর নিশ্চয়ই অধিকাংশ মানুষ ফাসিক্ব। তবে কি তারা জাহিলিয়্যাতের বিধিবিধান কামনা করে? আর দৃঢ় বিশ্বাসী সম্প্রদায়ের জন্য বিধান প্রদানে আল্লাহর চেয়ে আর কে শ্রেষ্ঠতর?”[59] তাহলে এই সকল জাহিল লোকদের আইন ছিল। সেই আইনগুলো কী?

আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى ঐ সকল আইনের একাংশ উল্লেখ করেছেন যেগুলো জাহিলিয়্যাতের সময় মুশরিকদের জীবনকে বিন্যস্ত করত। এই সকল আইনের মধ্যে হোক সেটা দ্বীনী অথবা দুনিয়াবি তা সমান। সেগুলো এমন আইন ও বিধিবিধান যেগুলো তারা তাদের নিজেদের জন্য প্রণয়ন বা তৈরি করেছে। যেমনটি ইবনে কাসীর رَحِمَهُ اللهُ তার তাফসীরে বলেছেন, এগুলো তাদের চিন্তা এবং তাদের প্রবৃত্তি থেকে গৃহীত।

এই সকল বিধানের প্রথমটি হলঃ মেয়ে সন্তানকে জীবন্ত কবর দেওয়ার

59 সুরা মায়িদাহঃ ৪৯-৫০

বিষয়। সুরা নাহালের ৫৮-৫৯ নং আয়াতে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى বলেন,

وَ اِذَا بُشِّرَ اَحَدُهُمۡ بِالۡاُنۡثٰی ظَلَّ وَجۡهُهٗ مُسۡوَدًّا وَّ هُوَ کَظِیۡمٌ ﴿۵۸﴾ یَتَوَارٰی مِنَ الۡقَوۡمِ مِنۡ سُوۡٓءِ مَا بُشِّرَ بِهٖ ؕ اَیُمۡسِکُهٗ عَلٰی هُوۡنٍ اَمۡ یَدُسُّهٗ فِی التُّرَابِ ؕ اَلَا سَآءَ مَا یَحۡکُمُوۡنَ ﴿۵۹﴾

"তাদের কাউকে যখন কন্যা সন্তানের সুসংবাদ দেয়া হয় তখন তার মুখমন্ডল কালো হয়ে যায় এবং সে অসহনীয় মানসিক যন্ত্রণায় ক্লিষ্ট হয়। তাকে যে সুসংবাদ দেয়া হয়, তার কষ্টের কারণে সে নিজ সম্প্রদায় হতে আত্মগোপন করে। সে চিন্তা করে হীনতা সত্বেও কি তাকে রেখে দেবে, নাকি মাটিতে পুঁতে ফেলবে। সাবধান! তারা যা ফায়সালা করে তা কত নিকৃষ্ট!" এটা ছিল তাদের ঐ সকল বিধানের একটি জাহিলিয়্যাতের সময়ের লোকেরা যেগুলোকে দ্বীন হিসেবে গ্রহণ করত। তাদের একজন পুরুষের যখন কোন মেয়ে সন্তান হত তখন তার চেহারায় কষ্টের আলামত প্রকাশ পেত। যখন সে লোকজনের পাশ দিয়ে অতিক্রম করত তখন তারা চেষ্টা করত ভিন্ন পথ ব্যবহার করতে যেন সে তাদের পাশ দিয়ে অতিক্রম না করে– "তাকে যে সুসংবাদ দেয়া হয়, তার কষ্টের কারণে সে নিজ সম্প্রদায় হতে আত্মগোপন করে।" সে ঐ সময়ে চিন্তা করে - "সে চিন্তা করে হীনতা সত্বেও কি তাকে রেখে দেবে।" অর্থাৎ অপমানে। নাকি- "নাকি সে তাকে মাটিতে পুঁতে ফেলবে।" মেয়ে সন্তানকে জীবিত অবস্থায় দাফন করা হবে।

দ্বিতীয় আয়াতটি এই আইনকে নিশ্চিত করে–আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বাণীঃ

﴿وَ اِذَا الۡمَوۡءٗدَۃُ سُئِلَتۡ ۪ۙ﴿۸﴾ بِاَیِّ ذَنۡۢبٍ قُتِلَتۡ﴾

"আর যখন জীবন্ত কবরস্থ কন্যাকে জিজ্ঞাসা করা হবে। কী অপরাধে তাকে হত্যা করা হয়েছে?"[60] অন্য আরেকটি আয়াত এই অর্থকেই জোড় দেয় – সুরা আনআমের ১৩৭ নং আয়াতে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى বলেন,

﴿وَ کَذٰلِکَ زَیَّنَ لِکَثِیۡرٍ مِّنَ الۡمُشۡرِکِیۡنَ قَتۡلَ اَوۡلَادِهِمۡ شُرَکَآؤُهُمۡ﴾

[60] সুরা তাকওয়ীরঃ ০৮-০৯

“আর এভাবে তাদের শরীকরা বহু মুশরিকের দৃষ্টিতে তাদের সন্তানদের হত্যাকে শোভনীয় করেছে।” অতএব মাস’আলাটি এখন আইন হিসেবে রয়েছে যে, মেয়ে সন্তানদের দাফন করা শুধু প্রবৃত্তির অন্তর্ভুক্ত নয় বরং তাদের শরীকরা তাদের জন্য সাজিয়ে দিয়েছে যে, তারা যেন তাদের মেয়ে সন্তানদের হত্যা করে অথবা দাফন করে।

আরেকটি আইন হলঃ একজন ব্যক্তি ছিল যার নাম আমর বিন লুহাই। এই ব্যক্তি সম্পর্কে আল্লাহর রাসুল ﷺ বলেছেন, “আমি তাকে জাহান্নামে তার নাড়িভুঁড়ি টানতে দেখেছি।” হাদিসটি সহীহ। এই ব্যক্তি তাদের জন্য কিছু আইন প্রণয়ন করেছিল। এই সকল আইনের মধ্যে রয়েছেঃ

- সে শাম থেকে কিছু মূর্তি আমদানি করে এবং জাযিরাতুল আরবের অধিবাসীদের উদ্বুদ্ধ করে যে, তারা যেন এই সকল মূর্তির ইবাদাত করে।

- তারা বাহিরা, সাইবা, ওয়াসিলা এবং হাম তৈরি করেছিল। এগুলো হচ্ছে ঐ সকল আইনের অন্তর্ভুক্ত যেগুলো আমর বিন লুহাই তাদের জন্য তৈরি করেছিল। এ সবগুলোই চতুষ্পদ জন্তুর সাথে সংশ্লিষ্ট। তারা এগুলোকে তাদের ইলাহদের জন্য ছেড়ে দিত। তাই আল্লাহ عَزَّوَجَلَّ নাযিল করলেন,

مَا جَعَلَ اللّٰهُ مِنْۢ بَحِيْرَةٍ وَّلَا سَآئِبَةٍ وَّلَا وَصِيْلَةٍ وَّلَا حَامٍ ۙ وَّلٰكِنَّ الَّذِيْنَ كَفَرُوْا يَفْتَرُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ ؕ وَاَكْثَرُهُمْ لَا يَعْقِلُوْنَ ۝

“আল্লাহ বাহীরা, সাইবা, অছিলা ও হাম বিধিবদ্ধ করেননি। কিন্তু যারা অবিশ্বাস করে তারা আল্লাহর প্রতি মিথ্যা আরোপ করে থাকে। বস্তুতঃ তাদের অধিকাংশ উপলব্ধি করে না।”[61] অতএব আল্লাহ বাহিরা, সাইবা, ওয়াসিলা এবং হাম বিধিবদ্ধ করেননি। তাহলে এই সকল শব্দ এবং এই সকল আইন জাহিলিয়্যাতের সময় বিদ্যমান ছিল।

এমনিভাবে অন্য আরেকটি বিধানের কথা আল্লাহ عَزَّوَجَلَّ উল্লেখ করেছেন,

---

[61] সুরা মায়িদাহঃ ১০৩

﴿وَ جَعَلُوۡا لِلّٰهِ مِمَّا ذَرَاَ مِنَ الۡحَرۡثِ وَ الۡاَنۡعَامِ نَصِیۡبًا فَقَالُوۡا هٰذَا لِلّٰهِ بِزَعۡمِهِمۡ وَ هٰذَا لِشُرَكَآئِنَا ۚ﴾

"আল্লাহ যে শস্য ও গবাদি পশু সৃষ্টি করেছেন সে সবের মধ্য থেকে তারা আল্লাহর জন্য এক অংশ নির্ধারণ করে এবং নিজেদের ধারণা অনুযায়ী বলে, এটা আল্লাহর জন্য এবং এটা আমাদের শরীকদের জন্য।"[62] তাহলে এটাও ঐ সময়ের বহুল প্রচলিত আইনসমূহের একটি ছিল। দ্বীনের সাথে সংশ্লিষ্টও তাদের কিছু আইন ছিলঃ

হজ্জের মাস'আলায়ঃ মক্কাবাসীদেরকে হারামের অধিবাসী গণ্য করা হত। তারা আরাফার উদ্দেশ্যে বের হত না। কারণ আরাফা হারামের বাহিরে। তারা বলত, আমরা মাসজিদের অধিবাসী আমরা হারামের ভিতরে মাসজিদের ভিতর থেকে ধাবিত হব। আর হারামের অধিবাসীদের হালাল হওয়ার উদ্দেশ্যে বের হওয়া-এটা তারা করত না। তাই আল্লাহ عَزَّوَجَلَّ নাযিল করলেন,

﴿ثُمَّ اَفِیۡضُوۡا مِنۡ حَیۡثُ اَفَاضَ النَّاسُ﴾

"অতঃপর তোমরা প্রত্যাবর্তন কর যেখান থেকে মানুষেরা প্রত্যাবর্তন করে।"[63] এটা ছিল বহুল প্রচলিত আইনের একটি। আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى এটা স্পষ্ট করেছেন এবং এটা বাতিল করেছেন।

এমনিভাবে একজন কুরাইশী ব্যক্তি তার জামা-কাপড় পড়ে তাওয়াফ করত। আর যখন হারামের বাহির থেকে কোন ব্যক্তি আসত তখন হয়তো সে নতুন জামা-কাপড় নিয়ে আসত অথবা মক্কাবাসীর কারো থেকে কোন কাপড় ধার নিত। এই ভিত্তিতে যে, তাদের কাপড়গুলোতে তারা আল্লাহ عَزَّوَجَلَّ -এর অবাধ্যতা করেছে। তাই তারা যে জামা-কাপড় নিয়ে আসত সেগুলো পড়ে তাওয়াফ করত না। ফলে মক্কার ভেতর থেকে কোন কুরাইশী ব্যক্তির কাছ থেকে যে ব্যক্তি কাপড় পেত সে ঐ কাপড় পড়ে তাওয়াফ করত। আর যে ব্যক্তি কাপড় পেত না সে উলঙ্গ হয়ে তাওয়াফ করত

---

[62] সুরা আনআমঃ ১৩৬

[63] সুরা বাকারাহঃ ১৯৯

- হোক তারা নারী বা পুরুষ তা সমান—ওয়াল-ইয়াযুবিল্লাহ্। এমনকি নারীরাও উলঙ্গ হয়ে তাওয়াফ করত। একজন সুন্দরী মহিলা বায়তুল্লাহ হারাম তাওয়াফ করতে এসে যখন কারো থেকে কোন কাপড় পেত না তখন সে উলঙ্গ হয়ে তাওয়াফ শুরু করত। সিরাহবিদগণ এগুলোই বর্ণনা করেছেন।

আজ তার কিছু অংশ বা পুরোটা প্রকাশ পেয়েছে

আর যা প্রকাশ পায়নি সেটাকে আমি হালাল মনে করি না

এই আইনগুলো হল জাহিলিয়্যাতের আইন—ওয়াল-ইয়াযুবিল্লাহ্।

এমনিভাবে বিবাহের মাস'আলায়ঃ ইমাম মুসলিম رَحِمَهُاللهُ বর্ণনা করেছেন, আমাদের আম্মাজান আয়িশা رَضِيَاللهُعَنْهَا জাহিলিয়্যাতের সময়ের চার ধরনের বিবাহের কথা উল্লেখ করেছেন। আমাদের আম্মাজান আয়িশা এই ধরনগুলোর একটির কথা উল্লেখ করে এর নাম দিয়েছেন 'ইস্তিবদা' বা মূলধন গ্রহণ করা। অর্থাৎ কোন ব্যক্তির স্ত্রী যখন মাসিক থেকে পবিত্র হত তখন সে তাকে বলত, তুমি অমুকের কাছে গিয়ে তার থেকে গ্রহণ করে আসো। তারা সম্ভ্রান্ত ব্যক্তিদের এবং আঞ্চলিক পদমর্যাদা সম্পন্ন ব্যক্তিদের নির্বাচন করত। অতঃপর সে তার স্ত্রীকে ঐ পুরুষের সাথে সহবাস করার জন্য পাঠিয়ে দিত। অতঃপর যখন ঐ নারী ফিরে আসত তখন স্বামী তার গর্ভধারণ স্পষ্ট হওয়ার সময় পর্যন্ত তার থেকে বিচ্ছিন্ন হয়ে থাকত। এরপর যখন সে গর্ভবতী হত তখন তার কাছে তার স্বামী আসার ইচ্ছা করলে তার কাছে আসত। এর কারণ হল তারা সন্তানের মধ্যে বংশমর্যাদা তালাশ করত। এটা হল এক প্রকার বিবাহ। ঐ সময়ে এটা একটি আইন হিসেবে বিদ্যমান ছিল। আমাদের আম্মাজান আয়িশা এটা উল্লেখ করেছেন।

জাহিলী যুগে বিদ্যমান আরেক প্রকার বিবাহ হলঃ তিনি বলেছেন, দশজনের কম সংখ্যক পুরুষের একটি দল মিলে এক মহিলার সাথে সহবাস করত। অতঃপর যখন সে গর্ভধারণ করে সন্তান জন্ম দিত তখন তাকে ঐ পুরুষদের নিকট পাঠানো হত। আর একজনও পিছনে পড়ে থাকতে সক্ষম হত না। অতঃপর সে এই সকল পুরুষদের মধ্য থেকে একজনকে নির্বাচন করে বলত, হে অমুক তুমি এই শিশুর

পিতা। আর সেও এই শিশুকে অস্বীকার করতে সক্ষম হত না। অতঃপর এই শিশুকে ঐ পুরুষের দিকে সম্বোধন করা হত। এটা একটি আইন।

এমনিভাবে আমাদের আম্মাজান আয়িশা আরেক প্রকার বিবাহের কথা উল্লেখ করেছেনঃ তিনি বলেছেন, পুরুষরা কিছু নারীদের নিকট রাতে আগমন করত। আর এই নারীরা ছিল ব্যভিচারিণী। তাদের প্রত্যেকেই তার দরজার সামনে একটি প্রতীক রেখে দিত, যে প্রতীকসমূহের মাধ্যমে তাদেরকে চেনা যেত যে, তারা ব্যভিচারিণী। পুরুষদের মধ্যে যে ইচ্ছা করত সে তাদের নিকট রাতে আগমন করত। কিন্তু যখন সে গর্ভধারণ করে সন্তান জন্ম দিত তখন তার নিকট ক্বাফাহ'কে ডেকে পাঠানো হত। আর ক্বাফাহ ঐ সকল লোক যারা বিভিন্ন চিহ্ন দেখে প্রমাণ দিয়ে বলতে সক্ষম হয় যে, এই শিশু হল অমুকের সন্তান অথবা এই শিশু অমুকের সন্তান। ফলে তারা ক্বাফাহ'কে নিয়ে আসত। এই শিশুকে সামনে আনা হত ক্বাফাহ'রা এই শিশুকে এমন ব্যক্তির দিকে সম্পর্কিত করত শিশুর মাঝে এবং যারা ঐ নারীর নিকট রাতে আগমন করেছিল তাদের মধ্য থেকে যার মাঝে তারা সাদৃশ্য খুঁজে পেত। এই সবগুলো আইনই প্রচলিত ছিল।

প্রচলিত বিবাহগুলোর আরো একটি হলঃ যেটা এখনো মুসলিমদের বিবাহ হিসেবে পরিচিত। ফলে রাসুল ﷺ ঐ সকল বিবাহকে বাতিল করে দিয়ে ইসলামের বিবাহকে প্রতিষ্ঠিত রেখেছেন।

তাহলে এখন আমার নিকট জাহিলিয়্যাত স্পষ্ট হল এবং ঐ জাহিলিয়্যাতের সময়ের কিছু আইন বা বিধান স্পষ্ট হল। আর এটাই আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর এবাণীর উদ্দেশ্য–"তবে কি জাহিলিয়্যাতের বিধিবিধান।" এখন আমরা তৃতীয় শব্দে আসবোঃ তিনি বলেছেন, "তারা কামনা করে।" এর অর্থ হল তারা চায়।

যখন আপনি ঐ সময়ের সরেজমিনে এই শব্দ নিয়ে অনুসন্ধান করবেন তখন আপনি আল্লাহর রাসুল ﷺ -এর আগমন ও মক্কা বিজয় হওয়াতে ফিরে যাবেন- রাসুল ﷺ এই রিসালাহ বহন করা পর্যন্ত। মক্কাবাসীরা এই রিসালাহ'র ব্যাপারে আপত্তি করেছিল। তারা আক্বীদাহ-বিশ্বাসে আল্লাহ عَزَّوَجَلَّ -এর একত্ববাদে বিশ্বাসী

হওয়া গ্রহণ করত না। বরং তারা বহু ইলাহ এবং বহু মূর্তির ইবাদাত করতে চাইতো। মূর্তিগুলোর বিশাল সংখ্যক মূর্তি মক্কার আশেপাশে ছিল; তাহলে "তারা কামনা করে।" তারা ঐ সকল বিধিবিধান চাইতো, তারা আল্লাহ عَزَّوَجَلَّ -এর একত্ববাদ চাইতো না। নাবী ﷺ মাদিনায় হিজরত করার এবং আইন-সম্পর্কিত বিধিবিধান নাযিল হওয়ার পরেও মক্কাবাসীরা এবং জাযিরাতুল আরবের অধিবাসীরা আল্লাহ عَزَّوَجَلَّ -এর পক্ষ থেকে এই সকল ওহীকৃত বিধিবিধান চাইতো না। বরং তারা ঐ সকল জাহিলী বিধিবিধান দ্বারা বিচার-ফায়সালা চালিয়ে যেত। আর এই সকল জাহিলী বিধিবিধানের উপর অটল থাকা এবং আল্লাহ عَزَّوَجَلَّ -এর শারীয়াহ'র বিধিবিধানকে প্রতিরোধ করার জন্য তাদের উপায় ছিল যুদ্ধ করা। ফলে মক্কাবাসীরা রাসুল ﷺ -এর বিরুদ্ধে যুদ্ধ করেছে এবং সাহাবীগণের বিরুদ্ধে যুদ্ধ করেছে যতক্ষণ তারা ঐ সকল জাহিলী বিধিবিধান দ্বারা বিচার-ফায়সালা করা চলমান রেখেছে।

যখন আপনি একটি জরিপ চালাবেন, জাযিরাতুল আরবের কতজন লোক এই সকল জাহিলী বিধিবিধান চাইতো এবং তাদের কতজন লোক আল্লাহ প্রদত্ত শারয়ী বিধিবিধান চাইতো তখন আপনি অবশ্যই পাবেন যে, জাহিলী যুগের অধিকাংশ লোকেরা ঐ সকল জাহিলী বিধিবিধান চাইতো। একারণেই আল্লাহ عَزَّوَجَلَّ বলেছেন, "আর নিশ্চয়ই অধিকাংশ মানুষ ফাসিক্ব। তবে কি তারা জাহিলিয়্যাতের বিধিবিধান কামনা করে? আর দৃঢ় বিশ্বাসী সম্প্রদায়ের জন্য বিধান প্রদানে আল্লাহর চেয়ে আর কে শ্রেষ্ঠতর?"[64]

আপনার এই মাস'আলা সম্পর্কে এই বিস্তারিত বিবরণ জানার পর আমরা যা বলেছি সংবিধান ও আইনের সাথে—এর কী সম্পর্ক রয়েছে?

ইবনে আব্বাস رَضِيَ اللّٰهُ عَنْهُمَا থেকে বর্ণিত, ইবনে হাজার رَحِمَهُ اللّٰهُ 'ফাতহুল বারী'তে তা উল্লেখ করেছেন, তিনি বলেছেন, "এবং প্রাক-জাহেলী যুগের মত সৌন্দর্য প্রদর্শন করো না।" ইবনে আব্বাস বলেন, "আমরা বলতাম আরেকটি শেষ জাহিলিয়্যাত হবে।" কিভাবে আরেকটি শেষ জাহিলিয়্যাত হবে?

---

[64] সুরা মায়িদাহঃ ৪৯-৫০

তিনি বলেন, যেহেতু আল্লাহ عَزَّوَجَلَّ বলেছেন প্রথম জাহিলিয়্যাত। তাহলে যার প্রথম আছে তার শেষও আছে। এটা ইবনে আব্বাসের তাফসীর যেমনটি ইবনে হাজার رَحِمَهُ الله তার থেকে নক্বল করেছেন।

যে সকল বিধিবিধানের মাধ্যমে মুসলিমদের দেশগুলোতে মানুষদের এবং অঞ্চলগুলোকে শাসন করা হয় সেগুলো কি জাহিলী বিধিবিধান? ঐ জাহিলিয়্যাতের সিফাত কি ঐ সকল বিধিবিধানের ক্ষেত্রে সীমাবদ্ধ নাকি জাহিলিয়্যাতের সিফাত এই সকল বিধিবিধান এবং যে সকল আইন দিয়ে এখন মুসলিমদের শাসন করা হয় সেগুলোর উপর কার্যকর হবে?

এই প্রশ্নের উত্তরের জন্য বিগত জাহিলিয়্যাতের সময় প্রচলিত বিধিবিধানের মাঝে এবং বর্তমানে প্রচলিত বিধিবিধানের মাঝে তুলনা করা আবশ্যক। কারণ যখন আমরা ঐ সকল জাহিলী বিধিবিধানের মাঝে এবং আইন ও সংবিধানসমূহের মাঝে কিছু সাদৃশ্য খুঁজে পাব এবং আমরা এই দুইয়ের মাঝে সম্মিলিত কিছু প্রকার পাব তখন আমরা বলব, জাহিলিয়্যাতের সিফাতকে ঐ সকল বিধিবিধানের ক্ষেত্রে প্রয়োগ করা হবে এবং এই সকল বিধিবিধানের ক্ষেত্রেও প্রয়োগ করা হবে। আর তুলনা করার পরিধি কেবল বিস্তৃত বিষয়গুলোর ক্ষেত্রে বিস্তারিত বিবরণে প্রবেশ করা ছাড়াই; কারণ আপনার জন্য বিগত জাহিলিয়্যাতের বিধিবিধানের মাঝে এবং এই সকল আইন ও সংবিধানের মাঝে বিস্তৃত বিষয়গুলোর ক্ষেত্রে সম্মিলিত প্রকারগুলো জানাই যথেষ্ট হবে।

আমরা প্রথম বিষয়টির নিকট অবস্থান করছিঃ সবচেয়ে ঝুঁকিপূর্ণ মাস'আলাসমূহের একটি হচ্ছে আক্বীদাহ'র মাস'আলা। কারণ এর আলোকেই ক্বিয়ামতের দিন মানুষের পরিণাম স্থির করা হবে। হয়তো নি'আমত পূর্ণ জান্নাতে অথবা প্রজ্বলিত জাহান্নামে—ওয়াল-ইয়াযুবিল্লাহ্।

অতীত জাহিলিয়্যাতের সময়ের আক্বীদাহঃ যখন আমি অতীতে বলব তখন আমি ঐ সকল বিধিবিধান উদ্দেশ্য করছি যেগুলো জাহিলী যুগে প্রচলিত ছিল। অতীত জাহিলিয়্যাতের সময়ে মানুষ বিশ্বাসের স্বাধীনতা চর্চা করত-এটাকে আইনী

ধারায় লিপিবদ্ধ করা ছাড়াই। কিভাবে?

মক্কাতে - আল্লাহ তা'আলা একে সম্মানিত করুন এবং মর্যাদাবান করুন- প্রচলিত আক্বীদাহ-বিশ্বাস ছিল; মূর্তির ইবাদাত করা। এটা মক্কাতে এবং জাযিরাতুল আরবের কিছু অংশে ছিল। তবে আপনি ভুলবেন না- নাজরানের অঞ্চল এবং 'ত্বই' গোত্রের এলাকাগুলোতে ঐ সকল মানুষেরা খ্রিষ্ট ধর্মের চর্চা করত -

﴿إِنَّ اللَّهَ ثَالِثُ ثَلَاثَةٍ﴾

"আল্লাহ তো তিনজনের মধ্যে তৃতীয়জন।"[65] এটাও একটি আক্বীদাহ এবং ওটাও একটি আক্বীদাহ। এমনিভাবে শিরকের দিক থেকে ইয়াসরিবে প্রচলিত আক্বীদাহ ছিল ইহুদীদের আক্বীদাহ। এটাও জাযিরাতুল আরবের মধ্যে ছিল। আর জাযিরাতুল আরবের দক্ষিণে ইয়েমেন অঞ্চলে প্রচলিত আক্বীদাহ ছিল মাজুসীদের আক্বীদাহ এবং অগ্নিপূজকের আক্বীদাহ; তাহলে এই হল জাযিরাতুল আরবের চিত্র। জাযিরাতুল আরবের বিভিন্ন প্রান্তে বিভিন্ন রকমের আক্বীদাহ ছিল। কেউ কারো ব্যাপারে কোন আপত্তি করত না। ফলে যে ব্যক্তি ইহুদী হওয়ার ইচ্ছা করত সে ইহুদী হতে পারত, যে খ্রিষ্টান হওয়ার ইচ্ছা করত সে খ্রিষ্টান হতে পারত, যে মাজুসী হওয়ার ইচ্ছা করত সে মাজুসী হতে পারত এবং যে ব্যক্তি মূর্তি ও পৌত্তলিকের ইবাদাতকারী হওয়ার ইচ্ছা করত সে মূর্তির ইবাদাতকারী হতে পারত। কেউ কারো ব্যাপারে কোন আপত্তি করত না; তাহলে বিশ্বাসের স্বাধীনতাকে জাযিরাতুল আরবের আভ্যন্তরে আইনী ধারায় লিপিবদ্ধ করা ছাড়াই চর্চা করা হত।

বিশ্বাসের স্বাধীনতার সংজ্ঞা আমি এভাবে দেইঃ বেছে নেওয়ার স্বাধীনতার সাথে সাথে একাধিক উপাস্য হওয়া। এটা হল বিশ্বাসের স্বাধীনতার ব্যাপারে আমার সংজ্ঞা।

ঐ স্বাধীনতার উপর বর্তমান আইনগুলো লিপিবদ্ধ আছে। বর্তমান যে রাষ্ট্রই গণতন্ত্র দ্বারা শাসিত হয় ঐ দেশের সংবিধান ও আইন বিশ্বাসের স্বাধীনতার উপর

[65] সুরা মায়িদাহঃ ৭৩

বক্তব্য দেয়। ইরাকী আইনের একটি ধারা প্রণীত হয়েছে। ১৫/১০/২০০৫ খ্রিষ্টাব্দে তারা এই আইনের ব্যাপারে "হ্যাঁ" বলেছে। এই দ্বিতীয় ধারাটি ইরাকী সংবিধানের বক্তব্য। আমি বক্তব্যটি পড়ছি - এটা সংবিধান প্রণয়ন কমিটির প্রণীত এবং তাদের প্রণয়নকৃত আইন - সংবিধানের ভাষ্য হচ্ছেঃ **"এই সংবিধান ইরাকী অধিকাংশ জনগোষ্ঠীর জন্য ইসলামী বৈশিষ্ট্য রক্ষার নিশ্চয়তা দেয়। যেরূপ বিশ্বাসের স্বাধীনতা এবং ধর্মীয় চর্চার ক্ষেত্রে সকল নাগরিকের জন্য পরিপূর্ণ ধর্মীয় অধিকারের নিশ্চয়তা দেয়। যেমন খ্রিষ্টান সম্প্রদায়, ইয়াযিদী সম্প্রদায় এবং মান্দাইন সাবেঈ সম্প্রদায়।"** ধারার বক্তব্য শেষ।

তাহলে আপনি দেখলেন যে, ইরাকী সংবিধানের দ্বিতীয় ধারাটি প্রতিটি ধর্মের জন্য বিশ্বাসের স্বাধীনতার এবং তাদের ধর্মীয় প্রথা চর্চার স্বাধীনতার নিশ্চয়তা দেয়। অর্থাৎ ইয়াযিদীদের ধর্ম অনুমোদিত, খ্রিষ্টানদের ধর্ম অনুমোদিত, সাবেঈ যে তারকাসমূহের ইবাদাত করে-এই ধর্মও অনুমোদিত। বরং আইন তাদের জন্য বিশ্বাসের স্বাধীনতার নিশ্চয়তা দেয় এবং তাদের জন্য আক্বীদাহ-বিশ্বাস চর্চার স্বাধীনতার নিশ্চয়তা দেয়। তাহলে অতীতের জাহিলী আইনের মাঝে এবং বর্তমানের জাহিলী আইনের মাঝে কী পার্থক্য রয়েছে?

বিভিন্ন ধর্মের বিষয়ে এই সরকারগুলোর স্পষ্ট একটি চিত্র হচ্ছে প্রত্যেকের জন্য তার ধর্ম, তার বিশ্বাস এবং তার ধর্মীয় প্রথা চর্চা করার অধিকার রয়েছেঃ যাকে বলা হয় ওয়াক্‌ফ ও ধর্ম মন্ত্রণালয়। তারা এর নাম ইসলামী মন্ত্রণালয় দেয়নি। তাদের কত বড় স্পর্ধা! ধর্ম মন্ত্রণালয় নাম রাখাই তাদের জন্য আবশ্যক কেন? কারণ আইন দেশে বিদ্যমান প্রতিটি ধর্মকে অনুমোদন দেয়; ফলে ওয়াক্‌ফ মন্ত্রণালয় মুসলিমদের মজুতকৃত কোন অংশ নয়। বরং যখন একজন ইয়াযিদী তার শয়তানের জন্য একটি উপাসনালয় তৈরি করার ইচ্ছা করবে অতঃপর ওয়াক্‌ফ মন্ত্রীর সাথে আলোচনা করবে তখন ওয়াক্‌ফ মন্ত্রী তার জন্য সম্পদ ব্যয় করবে যেমন মাসজিদের জন্য করা হয়। একজন রাফিদী যখন হুসাইনিয়্যাত নির্মাণ করার ইচ্ছা করবে - যেখানে আল্লাহ عَزَّوَجَلَّ -এর সাথে শিরক করা হয়, সাহাবীগণকে লা'নত করা হয়, গালি দেওয়া হয় এবং মুসলিমদেরকে তাকফীর করা হয়-তার

জন্যও সম্পদ থেকে ঐ পরিমাণ সম্পদ দেওয়া হবে যে পরিমাণ সম্পদ মুসলিমদেরকে দেওয়া হয় যখন তারা একটি মাসজিদ বানানোর ইচ্ছা করে। এমনিভাবে খ্রিষ্টানদের জন্য ঐ মন্ত্রণালয়ে অধিকার রয়েছে; কারণ এই মন্ত্রণালয় একাধিক ধর্মের উপর প্রতিষ্ঠিত ইসলামের উপর নয়।

অতএব এটা হল সেই ধারা এবং এটা হল সেই মন্ত্রণালয় যে প্রতিষ্ঠিত করে যে, দেশ শাসিত হবে বিশ্বাসের স্বাধীনতার ভিত্তিতে। সুতরাং বিশ্বাসের স্বাধীনতার ক্ষেত্রে অতীতের জাহিলী আইনের মাঝে এবং বর্তমান সময়ের জাহিলী আইনের মাঝে কোন পার্থক্য নেই। এটা হল আক্বীদাহ-বিশ্বাসের ক্ষেত্রে। তাহলে তুলনা করার ক্ষেত্রে প্রথম মাস'আলা আমরা বলেছিলাম বিশ্বাসের স্বাধীনতা।

এখন আসি হালাল হারামের ক্ষেত্রে - যাতে আমরা অতীতের জাহিলী আইনের মাঝে এবং বর্তমান সময়ের জাহিলী আইনের মাঝে তুলনা করতে পারি। এর কারণ হল আমরা যেন দেখতে পারি জাহিলিয়্যাতের সিফাত কি ঐ সকল আইনের ক্ষেত্রে সীমাবদ্ধ? নাকি এই সকল আইনকেও জাহিলী হিসেবে গণ্য করা হবে?

হালাল হারামের মাস'আলার ক্ষেত্রেঃ

আমরা প্রথম মাস'আলার নিকট অবস্থান করছিঃ মদের মাস'আলা–ওয়াল-ইয়াযুবিল্লাহ্। জাহিলিয়্যাতের সময় কারো ব্যাপারে কোন আপত্তি করা ছাড়াই মদ তৈরি করা হত। যে তৈরি করার ইচ্ছা করত সে তৈরি করতে পারত। তাদের জন্য মদ বিক্রি করার বাজার ছিল। তারা বাড়িতে মদ সঞ্চয় করে রাখত-এব্যাপারে কেউ কারো প্রতি কোন আপত্তি করত না। মদ তৈরি করা এবং পান করা হত নির্দিষ্ট স্থানগুলোতে। তাদের কিছু স্থান ছিল যেগুলোতে তারা মদ পান করত। সেগুলোকে বলা হত "হাওয়ানীত"। যেমন তরফা ইবনুল আব্দ নামক এক কবির চরণে রয়েছে। সে বলেছে,

যদি তুমি আমাকে লোকজনের হালাকায় তালাশ কর তাহলে আমার সাক্ষাৎ পাবে

আর যদি তুমি আমাকে হাওয়ানীতে তালাশ কর তাহলে শিকার হবে

হয়তো তুমি আমাকে নেতাদের সাথে পাবে আমি তাদের সাথে বসে আছি। যখন তুমি আমাকে সেখানে না পাবে তখন তুমি হাওয়ানীতে আমার খোঁজ নিবে। অবশ্যই তুমি আমাকে সেখানে নেশাগ্রস্ত অবস্থায় পাবে–ওয়াল-ইয়াযুবিল্লাহ্। তাহলে হাওয়ানীত ছিল মদ পানের স্থান। কিন্তু মানুষ তাদের বাড়িতেও মদ সঞ্চয় করত। এর দলিল হচ্ছে আল্লাহ عَزَّوَجَلَّ যখন মদ হারাম করেছেন তখন সাহাবীগণ তাদের বাড়িতে থাকা মদ ঢেলে দিয়েছেন। সিরাহবিদগণ উল্লেখ করেছেন যে, মদিনার অলিগলিতে মদ প্রবাহিত হয়েছিল; তাহলে আল্লাহ عَزَّوَجَلَّ মদ হারাম করার পূর্বে অতীত জাহিলী আইনে শিল্পভিত্তিক মদ তৈরি করার ব্যাপারে কেউ আপত্তি করত না, মদ পানের স্থানগুলোর ব্যাপারে কেউ আপত্তি করত না। এমনিভাবে বিক্রি করার ব্যাপারে কেউ আপত্তি করত না।

বর্তমান সময়ের জাহিলী আইনে রয়েছেঃ রাষ্ট্র এই বিষয়টিকে গ্রহণ করে নিয়েছে। সেখানে রাষ্ট্রের অধীন কিছু প্রতিষ্ঠান বা কোম্পানি রয়েছে যেগুলোকে এনার্জি পাওয়ার ড্রিঙ্কস্ উৎপাদন কোম্পানি বলা হয়–আমি এরকম মনে করি। কখনো কখনো তারা এগুলোকে এলকোহল বা এনার্জি নাম দেয়। আমি পেপসি পাওয়ার এবং এর উৎপাদিত পণ্যগুলো বুঝাচ্ছি। কিন্তু নিশ্চিতভাবে এই এনার্জিকে ব্যবহার করা হয় নেশাগ্রস্ত পানীয়, মদ এবং অন্যান্য বিষয়ের ক্ষেত্র–ওয়াল-ইয়াযুবিল্লাহ্। তাহলে এই ফ্যাক্টরিগুলো রাষ্ট্রের অধীনস্থ। রাষ্ট্রই মদ উৎপন্ন করে; অতএব বর্তমান সময়ের জাহিলী আইন মদের বৈধতা দেয় এই দলিলের ভিত্তিতে যে, রাষ্ট্র ঐ আইনের মাধ্যমে শাসিত হয়, মদ তৈরির ফ্যাক্টরি বানায়। আর মদ বিক্রির স্থানের ব্যাপারে বেশি প্রমাণ দেওয়ার প্রয়োজন নেই। কারণ রাস্তার অলিগলিগুলো মদের বারে ভরপুর। এই সকল লোকেরা শুধু মদের বোতল বিক্রি করেই দুঃসাহস দেখায় না পরন্তু তারা পেশাভিত্তিক লাইসেন্স গ্রহণ করে। তাই বিক্রয়কারী তার মাথার উপর একটি পেশাভিত্তিক কাজের লাইসেন্স রেখেছে। যখন তাদের কেউ গিয়ে তার হিসাব নিবে এই ভিত্তিতে যে, তুমি আইন লঙ্ঘন করেছো। কারণ তুমি আইনী লাইসেন্স নেওয়া ছাড়া মদ বিক্রি করেছো। তাই সে মাথার উপরে ঐ লাইসেন্স স্থাপন করে। যেন কেউ তার ব্যাপারে কোন আপত্তি করতে না

পারে। তাহলে বিক্রি হয় আইনের নামে এবং আইনী লাইসেন্সের নামে।

আর মদ পানের স্থানগুলো বর্তমান সময়ের মুসলিমদের দেশগুলোর সকল রাজধানীতে দৃশ্যমান–ওয়াল-ইয়াযুবিল্লাহ্ - অধিকাংশ নগরীর প্রতিটি শহরে মদ পানের বার রয়েছে। তাহলে হালাল-হারামের মাস'আলায় অতীত জাহিলী আইনের মাঝে এবং বর্তমান সময়ের আইনের মাঝে কোন পার্থক্য নেই।

যিনার ক্ষেত্রেঃ আমি আপনার নিকট উল্লেখ করেছিলাম যে, ঐ সময়ে একজন মহিলা তার দরজার সামনে একটি চিহ্ন স্থাপন করত। যেমন আমাদের আম্মাজান আয়িশা رَضِيَ اللهُ عَنْهَا -এর হাদিসে রয়েছে মুসলিম হাদিসটি বর্ণনা করেছেন। মানুষ যখন এই ধরনের বাড়িগুলোতে যাওয়ার ইচ্ছা করত তখন তারা কোন প্রকার অনুমতি ছাড়াই প্রবেশ করত। কারণ ঐ মহিলা নিজের পক্ষ থেকেই ঘোষণা দিয়েছে যে, সে পুরুষদের গ্রহণ করে। আর এদেরকে ব্যভিচারিণী হিসেবে চেনা হত। এটা ছিল অতীত জাহিলী আইনে।

আর বর্তমান সময়ের জাহিলী আইনে বিষয়টি সাজানো আছে। এইভাবে যে, একজন নারী অনুমোদন সংগ্রহ করার পর যিনার অনুশীলন করতে পারে। মন্ত্রণালয়গুলোর ভূমিকায় ঐ নারীকে অনুমোদন দেওয়া হয় যেন সে যিনার লাইসেন্স সংগ্রহ করতে পারে। আর এই কাজটি করে স্বাস্থ্যমন্ত্রী। কারণ এই নারীর শর্ত হচ্ছে তার মধ্যে যেন কোন সংক্রামক রোগ পাওয়া না যায়। আর এই বিষয়টি কেবলমাত্র স্বাস্থ্য মন্ত্রণালয়ের মাধ্যমেই হয়ে থাকে। ফলে চিকিৎসকরা পরীক্ষা করে তাকে একটি সার্টিফিকেট দেয় যে, সে সংক্রামক রোগ থেকে মুক্ত। কারণ সে ভবিষ্যতে নিজেকে পুরুষদের জন্য পেশ করবে। তাই যদি তার মধ্যে সংক্রামক রোগ থাকে তাহলে এর অর্থ হল সে এই পেশা অনুশীলন করার উপযুক্ত নয়। এই নিরাপত্তা পরীক্ষার পরেও আবশ্যক হয় যে, তারা অনুমোদন দিবে। কারণ তারা এই সকল ব্যভিচারিণীদের পক্ষে গোয়েন্দা বিভাগের এজেন্ট নিয়োগ করে। এমনিভাবে দেশীয় অনুমোদন নির্ধারিত হয় এবং রাষ্ট্রের বাকি কাগজপত্র অনুমোদিত হয়। তাহলে সাদৃশ্যের দিকটি কোথায়?

জাহিলিয়্যাতের সময় একজন নারী একটি চিহ্ন স্থাপন করত আর বর্তমান সময়ের জাহিলী আইনে একজন নারী বিজ্ঞাপন দেয়। তাহলে পার্থক্য কী?! পার্থক্য হল ঐ সময়ে নারীটি যখন গর্ভবতী হত তখন কৃফাহ'রা তার শিশুকে কোন একজনের দিকে নিসবত করে দিত। আর বর্তমান সময়ের জাহিলী আইনে আধুনিক নারীর এই সমস্যা চিকিৎসকরা সমাধান করে দেয় এইভাবে যে, তারা তাকে প্রচুর পরিমাণে গর্ভনিরোধক ট্যাবলেট দেয়। ফলে এরপরে সে আর গর্ভধারণ করবে না যখন পুরুষরা তার নিকট রাতে আসবে–ওয়াল-ইয়াযুবিল্লাহ্। ওটা ছিল অতীতের জাহিলী আইন আর এটা হল বর্তমান সময়ের জাহিলী আইন।

একটি বাস্তবসম্মত দুঃখজনক মাস'আলার ব্যাপারে ইঙ্গিত দেওয়া জরুরী। আমরা উজ্জ্বল ইসলামী ঐতিহাসিক নামগুলোকে এই ধরনের স্থানগুলোর ক্ষেত্রে ব্যবহার হতে দেখতে শুরু করেছি; সেভিয়া বিনোদন কেন্দ্র, কর্ডোবা বিনোদন কেন্দ্র, আন্দালুস বিনোদন কেন্দ্র, গ্রানাডা বিনোদন কেন্দ্র... আমরা এমন কোন জাতি খুঁজে পাইনি যারা এই সকল লোকদের ন্যায় তাদের ইতিহাস গুরুত্বহীন মনে করে! তাও আবার মুসলিম পুরুষ ও মুসলিম নারীদের সামনে-কর্ডোবা, সেভিয়া, গ্রানাডা বিনোদন কেন্দ্র!! বর্তমানে আমাদের উপর জিহাদ করা ফরজে আইন যতক্ষণ না আমরা ঐ দেশগুলো ইসলামের ছায়াতলে ফিরিয়ে আনি। কিন্তু আমরা এগুলো আমাদের দেশে ব্যভিচারিণীদের চিহ্ন হিসেবে দেখতে পাই! এই নামগুলো আপনি ভবনের উঁচু স্থানে দেখতে পাবেন, এমনিভাবে সিনেমাহলগুলোতে এবং মদ পানের বারগুলোর উপর দেখতে পাবেন। তাহলে যিনার মাস'আলায় অতীত জাহিলিয়্যাতের মাঝে এবং বর্তমান সময়ের জাহিলিয়্যাতের মাঝে কোন পার্থক্য নেই।

এমনিভাবে সুদের মাস'আলাঃ অতীত জাহিলী আইনে সুদভিত্তিক লেনদেন করা জায়েয ছিল। এর দলিল হল আমরা যা আল্লাহর রাসুল ﷺ থেকে বিদায় হজ্জের ভাষণের ব্যাপারে উল্লেখ করেছিলাম; "জাহেলী যুগের সুদও বাতিল হল। আমি প্রথমে যে সুদ বাতিল করছি তা হল আমাদের বংশের আব্বাস ইবনু আব্দুল মুত্তালিবের সুদ। তার সমস্ত সুদ বাতিল হল।"[66] এটা হল ঐ সকল লেনদেনের

---

[66] মুসলিম বর্ণনা করেছেন

অন্তর্ভুক্ত যেগুলো অতীত জাহিলী আইনে অনুমোদিত ছিল।

আর বর্তমান সময়ের জাহিলী আইনঃ আপনি ব্যাংক অথবা রাষ্ট্রের অধীন ব্যয়ের খাতগুলো এবং রাষ্ট্রের অধীন নয় এমন স্থানীয় ব্যয়ের খাতগুলো দেখবেন–এ দুই ব্যয়ের খাতের মাঝে পার্থক্য হচ্ছে; রাষ্ট্র সুদ দেয় ১-৪ পার্সেন্ট আর তারা স্থানীয় ব্যয়ের খাতগুলোকে অধিকার দেয় যে, তারা ১-৭ পার্সেন্ট সুদ দেয়।

প্রতারণা এবং এই দ্বীনকে মানুষের অন্তরে ধ্বংস করার লক্ষ্যে তারা সুদের ভিন্ন নাম দেয়। তারা সুদের নাম দেয় ‘মুনাফা’। তাই যখন আপনি বলবেন, অমুক মুনাফা নেয় তখন এটা আপনার ভেতরে কোন নাড়া দিবে না। কিন্তু যখন আপনি বলবেন, অমুক সুদ খায় তখন আপনার ভেতরে এই কাজের দোষ অনুভূত হবে। তাই তারা সুদ শব্দকে মস্তিষ্ক, অন্তর ও হৃদয় থেকে নিঃশেষ করে দিয়েছে। তারা এই শব্দের পরিবর্তে বিকল্প শব্দ নিয়ে এসেছে। তারা এর নাম দিয়েছে ‘মুনাফা’। সুতরাং আপনি ভুলে যাবেন না–এক্ষেত্রে তাদের শাইখ ইবলীস যখন আদমকে বলেছিলঃ

﴿هَلْ اَدُلُّكَ عَلٰى شَجَرَةِ الْخُلْدِ وَ مُلْكٍ لَّا يَبْلٰى﴾

“আমি কি তোমাকে জানিয়ে দেব চিরস্থায়ী জীবনদায়ী গাছের কথা আর এমন রাজ্যের কথা যা কোনদিন ক্ষয় হবে না?”[67] আল্লাহ عَزَّوَجَلَّ বলেছেন,

﴿وَ لَا تَقْرَبَا هٰذِهِ الشَّجَرَةَ﴾

“তোমরা এই গাছটির নিকটবর্তী হয়ো না।”[68] সে ঐ গাছের নাম দিয়েছে অমৃত এবং কর্তৃত্বের গাছ। যে শাইখ নাম পরিবর্তন করে সে হল ইবলীস যেমন ইবনে হাযম رَحِمَهُ ٱللَّٰهُ বলেছেন, “শাইখ কোন আস্থাভাজন ব্যক্তি নয়।”

---

[67] সুরা ত্বহাঃ ১২০

[68] সুরা বাকারাহঃ ৩৫

এমনিভাবে হত্যা ও অন্যান্য মাস'আলার ক্ষেত্রে—একই অবস্থা। আপনি যদি তুলনা করেন তাহলে অতীত জাহিলী আইনের মাঝে এবং বর্তমান সময়ের জাহিলী আইনের মাঝে কোন পার্থক্য খুঁজে পাবেন না। অতএব জাহিলিয়্যাতের সিফাত ঐ সকল আইনের ক্ষেত্রে সীমাবদ্ধ নয়। বরং যে সকল আইন দ্বারা শাসন করা হয় সেগুলো জাহিলী আইন বা বিধিবিধান।

সর্বশেষ আমি একটি বিষয় উল্লেখ করছি তা হলঃ তৃতীয় শ্রেণীর কিছু ব্যক্তি রয়েছে যারা বলে, "ইসলাম হচ্ছে আইন প্রণয়নের উৎসসমূহের একটি উৎস।"

তারা ইসলাম থেকে কিছু গ্রহণ করে, ইহুদীদের থেকে কিছু গ্রহণ করে, খ্রিষ্টানদের থেকে কিছু এবং অন্যান্য ধর্ম থেকে কিছু গ্রহণ করে। তারা আমেরিকান, ব্রিটিশ, হিন্দী এবং এছাড়াও অন্যান্য আইন থেকে কিছু সংগ্রহ করে একত্রিত করে। অতঃপর তারা ইসলাম থেকে কিছু বিষয় নেয়। আল্লাহ عَزَّوَجَلَّ -এর কিতাবে এই ধরনের ব্যক্তিদেরকে কী হিসেবে আখ্যায়িত করা হয়েছে?

এই সকল ব্যক্তিদের পূর্বসূরি হচ্ছে ইহুদীরা। আল্লাহ عَزَّوَجَلَّ -এর কিতাবে এই সকল ব্যক্তিদের পূর্বসূরি হচ্ছে ইহুদীরা। আল্লাহ تَبَارَكَ وَتَعَالَىٰ সুরা বাকারাহ'র ৮৪-৮৫ নং আয়াতে বলেন,

وَإِذْ أَخَذْنَا مِيثَاقَكُمْ لَا تَسْفِكُونَ دِمَاءَكُمْ وَلَا تُخْرِجُونَ أَنفُسَكُم مِّن دِيَارِكُمْ ثُمَّ أَقْرَرْتُمْ وَأَنتُمْ تَشْهَدُونَ ۝ ثُمَّ أَنتُمْ هَٰؤُلَاءِ تَقْتُلُونَ أَنفُسَكُمْ وَتُخْرِجُونَ فَرِيقًا مِّنكُم مِّن دِيَارِهِمْ تَظَاهَرُونَ عَلَيْهِم بِالْإِثْمِ وَالْعُدْوَانِ وَإِن يَأْتُوكُمْ أُسَارَىٰ تُفَادُوهُمْ وَهُوَ مُحَرَّمٌ عَلَيْكُمْ إِخْرَاجُهُمْ ۚ أَفَتُؤْمِنُونَ بِبَعْضِ الْكِتَابِ وَتَكْفُرُونَ بِبَعْضٍ ۚ فَمَا جَزَاءُ مَن يَفْعَلُ ذَٰلِكَ مِنكُمْ إِلَّا خِزْيٌ فِي الْحَيَاةِ الدُّنْيَا ۖ وَيَوْمَ الْقِيَامَةِ يُرَدُّونَ إِلَىٰ أَشَدِّ الْعَذَابِ ۗ وَمَا اللَّهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُونَ ۝

"আর স্মরণ কর, যখন তোমাদের প্রতিশ্রুতি নিয়েছিলাম যে, তোমরা একে অপরের রক্তপাত করবে না এবং একে অন্যকে বাড়ি থেকে বহিস্কার করবে না, তারপর তোমরা তা স্বীকার করেছিলে। আর তোমরা এর সাক্ষী। তারপর তোমরাই ঐ সকল লোক, যারা নিজদেরকে হত্যা করছ এবং তোমাদের একদলকে তাদের বাড়ি থেকে

বহিস্কার করছ। তোমরা নিজেরা তাদের বিরুদ্ধে অন্যায় ও সীমালঙ্ঘন করে পরস্পরের সহযোগিতা করছ। আর তারা যখন বন্দীরূপে তোমাদের কাছে উপস্থিত হয় তখন তোমরা মুক্তিপণ আদায় কর; অথচ তাদেরকে বহিষ্কার করাই তোমাদের উপর হারাম ছিল। তবে কি তোমরা কিতাবের কিছু অংশে ঈমান আন এবং কিছু অংশে কুফরি (অস্বীকার) কর? তাহলে তোমাদের যারা এরূপ করে তাদের একমাত্র প্রতিফল দুনিয়ার জীবনে লাঞ্ছনা ও অপমান এবং ক্বিয়ামতের দিন তাদেরকে ফিরিয়ে নেয়া হবে কঠিনতম শাস্তির দিকে। আর তারা যা করে আল্লাহ সে সম্পর্কে গাফিল নন।” এই সকল ব্যক্তিদের পূর্বসূরি হচ্ছে ইহুদীরা।

ইমাম ক্বুরতুবী رَحِمَهُاللهُ তার তাফসীরে বলেন, “তারা ইসলাম এবং ইহুদী ধর্মের মাঝে সমন্বয় করে একটি ধর্ম সৃষ্টি করার ইচ্ছা করেছিল।” তারা ইসলাম এবং ইহুদী ধর্ম থেকে নতুন একটি দ্বীন তৈরি করেছিল। এটা ইমাম ক্বুরতুবী رَحِمَهُاللهُ -এর বক্তব্য এবং অন্যদের বক্তব্য একই। এমনিভাবে ইমাম ক্বুরতুবী رَحِمَهُاللهُ বলেন, আল্লাহ عَزَّوَجَلَّ ইহুদীদের থেকে চারটি প্রতিশ্রুতি নিয়েছিলেন, প্রথম প্রতিশ্রুতিঃ তারা নিজেদের হত্যা করবে না।

দ্বিতীয় প্রতিশ্রুতিঃ তাদের কেউ বাড়ি থেকে কোন ইহুদীকে বের করে দিবে না।

তৃতীয় প্রতিশ্রুতিঃ তারা এমন ব্যক্তিকে সাহায্য করবে না যে ইহুদীদেরকে তাদের বাড়ি থেকে বের করে দেয়।

চতুর্থ প্রতিশ্রুতিঃ যখন কোন ইহুদী বন্দি হবে তখন তারা তাকে মুক্ত করবে। অতঃপর তারা ঐ সকল আইন ও বিধান ছেড়ে দিয়েছিল আল্লাহ عَزَّوَجَلَّ যে প্রতিশ্রুতিগুলো তাদের থেকে নিয়েছিলেন। তারা কেবলমাত্র একটি বিধান গ্রহণ করেছিল এবং তারা বাকি বিধিবিধান পরিবর্তন করেছিল।

আল্লাহ عَزَّوَجَلَّ এই সকল ব্যক্তিদের উদ্দেশ্য করে বলেছেন, “তবে কি তোমরা কিতাবের কিছু অংশে ঈমান আন এবং কিছু অংশে কুফরি (অস্বীকার) কর? তাহলে তোমাদের যারা এরূপ করে তাদের একমাত্র প্রতিফল দুনিয়ার জীবনে লাঞ্ছনা ও

অপমান এবং ক্বিয়ামতের দিন তাদেরকে ফিরিয়ে নেয়া হবে কঠিনতম শাস্তির দিকে। তারা যা করে আল্লাহ সে সম্পর্কে গাফিল নন।”[69]

ইনশা'আল্লাহ আগামী দারসে আমরা এই বিষয়টি পূর্ণ করব। কারণ বিষয়টি গুরুত্বপূর্ণ। আল্লাহ আপনাদের উত্তম বিনিময় দান করুন এবং আপনাদেরকে বারাকাহ দান করুন!

[69] সুরা বাকারাহঃ ৮৫

আনুগত্যের শিরক সংক্রান্ত উৎকর্ষ বিবরণ

শাইখ আবু আলী আল-আনবারী
আল-কুরাইশী (রহিমাহুল্লাহ)

পঞ্চম দারসঃ

সংবিধানের বাস্তবতা এবং এব্যাপারে শারীয়াহ'র হুকুম [সম্পূরক]

الحَمدُ للّه والصّلاةُ والسّلامُ على رسُولِ اللّه؛

হে আল্লাহ আপনি আমাদেরকে হক্বকে হক্ব হিসেবে দেখান এবং হক্ব অনুসরণ করার ক্ষেত্রে আমাদের সাহায্য করুন, বাতিলকে বাতিল হিসেবে দেখান এবং বাতিল বর্জন করার ক্ষেত্রে আমাদের সাহায্য করুন। হে আল্লাহ আপনি আমাদের এমন বিষয় শিক্ষা দিন যা আমাদের উপকার করবে এবং আপনি আমাদের যা শিক্ষা দেন এর মাধ্যমে আমাদের উপকৃত করুন। হে আল্লাহ আপনি আমাদেরকে আমাদের ইলম অনুযায়ী আমলকারী বানিয়ে দিন। হে আল্লাহ ক্বিয়ামতের দিন আমাদের ইলমকে আমাদের জন্য দলিল বানিয়ে দিন এবং আমাদের বিরুদ্ধে দলিল বানাবেন না - - ইয়া আরহামার-রহিমীন! হে আমার রব! আপনি আমার বক্ষ উন্মুক্ত করে দিন, আমার বিষয়াদি সহজ করে দিন এবং আমাদের মুখের জড়তা দূর করে দিন যেন তারা আমার কথা বুঝতে পারে। হে আল্লাহ আপনি আমার কর্মকে সৎ বানিয়ে দিন, আপনার সন্তুষ্টির জন্য খালিছ করে দিন এবং আপনার সৃষ্টির কারো জন্য এতে কোন অংশ রাখবেন না।

অতঃপর,

আমরা গত বৈঠকে সংবিধান সম্পর্কে আলোচনা শেষ করেছি। আমরা বলেছি, প্রত্যেক মুসলিমের জন্য উচিৎ হল সে এই সকল আইন ও সংবিধানের ব্যাপারে প্রথম বাস্তবতা জানবে যে, এগুলো জাহিলী আইন। আমরা আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বাণী দ্বারা দলিল পেশ করেছিঃ

وَاِنَّ كَثِيْرًا مِّنَ النَّاسِ لَفٰسِقُوْنَ ۝ اَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُوْنَ ؕ وَمَنْ اَحْسَنُ مِنَ اللّٰهِ حُكْمًا لِّقَوْمٍ يُّوْقِنُوْنَ

“আর নিশ্চয়ই অধিকাংশ মানুষ ফাসিক্ব। তবে কি তারা জাহিলিয়্যাতের বিধিবিধান কামনা করে? আর দৃঢ় বিশ্বাসী সম্প্রদায়ের জন্য বিধান প্রদানে আল্লাহর চেয়ে আর

কে শ্রেষ্ঠতর?”[70] অতঃপর আমরা কুরআন, হাদিস এবং সাহাবীগণের বক্তব্যের মাধ্যমে প্রমাণ করেছি যে, জাহিলিয়্যাতের বিধান দ্বারা উদ্দেশ্য কী। অতঃপর আমরা প্রমাণ করেছি যে, এখানে বিধান দ্বারা উদ্দেশ্য কী। এরপর আমরা স্পষ্ট করেছি যে, জাহিলিয়্যাতের বিধান দ্বারা উদ্দেশ্য কী। অতঃপর আমরা বিষয়টিকে আমাদের বাস্তবতার সাথে সংযুক্ত করেছি এবং আমরা বলেছি, ঐ সময়ের বিধিবিধানের ক্ষেত্রে আল্লাহ عَزَّوَجَلَّ যে জাহিলিয়্যাতের সিফাত নাম দিয়েছেন সেটা কি ঐ বিধানগুলোর উপর সীমাবদ্ধ নাকি এই সিফাত বর্তমান সময়ে সম্পাদিত আইন ও সংবিধানের ক্ষেত্রে কার্যকর হবে। আমরা তুলনা করেছি এবং বিস্তৃত বিষয়ের এই তুলনার মাধ্যমে আমাদের নিকট স্পষ্ট হয়েছে যে, বর্তমান সময়ে যে সকল বিধান কার্যকর করা হয় সেগুলোও জাহিলী বিধান যেমন ঐ বিধানগুলো ছিল জাহিলী বিধান। অতএব আপনি ভুলে যাবেন না যে, আল্লাহ تَبَارَكَ وَتَعَالَىٰ -এর শারীয়াহ ব্যতীত যেকোনো শারীয়াহ, যেকোনো বিধান, যেকোনো সংবিধান, যেকোনো আইন –সেটা যে দিক থেকেই হোক না কেন কোন পার্থক্য করা ছাড়াই এর সবগুলোই জাহিলী বিধান। আমরা সংবিধান সম্পর্কে আলোচনা পূর্ণ করব। আজ আমরা জাহিলী বিধানের সাথে সংশ্লিষ্ট অন্য আরেকটি জুঝ তথা পার্ট সম্পর্কে আলোচনা করব। আমি আল্লাহ عَزَّوَجَلَّ -এর সাহায্যে বলছিঃ আপনি যেমন জানেন, বিধিবিধান হয়তোঃ

নির্ভেজাল জাহিলী বিধিবিধান হবে... আমরা এর আলোচনা শেষ করেছি–“তবে কি তারা জাহিলিয়্যাতের বিধিবিধান কামনা করে?”

অথবা নির্ভেজাল আল্লাহ প্রদত্ত বিধিবিধান হবে... “আর দৃঢ় বিশ্বাসী সম্প্রদায়ের জন্য বিধান প্রদানে আল্লাহর চেয়ে আর কে শ্রেষ্ঠতর?”

এখানে তৃতীয় আরেকটি প্রকার আছেঃ এই তৃতীয় প্রকার হল তারা কিছু নেয় শারীয়াহ থেকে এবং কিছু নেয় সংবিধান, আইন ও অন্যান্য ধর্ম থেকে। এই সকল লোকদের বিশেষণ বা নাম কী? আল্লাহ عَزَّوَجَلَّ কি কুরআনে তাদের কথা আলোচনা

---

[70] সুরা মায়িদাহঃ ৪৯-৫০

করেছেন? যদি উল্লেখ করা হয়ে থাকে তাহলে বর্তমান সময়ে দেশগুলোতে যে আইন কার্যকর আছে এবং যা দিয়ে মানুষদের শাসন করা হয়—এর সাথে তাদের সম্পর্ক কী?

আমি আল্লাহ عَزَّوَجَلَّ -এর সাহায্যে বলছিঃ আমি এই প্রকারের নাম দিয়েছি তৃতীয় পথের লোকদের প্রকার। প্রথম প্রকার হল- যারা জাহিলী বিধিবিধান দ্বারা শাসন করে। দ্বিতীয় প্রকার হল- যারা আল্লাহ প্রদত্ত বিধিবিধান দ্বারা শাসন করত। আর যারা এখান থেকে কিছু নেয় এবং ওখান থেকে কিছু নেয় আমি তাদের নাম দিয়েছি তৃতীয় পথের লোক। এই নামকরণের ব্যাপারে আল্লাহ عَزَّوَجَلَّ -এর কিতাব থেকে দলিল কী?

আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى বলেন,

﴿وَيَقُولُونَ نُؤْمِنُ بِبَعْضٍ وَنَكْفُرُ بِبَعْضٍ وَيُرِيدُونَ أَنْ يَتَّخِذُوا بَيْنَ ذَٰلِكَ سَبِيلًا﴾

“তারা বলে, ‘আমরা কিছু অংশের উপর ঈমান আনি এবং কিছু অংশকে অস্বীকার করি।’ আর তারা এর মাঝামঝি একটা পথ গ্রহণ করতে চায়।”[71] তাহলে তারা ঈমান ও কুফরের মাঝে তৃতীয় আরেকটি পথ চায়। সুতরাং তারা শুধু ঈমান চায় না এবং শুধু কুফরও চায় না। তারা এ দুই বিষয়কে একত্রিত করতে চায়।

তাই আল্লাহ عَزَّوَجَلَّ তাদের সম্পর্কে বলেন, “আর তারা এর মাঝামঝি একটা পথ গ্রহণ করতে চায়।” অতএব আমরা এই নামটি তাদের ক্ষেত্রে ব্যবহার করবঃ তৃতীয় পথের লোক।

প্রথম পথঃ জাহিলী বিধিবিধান।

দ্বিতীয় পথঃ আল্লাহ প্রদত্ত বিধিবিধান।

তৃতীয় পথঃ এরা শারীয়াহ থেকে কিছু এবং শারীয়াহ’র বাহির থেকে কিছু নিয়ে মাঝখানে একত্রিত করে।

[71] সুরা নিসাঃ ১৫০

এই প্রকারের কথা কি আল্লাহ عَزَّوَجَلَّ কুরআনে উল্লেখ করেছেন?

হ্যাঁ। আল্লাহ تَبَارَكَ وَتَعَالَىٰ কুরআনে ইহুদীদের ব্যাপারে উল্লেখ করেছেন। তিনি বলেন,

وَ اِذْ اَخَذْنَا مِيْثَاقَكُمْ لَا تَسْفِكُوْنَ دِمَآءَكُمْ وَ لَا تُخْرِجُوْنَ اَنْفُسَكُمْ مِّنْ دِيَارِكُمْ ثُمَّ اَقْرَرْتُمْ وَ اَنْتُمْ تَشْهَدُوْنَ ۝ ثُمَّ اَنْتُمْ هٰۤؤُلَآءِ تَقْتُلُوْنَ اَنْفُسَكُمْ وَ تُخْرِجُوْنَ فَرِيْقًا مِّنْكُمْ مِّنْ دِيَارِهِمْ ؗ تَظٰهَرُوْنَ عَلَيْهِمْ بِالْاِثْمِ وَ الْعُدْوَانِ ؕ وَ اِنْ يَّاْتُوْكُمْ اُسٰرٰى تُفٰدُوْهُمْ وَ هُوَ مُحَرَّمٌ عَلَيْكُمْ اِخْرَاجُهُمْ ؕ اَفَتُؤْمِنُوْنَ بِبَعْضِ الْكِتٰبِ وَ تَكْفُرُوْنَ بِبَعْضٍ ۚ فَمَا جَزَآءُ مَنْ يَّفْعَلُ ذٰلِكَ مِنْكُمْ اِلَّا خِزْيٌ فِي الْحَيٰوةِ الدُّنْيَا ۚ وَ يَوْمَ الْقِيٰمَةِ يُرَدُّوْنَ اِلٰۤى اَشَدِّ الْعَذَابِ ؕ وَ مَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ۝ اُولٰٓئِكَ الَّذِيْنَ اشْتَرَوُا الْحَيٰوةَ الدُّنْيَا بِالْاٰخِرَةِ ؗ فَلَا يُخَفَّفُ عَنْهُمُ الْعَذَابُ وَ لَا هُمْ يُنْصَرُوْنَ ۝

“তারপর তোমরাই ঐ সকল লোক, যারা নিজদেরকে হত্যা করছ এবং তোমাদের একদলকে তাদের বাড়ি থেকে বহিস্কার করছ। তোমরা নিজেরা তাদের বিরুদ্ধে অন্যায় ও সীমালঙ্ঘন করে পরস্পরের সহযোগিতা করছ। আর তারা যখন বন্দীরূপে তোমাদের কাছে উপস্থিত হয় তখন তোমরা মুক্তিপণ আদায় কর; অথচ তাদেরকে বহিষ্কার করাই তোমাদের উপর হারাম ছিল। তবে কি তোমরা কিতাবের কিছু অংশে ঈমান আন এবং কিছু অংশে কুফরি (অস্বীকার) কর? তাহলে তোমাদের যারা এরূপ করে তাদের একমাত্র প্রতিফল দুনিয়ার জীবনে লাঞ্ছনা ও অপমান এবং ক্বিয়ামতের দিন তাদেরকে ফিরিয়ে নেয়া হবে কঠিনতম শাস্তির দিকে। আর তারা যা করে আল্লাহ সে সম্পর্কে গাফিল নন। তারাই সে লোক, যারা আখিরাতের বিনিময়ে দুনিয়ার জীবন ক্রয় করে; কাজেই তাদের শাস্তি কিছুমাত্র কমানো হবে না এবং তাদেরকে সাহায্যও করা হবে না।”[72] এই আয়াতের বিস্তারিত ব্যাখ্যা কী? ইহুদীদের সাথে কী ঘটেছিল? এ বিষয়টি যাদের থেকে প্রকাশ পায় তাদের ব্যাপারে আল্লাহ عَزَّوَجَلَّ -এর হুকুম কী?

[72] সুরা বাকারাহঃ ৮৪-৮৬

ইমাম কুরতুবী رَحِمَهُ اللهُ বলেন, "আমাদের আলেমগণ বলেছেন, আল্লাহ عَزَّوَجَلَّ ইহুদীদের থেকে চারটি প্রতিশ্রুতি নিয়েছিলেনঃ হত্যা করা ছেড়ে দেওয়া, বহিষ্কার করা পরিত্যাগ করা, ইহুদীদের বিরুদ্ধে অন্যদেরকে সাহায্য করা বর্জন করা এবং বন্দি মুক্ত করা।"

এই চারটি প্রতিশ্রুতি আল্লাহ عَزَّوَجَلَّ বানী-ইসরাঈলদের থেকে নিয়েছিলেনঃ

প্রথম প্রতিশ্রুতিঃ তোমরা তোমাদের নিজেদের হত্যা করবে না। ইবনে আবী হাতিম رَحِمَهُ اللهُ আবুল আলিয়া رَحِمَهُ اللهُ থেকে নকল করেছেন, তিনি বলেন, "তোমরা তোমাদের নিজেদের হত্যা করবে না–অর্থাৎ তোমাদের একজন যেন অন্যজনকে হত্যা না করে।" তাহলে প্রথম প্রতিশ্রুতি হল তোমরা তোমাদের নিজেদের হত্যা করবে না।

দ্বিতীয় প্রতিশ্রুতিঃ তোমরা তোমাদের নিজেদেরকে তোমাদের বাড়ি থেকে বের করে দিবে না। অর্থাৎ ইহুদীদের প্রতি আদেশ ছিল, আল্লাহ عَزَّوَجَلَّ -এর মাঝে এবং ইহুদীদের মাঝে প্রতিশ্রুতি ছিল যে, কোন ইহুদীর জন্য অন্য ইহুদীকে তার বাড়ি থেকে বের করা জায়েয নয়।

তৃতীয় প্রতিশ্রুতিঃ ইহুদীরা ছাড়া অন্য শ্রেণীর কিছু মানুষ যখন ইহুদীদেরকে তাদের বাড়ি-ঘর থেকে বের করে দিতে চাইতো তখন অন্য ইহুদীদের জন্য জায়েয নেই যে, তারা এই ইহুদীদের বিরুদ্ধে ঐ সকল লোকদের সাহায্য করবে; অর্থাৎ ইহুদী ব্যতীত অন্য শ্রেণীর কিছু মানুষ ইহুদীদেরকে তাদের বাড়ি থেকে বের করে দিতে চায়, কোন ইহুদীর জন্য জায়েয নেই যে, সে এই ইহুদীদেরকে বহিষ্কার করণের ক্ষেত্রে ঐ সকল লোকদের সাহায্য করবে। এই তিনটি প্রতিশ্রুতি আল্লাহ عَزَّوَجَلَّ বানী-ইসরাঈলদের থেকে নিয়েছিলেন।

চতুর্থ প্রতিশ্রুতিঃ আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى তাদের প্রতি আদেশ করেছিলেন যে, যখন কোন ইহুদী বন্দি হত তখন তারা এই ইহুদীকে বন্দি থেকে মুক্ত করার ব্যাপারে কাজ করবে।

যা ঘটেছিল তা হলঃ ইহুদীরা এই অধ্যায়ের তিনটি অমান্য করেছিল এবং তারা কেবলমাত্র একটি প্রতিশ্রুতি পালন করেছিল; আল্লাহ عَزَّوَجَلَّ বলেছেন, তোমরা তোমাদের নিজেদের হত্যা করবে না; তাদের একজন অন্যজনকে হত্যা করত। আল্লাহ عَزَّوَجَلَّ বলেছেন, তোমরা তোমাদের নিজেদেরকে তোমাদের বাড়ি-ঘর থেকে বের করে দিবে না; ইহুদীদের একজন অন্যজনকে তার বাড়ি থেকে বের করে দিত। অর্থাৎ যেমন সমাজ থেকে, গোত্র থেকে এবং এছাড়াও অন্যান্য বিষয় থেকে। তোমরা ইহুদীদের বিরুদ্ধে কাউকে সাহায্য করবে না; তারা ইহুদীদের বিরুদ্ধে মুশরিকদের সাহায্য করেছিল। যেমন যে চুক্তি আউস ও খাজরাজের মাঝে এবং বনু -কাইনুকা, বনু-নাযীর ও বনু-কুরাইযার মাঝে হয়েছিল। একদল এই সকল লোকদের সাথে চুক্তি করেছিল যে, তারা ইহুদীদের বিরুদ্ধে তাদের সাহায্য করবে এবং আরেক দল এই ব্যক্তিদের সাথে চুক্তি করেছিল যে, তারা ইহুদীদের বিরুদ্ধে তাদের সাহায্য করবে; তাহলে এই তিনটি প্রতিশ্রুতি ইহুদীরা পালন করেনি। আর ইহুদীরা যে একটি প্রতিশ্রুতি পালন করেছিল সেটা হচ্ছেঃ কোন ইহুদী যখন বন্দি হত তখন বন্দিত্ব থেকে তাকে মুক্ত করতে এবং তাকে উদ্ধার করতে তারা দ্রুত কাজ করত। তাহলে তারা কিতাবের কিছু অংশের প্রতি ঈমান এনেছিল যেমনটি আল্লাহ عَزَّوَجَلَّ বলেছেন এবং তারা কিছু অংশকে অস্বীকার করেছিল।

ইমাম জাসসাস رَحِمَهُ ٱللَّهُ তার তাফসীরে বলেন, আমি তার বক্তব্যের অর্থ নকল করছিঃ ইহুদীদেরকে তাদের বহিষ্কার করা ছিল কিতাবের কিছু অংশকে অস্বীকার করা। কারণ আল্লাহ عَزَّوَجَلَّ তাদেরকে যা আদেশ করেছেন তারা তা অমান্য করেছে। বন্দিদেরকে তাদের মুক্ত করা ছিল কিতাবের কিছু অংশের প্রতি ঈমান আনা। কারণ আল্লাহ عَزَّوَجَلَّ তাদেরকে যা আদেশ করেছিলেন তারা তা পালন করেছে; তাহলে আল্লাহ عَزَّوَجَلَّ কিতাব মান্য করাকে ঈমান হিসেবে নাম দিয়েছেন এবং কিতাব অমান্য করাকে কুফর হিসেবে নাম দিয়েছেনঃ “তবে কি তোমরা কিতাবের কিছু অংশে ঈমান আন এবং কিছু অংশে কুফরি (অস্বীকার) কর? তাহলে তোমাদের যারা এরূপ করে তাদের একমাত্র প্রতিফল।” যেহেতু ইহুদীরা আল্লাহ عَزَّوَجَلَّ -এর কিছু আদেশ পালন করেছিল এবং বাদবাকি অন্য আদেশগুলো অমান্য করেছিল তাই

আল্লাহ তাদের এই কাজকে কিতাবের কিছু অংশের প্রতি ঈমান আনা এবং কিতাবের কিছু অংশকে অস্বীকার করা হিসেবে অভিহিত করেছেন। অতঃপর আল্লাহ عَزَّوَجَلَّ ইহুদীদের মধ্য থেকে ঐ ব্যক্তির হুকুম উল্লেখ করেছেন যে এই কাজ সম্পাদন করেছেঃ

তিনি تَبَارَكَ وَتَعَالَى বলেছেন, "তাহলে তোমাদের যারা এরূপ করে তাদের একমাত্র প্রতিফল।" প্রথমতঃ "দুনিয়ার জীবনে লাঞ্ছনা।" দুনিয়ার জীবনে এই ব্যক্তিদের দৃষ্টান্ত হচ্ছে তারা অপদস্থ লাঞ্ছিত নীচু অবস্থায় জীবন-যাপন করবে। "কেবল লাঞ্ছনা"–এর অর্থ হল নীচুতা ও অপমান। "তাহলে তোমাদের যারা এরূপ করে তাদের একমাত্র প্রতিফল দুনিয়ার জীবনে লাঞ্ছনা।" এটা হল দুনিয়ায়। "ক্বিয়ামতের দিন তাদেরকে ফিরিয়ে নেয়া হবে কঠিনতম শাস্তির দিকে।" আপনি জানেন যে, কঠিন শাস্তির স্থান হচ্ছে জাহান্নাম–ওয়াল-ইয়াযুবিল্লাহ্। এই দু'টি হুকুম হল একটি দুনিয়াবি এবং আরেকটি পরকালীন। অতঃপর আল্লাহ عَزَّوَجَلَّ বলেছেন, "তারাই সে লোক, যারা আখিরাতের বিনিময়ে দুনিয়ার জীবন ক্রয় করে।" তাহলে আল্লাহ عَزَّوَجَلَّ -এর আদেশকে তাদের অমান্য করার কারণ ছিল দুনিয়ার জন্য। কেমন যেন সে তার দুনিয়ার কারণে তার পরকালকে বিক্রি করে দিয়েছে। রাসুল ﷺ এক হাদিসে বলেছেন, - প্রকৃতপক্ষে আমি এই হাদিসের বিশুদ্ধতার সীমা উল্লেখ করছি না - তিনি বলেন, "লেনদেনের ক্ষেত্রে মানুষের মধ্যে ঐ ব্যক্তি সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত যে তার দুনিয়ার কারণে তার আখিরাতকে বিক্রি করে দেয়।" এটা অন্য আরেকটি হুকুম যা আল্লাহ عَزَّوَجَلَّ উল্লেখ করেছেন। অতঃপর তিনি বলেন, "কাজেই তাদের শাস্তি কিছুমাত্র কমানো হবে না।" নিশ্চিতভাবেই তারা জাহান্নামে থাকবে।

এই হুকুমের মত অন্য আরেক আয়াতে উল্লেখিত হয়েছে। আল্লাহ عَزَّوَجَلَّ বলেন,

﴿وَيَقُولُونَ نُؤْمِنُ بِبَعْضٍ وَّنَكْفُرُ بِبَعْضٍ ۙ﴾

"তারা বলে, আমরা কিছু অংশের উপর ঈমান আনি এবং কিছু অংশকে অস্বীকার

করি।”[73] আয়াতের পূর্বে রয়েছেঃ “তবে কি তোমরা কিতাবের কিছু অংশে ঈমান আন এবং কিছু অংশে কুফরি (অস্বীকার) কর?” এখানে “তারা বলে, ‘আমরা কিছু অংশের উপর ঈমান আনি এবং কিছু অংশকে অস্বীকার করি।’ আর তারা এর মাঝামঝি একটা পথ গ্রহণ করতে চায়।”

এই ধরনের ব্যক্তিদের ক্ষেত্রে আল্লাহর হুকুমঃ

আল্লাহ عَزَّوَجَلَّ বলেন,

﴿أُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ حَقًّا ۚ﴾

“তারাই প্রকৃত কাফির।”[74]

বস্তুত আমরা এই শ্রেণীর ব্যাপারে আলোচনা করছি। এরপর আমরা আমাদের বর্তমান সময়ে তাদের সাথে সাদৃশ্যপূর্ণ লোকদের নিয়ে আলোচনা করব। এখন আলোচনা কেবল ইহুদীদের সম্পর্কে। তাহলে যে ব্যক্তি কিতাবের কিছু অংশের প্রতি ঈমান আনে; অর্থাৎ সে কিতাবের কিছু অংশ আঁকড়ে ধরে এবং কিতাবের বাকি অংশ অমান্য করে। এই ধরনের ব্যক্তিদের সম্পর্কে আল্লাহ عَزَّوَجَلَّ বলেন, “তারাই প্রকৃত কাফির।” এখানে "حقا" শব্দটি ইমাম কুরতুবী رَحِمَهُ الله তাফসীর করেছেন। তিনি বলেছেন, “এমন দৃঢ়করণ যা তাদের ঈমানের ব্যাপারে ধারণা করাকে দূরীভূত করে দেয় যখন তিনি তাদেরকে এ বৈশিষ্ট্য দিয়েছেন যে, তারা বলে আমরা কিছু অংশের প্রতি ঈমান আনি।” এটা ইমাম কুরতুবী رَحِمَهُ الله এর সরাসরি বক্তব্য।

কেন তিন বলেছেন, “তারাই প্রকৃত কাফির।”? এখানে "حقا" এর অর্থ কী?

তিনি বলেছেন, “এমন দৃঢ়করণ যা তাদের ঈমানের ব্যাপারে ধারণাকে দূর করে দেয়।” এর অর্থ হল- একজন মানুষ আল্লাহ عَزَّوَجَلَّ -এর এবাণী পড়ল–

---

[73] সুরা নিসাঃ ১৫০

[74] সুরা নিসাঃ ১৫১

﴿أَفَتُؤْمِنُونَ بِبَعْضِ الْكِتَٰبِ وَتَكْفُرُونَ بِبَعْضٍ﴾

“তবে কি তোমরা কিতাবের কিছু অংশে ঈমান আন এবং কিছু অংশে কুফরি (অস্বীকার) কর?” অতঃপর আল্লাহ عَزَّوَجَلَّ যখন বলেছেন, “তারাই প্রকৃত কাফির।” তখন আমার এমন সব ধারণা যে, এই সকল লোকদের মধ্যে ঈমানের অংশ থাকতে পারে–সেটা দূর হয়ে যাবে। তাদের ঈমানের ব্যাপারে ধারণা করা দূর হওয়ার জন্য একটি তাকীদ। যেন কেউ এই ধারণা না করে যে, এই লোকেরা মু'মিন। কারণ আল্লাহ তাদেরকে বৈশিষ্ট্য দিয়ে বলেছেন, “তবে কি তোমরা কিতাবের কিছু অংশে ঈমান আন এবং কিছু অংশে কুফরি (অস্বীকার) কর?” অতএব কিছু অংশের প্রতি তোমাদের ঈমান আনয়ন করা–এটা আল্লাহ تَبَارَكَ وَتَعَالَىٰ -এর এবাণীর সামনে কোন কিছুর সমতুল্য নয়ঃ “তারাই প্রকৃত কাফির।”

আবু হাফস আদ-দিমাশ্কী আল-হাম্বালী তার কিতাব ‘আল-লুবাব ফী উলুমিল কিতাব’এ একজন আলেম থেকে উল্লেখ করেছেন - আমার ধারণানুযায়ী তার নাম আবুল বাক্বা। তিনি যখন এই আয়াতের ব্যাখ্যা করেছেন, “তারাই প্রকৃত কাফির।” তখন তিনি বলেছেন, “তারা কোন সন্দেহ ছাড়াই কাফির।” তাদের কুফরির ব্যাপারে কেউ সন্দেহ করবে না। অতঃপর আবু হাফস আদ-দিমাশ্কী আল-হাম্বালী ওয়াহিদী থেকে একটি বক্তব্য উল্লেখ করেছেন - তারা প্রত্যেকেই মুফাসসির। আপনি যেমন জানেন, ওয়াহিদীর ‘আস বাবুন-নুযুল’ নামে একটি কিতাব রয়েছে। ওয়াহিদী এই তাফসীর করতেন না। অর্থাৎ তারা প্রকৃত কাফির–তিনি মনে করতেন না যে, এর অর্থ তাদেরকে তাকফীর করা। তিনি বলেন, “কারণ কুফরকে "حق" এর সাথে কোনোভাবেই বৈশিষ্ট্য দেওয়া যায় না।” এটা সম্ভব নয় যে, আমরা প্রকৃত কাফির বলে এর মাধ্যমে আমরা কুফর উদ্দেশ্য করব। অতঃপর আবু হাফস আদ-দিমাশ্কী আল-হাম্বালী ওয়াহিদীকে জবাব দিয়েছেন - মূল আলোচনার স্থানে আমরা দ্রুতই আসব ইনশা'আল্লাহ- তিনি বলেছেন, “এখানে "حقا" দ্বারা বাতিলের বিপরীত উদ্দেশ্য নয়। বরং উদ্দেশ্য হচ্ছে তাদের ব্যাপারে এটা প্রতিষ্ঠিত এবং তাদের কুফর অকাট্য।” “তারাই প্রকৃত কাফির।” তিনি বলেছেন, “তাদের ব্যাপারে এটা প্রতিষ্ঠিত এবং তাদের কুফর অকাট্য।” অর্থাৎ তারা কাফির এব্যাপারে কোন সন্দেহ নেই।

এটা হল ইহুদীদের কাজ, কিতাবের কিছু অংশ গ্রহণ করা এবং কিতাবের কিছু অংশ অমান্য করার সাথে সম্পৃক্ত। আল্লাহ عَزَّوَجَلَّ তাদেরকে আখ্যায়িত করেছেন- "তারাই প্রকৃত কাফির।"

তাহলে ইহুদীরা দুইটি কাজ করেছেঃ তারা কিতাবের কিছু অংশের প্রতি ঈমান এনেছে এবং কিতাবের কিছু অংশ অমান্য করেছে। এখানে ইহুদীদের তৃতীয় আরেকটি কাজ রয়েছেঃ তারা কিতাবের কিছু বিধিবিধান পরিবর্তন করেছিল। এর দলিলঃ

আল্লাহর রাসুল ﷺ -এর যামানায় বনু-নাযীর গোত্র, বনু-কুরাইযা গোত্র এবং বনু-ক্বাইনুকা গোত্র বিদ্যমান ছিল। কিন্তু বনু-নাযীর এবং বনু-কুরাইযার মাঝে যে আইন চলমান ছিল তা হলঃ বনু-নাযীর গোত্রের কেউ যখন বনু-কুরাইযার কোন লোককে হত্যা করবে তখন সে একশ ওয়াসাক্ব খেজুর দিয়ত পরিশোধ করবে। আর বনু-কুরাইযার কেউ যখন বনু-নাযীর গোত্রের কোন লোককে হত্যা করবে তখন তাকে হত্যা করা হবে। তাহলে ইহুদীদের মাঝে আইন ছিল ভিন্নরূপ। একজন ইহুদী যখন কোন ইহুদীকে হত্যা করবে তখন তাকে হত্যা করা হবে। অন্য আরেকজন ইহুদী যখন এক ইহুদীকে হত্যা করবে তখন তাকে হত্যা করা হবে না–সে দিয়ত পরিশোধ করবে। বস্তুত এখানে পরিবর্তন কোথায়? আমরা উল্লেখ করেছি যে, ইহুদীরা পরিবর্তন করেছে। পরিবর্তন কোথায়?

ইহুদীদের তাওরাতে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বাণী প্রমাণিত যে,

وَ كَتَبۡنَا عَلَيۡهِمۡ فِيۡهَاۤ اَنَّ النَّفۡسَ بِالنَّفۡسِ ۙ وَ الۡعَيۡنَ بِالۡعَيۡنِ وَ الۡاَنۡفَ بِالۡاَنۡفِ وَ الۡاُذُنَ بِالۡاُذُنِ وَ السِّنَّ بِالسِّنِّ ۙ وَ الۡجُرُوۡحَ قِصَاصٌ ؕ

"আর আমরা তাদের উপর তাতে অত্যাবশ্যক করে দিয়েছিলাম যে, প্রাণের বদলে প্রাণ, চোখের বদলে চোখ, নাকের বদলে নাক, কানের বদলে কান, দাঁতের বদলে দাঁত এবং যখমের বদলে অনুরূপ যখম।"[75] তাহলে তাওরাতে প্রমাণিত যে, জানের

[75] সুরা মায়িদাহঃ ৪৫

বদলে জান, কিন্তু ইহুদীরা এই বিধান পরিবর্তন করেছিল; আল্লাহর রাসুল ﷺ -এর যামানায় এই বিষয়টি ঘটেছিল। এই হাদিস ইবনে আব্বাস رَضِيَاللّٰهُعَنْهُمَا থেকে ইবনে আবী শায়বা رَحِمَهُاللّٰهُ 'মুসান্নাফ'এ বর্ণনা করেছেন, ইবনু আবী হাতিম বর্ণনা করেছেন, আবু দাউদ رَحِمَهُاللّٰهُ বর্ণনা করেছেন এবং হাকিম 'মুস্তাদরিক'এ বর্ণনা করেছেন। ইমাম যাহাবী বলেছেন, এই হাদিস সহীহ। কেননা হাকিম যখন এই রিওয়াত ইবনে আব্বাস থেকে বর্ণনা করেছেন তখন তিনি বলেছেন, শাইখাইনের শর্তে এই হাদিস সহীহ। ইমাম যাহাবী সংযুক্ত করে তালখীসে বলেছেন, সহীহ।

ইবনে আব্বাস رَضِيَاللّٰهُعَنْهُمَا বলেন, একটি হত্যা সংঘটিত হল। বনু-কুরাইযার এক লোক বনু-নাযীর গোত্রের এক লোককে হত্যা করল। অতঃপর বনু-নাযীর গোত্র বনু-কুরাইযাকে বলল, তোমরা কুরাইযার ব্যক্তিকে আমাদের নিকট সমর্পণ কর যেন আমরা তাকে হত্যা করতে পারি। তারা বলল, আমাদের মাঝে এবং তোমাদের মাঝে আল্লাহর নাবী আছে। ফলে তারা আল্লাহর রাসুল ﷺ -এর নিকট বিচার চাইতে আসল। অতঃপর আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى নাযিল করলেন,

﴿وَإِنْ حَكَمْتَ فَاحْكُمْ بَيْنَهُمْ بِالْقِسْطِ﴾

"আর যদি আপনি বিচার-ফায়সালা করেন তবে তাদের মধ্যে ন্যায় বিচার করবেন।"[76] ইবনে আব্বাস বলেন, "অর্থাৎ জানের বদলে জান।" অতঃপর নাযিল হলঃ "তবে কি তারা জাহিলিয়্যাতের বিধিবিধান কামনা করে?" তাহলে এই পরিবর্তন ও বিকৃতসাধনকেও জাহিলিয়্যাতের বিধানের অন্তর্ভুক্ত গণ্য করা হত– হোক সেটা ইহুদীদের নিকট অথবা মুশরিকদের নিকট তা সমান। অতএব এখানে আমি আমার কথা দৃঢ় করছিঃ আমাদের দ্বীনে আল্লাহ عَزَّوَجَلَّ -এর আইন ব্যতীত আইন প্রণয়ন করা সেটা যেকোনো দিক থেকেই হোক না কেন–এর সবগুলোই জাহিলী বিধান।

অতএব এই আয়াত পড়ে যে ফলাফল বের হয় তা হলঃ ইহুদীরা কিতাবের

[76] সুরা মায়িদাহঃ ৪২

কিছু অংশের প্রতি ঈমান এনেছিল এবং কিতাবের কিছু অংশকে অস্বীকার করেছিল। তারা আল্লাহ عَزَّوَجَلَّ -এর কিছু বিধান অমান্য করেছিল। আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى তাদের ব্যাপারে কুফরের হুকুম দিয়েছেন। আর তাদের কুফরির ব্যাপারে কেউ সন্দেহ করবে না; কারণ আল্লাহ عَزَّوَجَلَّ বলেছেন, "তারাই প্রকৃত কাফির।"

আমাদের বাস্তবতার সাথে এই আয়াতের সম্পর্ক কী?

ইসলামের সাথে সম্পৃক্ত কিছু ব্যক্তি রয়েছে তাদের থেকে সর্বদাই একটি বাক্য শুনবেন- **"ইসলামী শারীয়াহ আইন প্রণয়নের উৎসসমূহের মধ্য থেকে একটি উৎস।"** এই বিষয়ে প্রবেশ করার পূর্বে কিছু কথাঃ

যে আয়াতগুলো ইহুদীদের ব্যাপারে বর্ণিত হয়েছে সেগুলোকে কি আমরা ইসলাম ধর্মের লোকদের উপর প্রয়োগ করতে পারব? অর্থাৎ কিছু আয়াত আছে যেগুলো ইহুদীদের ব্যাপারে নাযিল হয়েছে, কিছু আয়াত খ্রিষ্টানদের ব্যাপারে নাযিল হয়েছে এবং কিছু আয়াত আছে যেগুলো মুশরিকদের ব্যাপারে নাযিল হয়েছে–এই সকল আয়াতকে কি আমরা ইসলাম ধর্মের কিছু ব্যক্তির উপর প্রয়োগ করতে পারব?

এই সকল আয়াতকে সাধারণভাবে প্রয়োগ করা–এটা খারিজিদের আক্বীদাহ'র অন্তর্ভুক্ত। কাফিরদের ব্যাপারে নাযিলকৃত প্রতিটি আয়াত আমরা ঈমানদারদের ক্ষেত্রে প্রয়োগ করব, মুনাফিক্বদের ব্যাপারে নাযিলকৃত প্রতিটি আয়াত আমরা মু'মিনদের ক্ষেত্রে প্রয়োগ করব–এগুলো খারিজিদের আক্বীদাহ।

কিন্তু এব্যাপারে সঠিক মত হচ্ছেঃ এই হুকুম দেওয়ার ক্ষেত্রে কারণ কী–তা আমরা লক্ষ্য করব; কেননা আল্লাহ عَزَّوَجَلَّ হুকুম দেওয়ার ক্ষেত্রে কারণের উপর ভিত্তি করে প্রতিটি হুকুম দেন। তাই আমরা এই কারণের প্রতি লক্ষ্য করব। অতঃপর হুকুমের প্রতি লক্ষ্য করব। এই কারণ যখন ইসলামের সাথে সম্পৃক্ত ব্যক্তিদের মধ্যে বাস্তবায়িত হবে তখন তারা আল্লাহ عَزَّوَجَلَّ -এর নিকট ইহুদীদের চেয়ে বেশি উত্তম হবে না, আর না আল্লাহ عَزَّوَجَلَّ -এর নিকট খ্রিষ্টানদের চেয়ে বেশি উত্তম হবে। ইহুদী আল্লাহ عَزَّوَجَلَّ -এর আদেশ অমান্য করেছিল এবং কিছু অংশের প্রতি ঈমান এনেছিল ও কিছু অংশ অস্বীকার করেছিল। এই কারণ যখন ইসলামের সাথে সম্পৃক্ত

কিছু মানুষের মধ্যে বাস্তবায়িত হবে তখন তাদের ক্ষেত্রে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর এবাণী বলা হবেঃ “তারাই প্রকৃত কাফির।” কেন? এর কারণ হল, এখানে হুকুম দেওয়ার ক্ষেত্রে যে কারণ রয়েছে এবং সেখানে হুকুম দেওয়ার ক্ষেত্রে সেই কারণই আছে।

আমি এব্যাপারে কিছু দলিল আপনার নিকট উল্লেখ করছিঃ মক্কার মুশরিকরা যখন মূর্তির ইবাদাত করত তখন তারা কী বলত? তারা বলতঃ

﴿مَا نَعۡبُدُهُمۡ اِلَّا لِيُقَرِّبُوۡنَاۤ اِلَى اللّٰهِ زُلۡفٰىؕ﴾

“আমরা কেবল এজন্যই তাদের ইবাদাত করি যে, তারা আমাদেরকে আল্লাহর নিকটবর্তী করে দেবে।”[77] তাহলে এটা সরাসরি ইবাদাত নয়। আমরা কেবল এই সকল লোকদের মাধ্যমে আল্লাহ عَزَّوَجَلَّ -এর নৈকট্য অর্জন করি।

অতএব তাদের শিরকের কারণ ছিল তারা তাদের নিজেদের মাঝে এবং আল্লাহ عَزَّوَجَلَّ -এর মাঝে মাধ্যম নির্ধারণ করেছিল। এই মাধ্যম দিয়ে তারা আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর নৈকট্য চাইতো। এই কারণটি যখন উম্মাহ’র কারো মধ্যে পাওয়া যাবে তখন এটা ইসলাম ভঙ্গের কারণসমূহের মধ্য থেকে একটি কারণ হবে– যেমনটি শাইখ মুহাম্মাদ ইবনে আব্দুল ওয়াহহাব رَحِمَهُ اللهُ নাওয়াক্বীদুল ইসলামে উল্লেখ করেছেন। ইসলাম ভঙ্গের কারণসমূহের মধ্যে রয়েছেঃ যে ব্যক্তি তার নিজের মাঝে এবং আল্লাহর মাঝে মাধ্যম নির্ধারণ করে সে মুশরিক হয়ে যাবে।

সে ইসলামের সাথে সম্পৃক্ত কিন্তু সে এমন কাজ করে যা মুশরিকরা করত। ঐ কাজের হুকুম হল শিরক; তাই যে ব্যক্তি তাদের ন্যায় কাজ করবে নিশ্চিতভাবেই তার উপর তাদের হুকুম কার্যকর হবে... সে মুশরিক হবে। তাহলে আপনিও যখন এই একই কাজ করবেন তখন আপনিও আল্লাহ عَزَّوَجَلَّ -এর সাথে শিরককারী মুশরিক হয়ে যাবেন। এটা ইসলাম ভঙ্গের দশ কারণের মধ্য থেকে একটি কারণ যেগুলো মুহাম্মাদ ইবনে আব্দুল ওয়াহহাব رَحِمَهُ اللهُ উল্লেখ করেছেন।

---

[77] সুরা যুমারঃ ০৩

আমি আপনার নিকট আরেকটি দলিল উল্লেখ করছি যার আলোচনা আমরা পূর্বে করেছিঃ আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বাণীঃ

﴿اتَّخَذُوا أَحْبَارَهُمْ وَرُهْبَانَهُمْ أَرْبَابًا مِّن دُونِ اللَّهِ﴾

“তারা আল্লাহকে বাদ দিয়ে তাদের পণ্ডিত ও পাদ্রীদেরকে রব হিসেবে গ্রহণ করেছে।”[78] আয়াতটি ইহুদীদের এবং খ্রিষ্টানদের ব্যাপারে নাযিল হয়েছিল। কিন্তু আপনার স্মরণে আছে যে, আমরা বলেছিলাম যে ব্যক্তি আল্লাহর রাসুল ﷺ -এর শারীয়াহ নিয়ে ছলনা করবে সে এই আয়াতের হুকুমের অন্তর্ভুক্ত হবে।

আমরা যেমন ধর্মযাজক ও পাদ্রীদের ব্যাপারে বলেছিলাম যে, তারা হচ্ছে রব। তাহলে যে ব্যক্তি আল্লাহর রাসুল ﷺ -এর দ্বীনের সাথে তা করবে যা ঐ সকল ব্যক্তিরা আল্লাহর নাবী মুসার শারীয়াহ অথবা আল্লাহর নাবী ঈসার শারীয়াহ’র সাথে করেছিল তখন এই ব্যক্তিদেরকেও রব হিসেবে আখ্যায়িত করা হবে—যদিও এটা জানা বিষয় যে, আয়াতে তাদের কথা উল্লেখ নেই। ঐ সকল ব্যক্তিরা হচ্ছে ইহুদী এবং খ্রিষ্টান। এই ব্যক্তি হচ্ছে মুসলিম কাফির; কিন্তু হুকুম তার উপর কার্যকর হবে। কেননা যে কারণ ঐ ব্যক্তিদের মাঝে ছিল তা এই ব্যক্তিদের মাঝেও বাস্তবায়িত হয়েছে।

অতএব কাফির, মুশরিক ও মুনাফিক্বদের ব্যাপারে প্রতিটি আয়াতকে আমরা মুসলিমদের উপর প্রয়োগ করব না। না... আমরা লক্ষ্য করব—যার মধ্যে হুকুম দেওয়ার কারণ বাস্তবায়িত হবে তার উপর হুকুমও প্রয়োগ করা হবে।

আমরা এই আয়াতের নিকট আসলাম—ইহুদীরা কিতাবের কিছু অংশের প্রতি ঈমান এনেছিল এবং কিছু অংশ অস্বীকার করেছিলঃ

আল্লাহ عَزَّوَجَلَّ তাদেরকে এই বিশেষণ দিয়েছেন। তারা কিতাবের কিছু অংশের প্রতি ঈমান এনেছিল—কিভাবে আমরা বুঝব তারা কিতাবের কিছু অংশের প্রতি ঈমান এনেছিল? তারা বন্দি মুক্ত করত। তারা কিতাবের কিছু অংশ অস্বীকার করেছিলঃ

[78] সুরা তাওবাঃ ৩১

তারা হত্যার বিষয় অমান্য করেছিল, তারা বহিষ্কারের বিষয় অমান্য করেছিল, তারা সাহায্য-সহযোগিতার বিষয় অমান্য করেছিল। আল্লাহ عَزَّوَجَلَّ এটাকে কুফর নাম দিয়েছেন।

তাহলে যার মধ্যে কারণ বাস্তবায়িত হবে তার উপর হুকুম কার্যকর হবে- "তারাই প্রকৃত কাফির।"

এখন আমরা আসি, সংবিধান প্রণয়নকারীরা কি আল্লাহর বিধিবিধান থেকে কিছু গ্রহণ করে ও অন্য বিধিবিধান থেকে কিছু গ্রহণ করে এবং তারা কি শারীয়াহ বিরোধী আইন নিয়ে এসেছে নাকি আনেনি? আপনি বিষয়টি লক্ষ্য করুন, কিভাবে হয়েছে। ইহুদীরা তিনটি প্রতিশ্রুতি অমান্য করেছিল যেগুলো আল্লাহ عَزَّوَجَلَّ তাদের থেকে নিয়েছিলেন। তারা সংবিধান ও আইনের ক্ষেত্রে একটি বিষয়ে ইহুদীদের অনুরূপ করেছে। তারা অনেক বিষয়ে ইহুদীদের থেকে বেশি করেছে।

ইহুদীদের সাথে সংবিধানের ও আইনের সাদৃশ্য কোথায়?

আমি যেমনটি উল্লেখ করেছিলাম যে, ইহুদীরা তিনটি বিধান অমান্য করেছিল। তাহলে বিষয় হচ্ছে অমান্য করা। এই অমান্য করা কি সংবিধান ও আইনে বাস্তবায়ন হয় নাকি হয় না? আমরা অনুসন্ধান করব...

প্রথম অমান্যঃ আমরা শুধু বিস্তৃত বিষয়গুলো উল্লেখ করব– আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى তার প্রত্যেক সৃষ্টিকে তার ইবাদাত করতে আদেশ করেছেনঃ

﴿وَ مَا خَلَقْتُ الْجِنَّ وَ الْإِنْسَ اِلا لِيَعْبُدُوْنِ﴾

"আর আমি জ্বীন এবং মানুষকে সৃষ্টি করেছি কেবলমাত্র আমার ইবাদাত করার জন্য।"[79] আর আপনি জানেন যে, সকল ইবাদাত প্রমাণিত বিষয়। আমি ইজতিহাদ করে কোন ইবাদাত নিয়ে আসতে পারব না। ঠিক আছে... যেহেতু আল্লাহ عَزَّوَجَلَّ আমাদেরকে ইবাদাতের জন্য সৃষ্টি করেছেন তাই আল্লাহর রাসুল ﷺ -এর

[79] সুরা যারিয়াতঃ ৫৬

আগমনের পর মানুষের থেকে কাঙ্ক্ষিত বিষয় কী—যার মাধ্যমে তারা আল্লাহ عَزَّوَجَلَّ -এর ইবাদাত করবে? নিশ্চিতভাবেই আল্লাহর রাসুল ﷺ -এর শারীয়াহ। কারণ এই শারীয়াহ'র মাধ্যমেই আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর একত্ববাদে বিশ্বাসী হওয়া যায়।

এই সংবিধান এবং এই আইন একটি বক্তব্য ও একটি ধারা অন্তর্ভুক্ত করে – যেমন পূর্বে আপনাদের সামনে আমি পড়েছিলাম। তা হল বিশ্বাসের স্বাধীনতা। "যেমনিভাবে এই সংবিধান খ্রিষ্টান, ইয়াযিদী ও মান্দাইন সাবেঈদের জন্য বিশ্বাসের স্বাধীনতা এবং ধর্ম চর্চার নিশ্চয়তা দেয়।" তাহলে এরা ঐ বিষয়ের বিপরীত করেছে যা রাসুল ﷺ নিয়ে এসেছিলেন। যেমন ইবাদাতের ক্ষেত্রে আল্লাহকে একক সাব্যস্ত করা। কিন্তু তারা ইবাদাতকে আল্লাহর জন্য এবং আল্লাহ ব্যতীত অন্যের জন্য সাব্যস্ত করেছে। ইয়াযিদীর এ অধিকার রয়েছে যে, সে শয়তানের ইবাদাত করবে। অতএব এটা হল অমান্য করা।

আরেকটি বিষয়ঃ আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى আমাদের জন্য দ্বীন হিসেবে ইসলামকে মনোনীত করেছেন।

সংবিধান ও আইনে রয়েছেঃ মানুষের জন্য এ অধিকার রয়েছে যে, তাদের ইচ্ছানুযায়ী তারা ধর্ম অনুসরণ করতে পারবে। তাই ইয়াযিদী ধর্ম অনুমোদিত, খ্রিষ্ট ধর্ম অনুমোদিত, ক্যালডিয়া ও অ্যাসিরীয়া ধর্ম অনুমোদিত। সম্ভাব্য যে ধর্মই পাওয়া যাবে সংবিধান ও আইন এই সকল ধর্মকে স্বীকৃতি দেয়। তাহলে যেমন ইহুদীরা কিছু অংশ অস্বীকার করেছিল এরাও কিছু অংশ অস্বীকার করেছে; এই অর্থে যে, তারা আল্লাহ عَزَّوَجَلَّ -এর বিধিবিধানের বিপরীত করেছে।

তৃতীয় উদাহরণঃ চুরি, যিনা, মদ পান, ক্বিসাস, হত্যা এবং এছাড়াও অন্যান্য ক্ষেত্রে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বিধান রয়েছে। এগুলো হচ্ছে বিধিবিধান এবং হদ।

সংবিধান ও আইনে রয়েছেঃ এই প্রতিটি বিধান যেগুলো উল্লেখ করা হল—এর সবগুলোই সংবিধান ও আইনে আল্লাহ عَزَّوَجَلَّ -এর আইনের বিপরীত রয়েছে। তাহলে ইহুদীরা যেমন তাওরাতে আল্লাহ عَزَّوَجَلَّ -এর প্রতিশ্রুতির বিপরীত করেছে তেমনিভাবে সংবিধান প্রণয়ন কমিটি যখন সংবিধান প্রণয়ন করেছে তখন এই

সংবিধানের মধ্যেও - আমার উল্লেখিত বিষয়গুলোর ক্ষেত্রে - আল্লাহ عَزَّوَجَلَّ -এর আইনের বিপরীত আইন ছিল।

এই সংবিধানের মাঝে এবং ইহুদীদের মাঝে সাদৃশ্যের দিকটি কোথায়?

ইহুদীরা তাওরাত থেকে বন্দি মুক্তির বিধানটি গ্রহণ করেছে। আর এই ব্যক্তিরা ইসলাম থেকে ব্যক্তিগত আইন গ্রহণ করেছে। অর্থাৎ বিবাহ, তালাক্ব ও মিরাছ বা সম্পত্তি বণ্টনের সাথে সংশ্লিষ্ট মাস'আলাসমূহ। এখানে কিছু ফিক্বহী মাস'আলা রয়েছে তারা সেগুলোও গ্রহণ করেছে। তাহলে ইহুদীরা একটি প্রতিশ্রুতি গ্রহণ করেছে এবং এই ব্যক্তিরাও ইসলামী শারীয়াহ থেকে কিছু বিষয় নিয়েছে। অতএব এটা হল তাওরাতের ক্ষেত্রে ইহুদীদের আমলের মাঝে এবং সংবিধানের ক্ষেত্রে সংবিধান প্রণয়ন কমিটির কাজের মাঝে সাদৃশ্যের দিক। সুতরাং নিশ্চিতভাবেই এই ব্যক্তিদের পূর্বসূরি হচ্ছে ইহুদীরা। যে ব্যক্তি বলে, "ইসলামী শারীয়াহ আইন প্রণয়নের উৎসসমূহের মধ্য থেকে একটি উৎস"—আমাদের রবের কিতাবে এই ব্যক্তির পূর্বসূরি হচ্ছে ইহুদীরা। ইহুদীরা যেমন করেছিল সেও ইসলামী শারীয়াহ'র সাথে তেমনই করতে চায়।

আমি একটু বৃদ্ধি করে বলছিঃ এই উক্তির প্রবক্তারা "ইসলামী শারীয়াহ আইন প্রণয়নের উৎসসমূহের মধ্য থেকে একটি উৎস"—এই ব্যক্তিরা ইহুদীদের চেয়েও বেশি নিকৃষ্ট যাদের কথা আল্লাহ عَزَّوَجَلَّ কুরআনে উল্লেখ করেছেন। বরং ইহুদীরা এই ব্যক্তিদের থেকে বেশি ভালো। এই কথার ব্যাপারে দলিল কী?

প্রথমতঃ ইহুদীরা যখন কিতাবের কিছু অংশ 'বন্দি মুক্ত করা'র প্রতি ঈমান এনেছিল তখন তারা এই আইন পরিবর্তন করেনি, বিকৃত করেনি, বৃদ্ধি করেনি এবং হ্রাস করেনি। আল্লাহর কিতাবে যেমন বিধান ছিল তেমনই তারা গ্রহণ করেছে।

আর এই সকল ব্যক্তিরা যারা বলে, "ইসলামী শারীয়াহ আইন প্রণয়নের উৎসসমূহের মধ্য থেকে একটি উৎস" তারা আমাদের দ্বীনে হানীফ থেকে কিছু আইন নিয়েছে। কিন্তু তারা যা নিয়েছে এর সাথে তা করেনি যা ইহুদীরা করেছে। ইহুদীরা বন্দি মুক্তির বিধানের ক্ষেত্রে বিশ্বস্ত ছিল যেমনটি তাওরাতে রয়েছে। আর

এই সকল ব্যক্তিরা যা গ্রহণ করেছে তা পরিবর্তন করেছে, তাতে বিকৃতি সাধন করেছে, তাতে যুক্ত করেছে, এর থেকে হ্রাস করেছে এবং এতে বৃদ্ধি করেছে। যেমন মিরাছ বা উত্তরাধিকার সম্পদ বণ্টনের মাস'আলায়। আপনি জানেন যে, আমাদের রবের বিধানে রয়েছেঃ দুই নারীর অংশের অনুরূপ পুরুষের জন্য। যেহেতু তুমি সম্পদ বণ্টনের মাস'আলা নিয়েছো যদিও তুমি ইহুদীদের অনুসরণকারী তাই মাস'আলার ক্ষেত্রে তোমার উপর আবশ্যক ছিল এই বিধিবিধানগুলোকে ঐভাবে প্রয়োগ করা যেমন আমাদের রবের শারীয়াহ'তে রয়েছে। কিন্তু তারা যা নিয়েছে সেটাকে বিকৃত করেছে, পরিবর্তন করেছে। ফলে তারা বলেছে, "পুরুষ নারীর সমান হবে এবং নারী পুরুষের সমান হবে।"

যারা তা গ্রহণ করেছে ইহুদীরা তাদের থেকে ভালো ছিল। কারণ ইহুদীরা যখন তাদের কিতাব থেকে গ্রহণ করেছিল তখন তারা তা বিকৃত করেনি, পরিবর্তন করেনি এবং সরিয়ে আনেনি। এটাই একটি দলিল যে, এই ব্যক্তিরা আমাদের রবের কিতাবের সাথে আচরণ করার ক্ষেত্রে বেশি নিকৃষ্ট।

আরেকটি বিষয়ঃ ইহুদীরা যখন বন্দি মুক্তির বিধান গ্রহণ করেছে তখন তারা ঐ বিধানকে সরাসরি তাওরাতের দিকে নিসবত করেছে যে, এই বিধান ঐ সময়ের আল্লাহর কিতাব তাওরাত থেকে গৃহীত।

আর যে বলে, 'ইসলামী শারীয়াহ আইন প্রণয়নের উৎসসমূহের মধ্য থেকে একটি উৎস' সে বিবাহ, তালাক্ব ও সম্পদ বণ্টনের ক্ষেত্রে ব্যক্তিগত বিষয়গুলো না কুরআনের প্রতি না সুন্নাহ'র প্রতি নিসবত করতে পারে। সে ঐ বিধানগুলোকে আইনের অমুক ধারার প্রতি এবং সংবিধানের অমুক ধারার প্রতি নিসবত করে; তাহলে ইহুদীরা তার থেকে ভালো ছিল। কারণ ইহুদীরা বন্দি মুক্তির বিষয়টি গ্রহণ করেছে আর তারা জানত এটা সরাসরি তাওরাত থেকে গ্রহণ করেছে। আর তারা যখন কিছু গ্রহণ করে তখন তারা সেটাকে কুরআনের প্রতি এবং সুন্নাহ'র প্রতি নিসবত করতে সক্ষম হয় না। তারা সেটাকে সংবিধানের অমুক ধারা এবং আইনের অমুক ধারার প্রতি নিসবত করে।

আরো একটি বিষয় যা প্রমাণ করে যে, এই ব্যক্তিরা ইহুদীদের থেকে নিকৃষ্ট যারা পরিবর্তন করেছে এবং বিকৃতিসাধন করেছেঃ

ইহুদীরা এই অংশের ক্ষেত্রে তাওরাতের প্রতি ঈমান এনেছিল। আল্লাহ عَزَّوَجَلَّ বলেন, "তবে কি তোমরা কিতাবের কিছু অংশে ঈমান আন।" আর যে বলে, 'ইসলামী শারীয়াহ আইন প্রণয়নের উৎসসমূহের মধ্য থেকে একটি উৎস' তার জন্য গর্বভরে এটা বলা সম্ভব নয় যে, আমি আল্লাহ عَزَّوَجَلَّ -এর বিধিবিধানের প্রতি ঈমান আনি। এ কথা বলা তার জন্য সম্ভব হবে না। যদি সে এ কথা বলে তাহলে সে সত্যবাদী নয়। কেন?; কারণ তারা ইসলাম থেকে যে বিধিবিধান নিয়ে আইন ও সংবিধানে স্থাপন করেছে আইন প্রণয়নকারী এবং সংবিধান প্রণয়নকারীদের জন্য কি শারীয়াহ থেকে গৃহীত ঐ আইন পরিবর্তন করা জায়েয হবে নাকি হবে না? অর্থাৎ তারা শারীয়াহ থেকে সম্পদ বণ্টনের বিধান নিয়েছে। এখন সম্পদ বণ্টনের বিধান আইনে অন্তর্ভুক্ত হয়েছে। এই ব্যক্তিরা যখন বলবে আমরা কিতাব তথা কুরআনের কিছু অংশের প্রতি ঈমান আনি তখন আমরা বলব, না তোমরা মিথ্যা বলেছো, তোমরা কুরআনের কিছু অংশের প্রতি ঈমান আনোনি। কেন?; কারণ তোমরা যে অংশ গ্রহণ করেছ এই সরকারের নেতৃত্ব পর্যায়ের ব্যক্তিরা যদি ভোটের মাধ্যমে এই আইন পরিবর্তন করতে চায় তাহলে এই আইন পরিবর্তন করার অধিকার তাদের রয়েছে।

অর্থাৎ যেমন ধরুন তারা বলে, পুরুষের জন্য চারজন নারীকে বিবাহ করা জায়েয। আর সে গর্বভরে বলে, 'ইসলামী শারীয়াহ আইন প্রণয়নের উৎসসমূহের মধ্য থেকে একটি উৎস'। কিভাবে? সে বলে, এটা আমাদের আইনে আছে আমরা নির্ধারণ করেছি যে, একজন পুরুষ চারজন নারীকে বিবাহ করতে পারবে।

আমরা বলি, তুমি আল্লাহ عَزَّوَجَلَّ -এর কিতাবের প্রতি ঈমান আনোনি। কারণ তুমি যখন বৈধ করেছো তখন বলোনি, আল্লাহ تَبَارَكَ وَتَعَالَىٰ বলেছেন,

﴿مَثْنَىٰ وَثُلَٰثَ وَرُبَٰعَ﴾

“দু’টি, তিনটি অথবা চারটি।”[80] তুমি এটা বলে সংবিধানের অমুক ধারা উল্লেখ করেছো। এটা হল প্রথম বিষয়।

দ্বিতীয় বিষয়ঃ তোমরা যদি এই বিধান পরিবর্তন করার ব্যাপারে একত্রিত হয়ে বল, আমরা পূর্বে বলেছিলাম একজন পুরুষ চারজন নারীকে বিবাহ করতে পারবে এখন আমরা বিবাহকে একজন নারীর মধ্যে সীমাবদ্ধ করতে চাচ্ছি তখন তোমরা ভোটাভোটি করবে। যদি ৫১ জন বলে বৈধ নয় আর ৪৯ জন বলে বৈধ তখন কি এই বিধান পরিবর্তন হবে নাকি হবে না? নিশ্চিতভাবেই পরিবর্তন হবে। তাহলে এটা আল্লাহর বিধান নয়। কারণ আল্লাহর বিধান পরিবর্তন হয় না। এটা কেবলমাত্র আইন ও সংবিধানের বিধান। এই দলিলের ভিত্তিতে যে, তুমি এব্যাপারে ভোট দিয়ে চারটি করেছিলে। আবার তুমি ভোট দিয়ে একটি করেছো। অতএব তুমি কুরআন ও সুন্নাহ’র উপর নির্ভর করতে পারো না; কারণ যদি তুমি কুরআন ও সুন্নাহ’র উপর নির্ভর করতে তাহলে ভোট অথবা নির্বাচন বা অন্য কোন উপায়ে আল্লাহ عَزَّوَجَلَّ -এর বিধান পরিবর্তন করা সম্ভব হত না। তাহলে যেটাকে তুমি আইনে অন্তর্ভুক্ত করেছো সেটার ব্যাপারে তোমাকে বলা হবে না তুমি কিতাবের কিছু অংশের প্রতি ঈমান এনেছো যেমনটি আল্লাহ ইহুদীদের ব্যাপারে বলেছিলেন। না, তুমি ঈমান এনেছো সংবিধানের প্রতি এবং তুমি ঈমান এনেছো আইনের প্রতি। এই দলিলের ভিত্তিতে যে, সংবিধান ও আইনে উল্লেখিত শারয়ী বিধানের ব্যাপারে তুমি ভোট দিয়ে পরিবর্তন ও বিকৃতি সাধন করার ক্ষেত্রে তোমার ক্ষমতা রয়েছে।

১৯৫০ খ্রিষ্টাব্দে হেগে সম্মেলন হয়েছিল। হেগের সম্মেলনটি ছিল মানুষের অধিকার প্রতিষ্ঠায় আন্তর্জাতিক আইন প্রণয়ন করার জন্য। যারা এই আইন প্রণয়ন করার জন্য একত্রিত হয়েছিল তারা হল বিভিন্ন ধর্মের বিশেষ কিছু ব্যক্তি। অনেক বিষয়ের উপর খ্রিষ্ট ধর্ম একমত তাদের মাঝে ইহুদীরা রয়েছে। তারা যখন এই সমস্ত আইন প্রণয়ন শেষ করে তাদের নিকট আইন প্রণয়নের উৎস স্থির করতে চাইল তখন সকলেই একমত হল যে, ইসলামী শারীয়াহ হবে আন্তর্জাতিক আইনের

[80] সুরা নিসাঃ ০৩

জন্য প্রধান ও প্রথম উৎস। সকলে এই বিষয়ের উপর একমত হল কিন্তু একজন ইহুদী ব্যতীত। সে বলল, না, তোমরা এটাকে নির্দিষ্ট কর না। তোমরা বল না– আন্তর্জাতিক আইন প্রণয়নের জন্য ইসলামী শারীয়াহ হচ্ছে আইন প্রণয়নের প্রথম ও প্রধান উৎস। তোমরা বল–ইসলামী শারীয়াহ হচ্ছে আন্তর্জাতিক আইন প্রণয়নের উৎসসমূহের মধ্য থেকে একটি উৎস। - এটাই এখন স্বীকৃত - তাই কেউ যখন বলবে, ইসলামী শারীয়াহ হচ্ছে প্রধান উৎস তখন তার উদ্দেশ্যে প্রধান উৎসের অধীনে অন্য আরো বিষয় অন্তর্ভুক্ত হয়। কিন্তু যখন সে বলবে, ইসলামী শারীয়াহ হচ্ছে আইন প্রণয়নের একমাত্র উৎস তখন আমরা বলব, এটা হচ্ছে ঈমান আনা।

যখন সে বলবে, ইসলামী শারীয়াহ হচ্ছে আইন প্রণয়নের উৎসসমূহের মধ্য থেকে একটি উৎস - প্রকৃতপক্ষে তোমাদের প্রণয়নকৃত আইনে শারীয়াহ'র কোন বিষয় পাওয়া যায় না। তোমরা তোমাদের প্রবৃত্তির উপর ভিত্তিকরে কিছু বিষয় গ্রহণ করেছো। আর তোমরা যে বিষয় গ্রহণ করেছো সেটার প্রতি তোমরা ঈমান আনোনি যেমন ঈমান এনেছিল ইহুদীরা। ইহুদীরা যখন বন্দি মুক্তির বিষয়টি গ্রহণ করেছিল তখন তারা বন্দি মুক্তির বিষয়টিই গ্রহণ করেছিল, তারা সম্পদ দান করত যেন তারা ইহুদীদের বের করে নিয়ে আসতে পারে। তারা বিকৃতি সাধন করেনি, বৃদ্ধি করেনি এবং পরিবর্তন করেনি। আর তোমরা যা গ্রহণ করার দাবি কর তোমরা তাতে যুক্ত করেছো, তাতে বৃদ্ধি করেছো, হ্রাস করেছো, বিকৃতি করেছো এবং পরিবর্তন করেছো।

বর্তমানে ইরাকী আইনে রয়েছেঃ সন্তানকে মায়ের দিকে সম্বন্ধযুক্ত করা হয় পিতার দিকে সম্বন্ধযুক্ত করা হয় না। কেন? কারণ এ আইন রাফিদীরা প্রণয়ন করেছে। আর এদের নিকট একটি বিদআত রয়েছে যে, কোন নারী যখন পিতার পরিচয় নেই এমন কোন সন্তান জন্ম দিবে তখন এই শিশুকে ইরাকী জাতীয়তা হিসেবে ধরা হবে; তোমরা এটা শারীয়াহ'র কোথা থেকে গ্রহণ করেছো?! এটা কেবলই চোখে ধূলো ছিটানোর জন্য। ইসলামের সাথে সম্পৃক্ত এই ব্যক্তিরা এবং ইসলামের সাথে সম্পৃক্ত এই দলগুলো–তারা কিভাবে নিজেদেরকে এই তিরস্কার থেকে উদ্ধার করবে? তোমার এ কথা বলা যে, হে লোক সকল! তোমরা দেখ ইসলামী শারীয়াহ হচ্ছে আইন প্রণয়নের উৎসসমূহের মধ্য থেকে একটি উৎস–এটা

শুধুই ধোঁকা। আইন প্রণয়নের উৎসসমূহের মধ্য থেকে এটা কোন উৎস?

মুরসীকে নির্বাচনের পূর্বে জিজ্ঞাসা করা হয়েছিলঃ এটা কি সঠিক যে, আপনি যখন প্রেসিডেন্ট হবেন তখন আল্লাহর নাযিলকৃত বিধান দ্বারা শাসন করবেন? সে বলেছিলঃ যে মিসরী আইন দ্বারা শাসন করে সে আল্লাহর নাযিলকৃত বিধান দ্বারা শাসন করে। কিভাবে? সে বলেছেঃ মিসরী আইনের দ্বিতীয় ধারার ভাষ্য হচ্ছেঃ "ইসলামী শারীয়াহ হচ্ছে আইন প্রণয়নের প্রধান উৎস।" সে বলেছেঃ তাই যে ব্যক্তি এই আইনের মাধ্যমে শাসন করবে সে আল্লাহর নাযিলকৃত বিধান দ্বারা শাসন করবে।

এই লোকটির লজ্জাও করেনি!! নির্বাচনের মাধ্যমে একজন কিবত্বী ক্ষমতায় পৌঁছে এই সমস্ত আইন দ্বারা শাসন করা শুরু করবে। আমরা বলি, হে কিবত্বী তুমি কি আল্লাহর নাযিলকৃত বিধান দ্বারা শাসন করবে? এটা কি সম্ভব নয় যে, কিবত্বী ক্ষমতায় পৌঁছবে? সেই নির্বাচনের মাধ্যমে একজন কিবত্বী ক্ষমতায় গিয়ে প্রেসিডেন্ট হয়ে এই সমস্ত আইন দ্বারা শাসন করল। হে মুরসী! যে কিবত্বী এই আইন দ্বারা শাসন করবে তুমি যেমনটি রায় দিয়েছো–তার ক্ষেত্রে কি এটা বলা হবে এই কিবত্বী আল্লাহর নাযিলকৃত বিধান দ্বারা শাসন করে?! আর এই কিবতী কি আল্লাহর নাযিলকৃত বিধান দ্বারা শাসন করতে সম্মত হবে এমনকি তোমাদের ব্যাপারে সম্মত হবে? এটা একটি হাস্যকর বিষয়। এটা একটি ধোঁকা। এটা শুধুমাত্র সংবিধানের প্রতি সম্মতির ব্যাপারে একটি সমর্থন। তারা যা বলে সেব্যাপারে যেন তাদেরকে গ্রহণ করা হয়। অন্যথায় আল্লাহর শারীয়াহ কোথায়? কিভাবে আল্লাহ عَزَّوَجَلَّ -এর শারীয়াহ অন্যান্য আইনের একটি অংশ হয়? কিভাবে?!

আমরা এখন এই মাস'আলার ব্যাপারে আলোচনায় আসছিঃ

তাহলে আমাদের নিকট প্রমাণিত হল যে, কিছু মানুষ রয়েছে যারা বলে, 'ইসলামী শারীয়াহ আইন প্রণয়নের উৎসসমূহের মধ্য থেকে একটি উৎস' এবং তারা এই আইন ও এই সংবিধান দ্বারা শাসন করে।

সম্মানিত ভাই আপনি জেনে রাখুন! আমরা এই সকল ব্যক্তিদের বিরুদ্ধে যুদ্ধ

করার ব্যাপারে আল্লাহ عَزَّوَجَلَّ -এর আদেশের মাধ্যমে নির্দেশিত। এরা হল এমন ব্যক্তি যারা বলে, ‘ইসলামী শারীয়াহ আইন প্রণয়নের উৎসসমূহের মধ্য থেকে একটি উৎস’। আমাদের বাড়িতে যে কুরআন রয়েছে তাতে একটি আয়াত আছে আল্লাহ عَزَّوَجَلَّ যার মাধ্যমে আমাদেরকে আদেশ করেছেন আমরা যেন এই ব্যক্তিদের বিরুদ্ধে যুদ্ধ করি। এই আয়াতটি আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর বাণী। এ আয়াতটি দুই স্থানে রয়েছে। সুরা বাকারায় এবং সুরা আনফালে। আমি আয়াতটি পাঠ করছি যা সুরা আনফালে রয়েছে ৩৯ নং আয়াতঃ

﴿وَ قَاتِلُوهُمْ حَتّٰى لَا تَكُوْنَ فِتْنَةٌ وَّ يَكُوْنَ الدِّيْنُ كُلُّهٗ لِلّٰهِ﴾

“আর তোমরা তাদের বিরুদ্ধে লড়াই কর যতক্ষণ না ফিতনা নির্মূল হয় এবং দ্বীন পরিপূর্ণরূপে আল্লাহর জন্য হয়।” যে বলে, ‘ইসলামী শারীয়াহ আইন প্রণয়নের উৎসসমূহের মধ্য থেকে একটি উৎস’ সে কি শাসন বা আইন আল্লাহর জন্য সাব্যস্ত করেছে? নিশ্চিতভাবেই না। যেহেতু আইন পুরোটা আল্লাহর জন্য নয় তাই আমি আপনি এই ব্যক্তিদের বিরুদ্ধে যুদ্ধ করতে আদিষ্ট। আর এখান থেকেই পার্লামেন্ট শাসনের কারণে আমরা তাদের বিরুদ্ধে যুদ্ধ করি। কেননা আল্লাহ عَزَّوَجَلَّ আদেশ করেছেনঃ “আর তোমরা তাদের বিরুদ্ধে লড়াই কর যতক্ষণ না ফিতনা নির্মূল হয় এবং দ্বীন পরিপূর্ণরূপে আল্লাহর জন্য হয়।” তুমি ইসলামী শারীয়াহ’কে আইন প্রণয়নের উৎসসমূহের মধ্য থেকে একটি উৎস বানিয়েছো। তাই দ্বীন পরিপূর্ণরূপে আল্লাহর জন্য নয়–এভাবে যে, যখন প্রমাণিত হয় তুমি আল্লাহর আইনের কিছু বিষয় তোমার আইনে অন্তর্ভুক্ত করেছো; তখন আমরা এই লোকদের বিরুদ্ধে যুদ্ধ করতে এবং যারা আল্লাহর নাযিলকৃত বিধান ব্যতীত বিচার-ফায়সালা বা শাসন করে তাদের বিরুদ্ধে যুদ্ধ করতে আদিষ্ট। সাথে সাথে তাদের বিরুদ্ধেও যারা বলে, “ইসলামী শারীয়াহ আইন প্রণয়নের উৎসসমূহের মধ্য থেকে একটি উৎস।”

একজন প্রশ্ন করে বলল, হে শাইখ, “প্রধান উৎস হলে।”

শাইখঃ যে অবস্থাতেই হোক। যদি সে একমাত্র উৎস না বলে তখন এই ব্যক্তির সাথে যুদ্ধ করা হবে; কারণ সে আল্লাহ প্রদত্ত আইনের পাশে অন্যান্য

আইনকে স্থাপন করল। তাই আমরা যখন আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর এবাণীর তাফসীরে আসবঃ

وَلَنْ تَرْضٰى عَنْكَ الْيَهُوْدُ وَلَا النَّصٰرٰى حَتّٰى تَتَّبِعَ مِلَّتَهُمْ ؕ قُلْ اِنَّ هُدَى اللّٰهِ هُوَ الْهُدٰى ؕ وَلَئِنِ اتَّبَعْتَ اَهْوَآءَهُمْ بَعْدَ الَّذِىْ جَآءَكَ مِنَ الْعِلْمِ ۙ مَا لَكَ مِنَ اللّٰهِ مِنْ وَّلِىٍّ وَّلَا نَصِيْرٍ ﴿۱۲۰﴾

“আর ইহুদী ও খ্রিষ্টানরা আপনার প্রতি কখনো সন্তুষ্ট হবে না, যতক্ষণ না আপনি তাদের মিল্লাতের অনুসরণ করেন। বলুন, নিশ্চয়ই আল্লাহর হিদায়াতই প্রকৃত হিদায়াত। আর যদি আপনি তাদের প্রবৃত্তির (খেয়াল-খুশীর) অনুসরণ করেন আপনার কাছে জ্ঞান আসার পরও, তবে আল্লাহর পক্ষ থেকে আপনার কোন অভিভাবক থাকবে না এবং থাকবে না কোন সাহায্যকারীও।”[81] আগামীকাল ইনশা’আল্লাহ আমরা এই আয়াত নিয়ে আলোচনা করব যেন আপনি জানতে পারেন যে, এই সমস্ত আইন ও সংবিধান ইহুদীদের ও খ্রিষ্টানদের প্রবৃত্তি থেকে সংগৃহীত আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর শারীয়াহ থেকে নয়।

এ মাস’আলায় আমি সবশেষে বলছিঃ

﴿اَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُوْنَ ؕ وَمَنْ اَحْسَنُ مِنَ اللّٰهِ حُكْمًا لِّقَوْمٍ يُّوْقِنُوْنَ﴾

“তবে কি তারা জাহিলিয়্যাতের বিধিবিধান কামনা করে? আর দৃঢ় বিশ্বাসী সম্প্রদায়ের জন্য বিধান প্রদানে আল্লাহর চেয়ে আর কে শ্রেষ্ঠতর?”[82] এই আয়াতের পূর্বে রয়েছেঃ

﴿وَاِنَّ كَثِيْرًا مِّنَ النَّاسِ لَفٰسِقُوْنَ﴾

“আর নিশ্চয়ই অধিকাংশ মানুষ ফাসিক্ব।”[83]

[81] সুরা বাকারাহঃ ১২০

[82] সুরা মায়িদাহঃ ৫০

[83] সুরা মায়িদাহঃ ৪৯

এখানে "তারা ফাসিক্ব"এর অর্থ কী? এটা কি ফিসক্বে আসগার–যা মিল্লাহ থেকে বের করে না? নাকি ফিসক্বে আকবর–যা মিল্লাহ থেকে বের করে দেয়?

এই ফিসক্ব হচ্ছে এমন ফিসক্ব যা মিল্লাহ থেকে বের করে দেয়। যে ব্যক্তি জাহিলী বিধিবিধান চায়–এটা ফিসক্বে আকবার যা মিল্লাহ থেকে বের করে দেয়। কিভাবে?

কারণ যে ব্যক্তি জাহিলী বিধিবিধান চায় তার চাওয়া **আবশ্যক করে** যে, সে মানবসৃষ্ট আইনসমূহের প্রতি সন্তুষ্ট; কারণ যে ব্যক্তি কোন বিষয় চায় সে এর প্রতি সন্তুষ্ট থাকে। আমি এমন বিষয় চাইব না যার প্রতি আমি সন্তুষ্ট না। আর আমি অবাশ্যম্ভাবিরূপে এমন বিষয় চাইব যার প্রতি আমি সন্তুষ্ট।

তাহলে জাহিলী বিধিবিধান কামনা করা আবশ্যকীয় বিষয়ের একটি হল সে এই সমস্ত আইন ও সংবিধানের প্রতি সন্তুষ্ট। আর আহলুস-সুন্নাহ ওয়াল জামাআহ'র নিকট মূলনীতি হচ্ছে যেমন ক্বাযী ইয়ায رَحِمَهُاللهُ উল্লেখ করেছেন, তিনি বলেন, "কুফরের প্রতি সন্তুষ্ট থাকা কুফর।" তাহলে এটা হল জাহিলী বিধান কামনা করার আবশ্যকীয় বিষয়সমূহমহের মধ্য থেকে একটি আবশ্যকীয় বিষয়।

আরেকটি আবশ্যকীয় বিষয়ঃ যে ব্যক্তি এই সমস্ত আইন চায় এবং এই সমস্ত আইন ও সংবিধানের মাধ্যমে শাসন করতে চায় তার উপর ঐ কথা কার্যকর হবে যা আমরা সংবিধান প্রণয়ন কমিটি সম্পর্কে বলেছিলাম; সে সংবিধান প্রণয়ন কমিটিকে আল্লাহ عَزَّوَجَلَّ -এর সমকক্ষ হিসেবে গ্রহণ করেছে, সে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى কে বদ দিয়ে তাদেরকে রব হিসেবে গ্রহণ করেছে, সে তাদেরকে আল্লাহ عَزَّوَجَلَّ -এর শরীক সাব্যস্ত করেছে এবং সে তাদেরকে এমন দ্বীন তৈরিকারী বানিয়েছে যে ব্যাপারে আল্লাহ عَزَّوَجَلَّ অনুমতি দেননি। এই সবগুলোই এমন ব্যক্তির আবশ্যকীয় বিষয়ের অন্তর্ভুক্ত যে এই ধরনের আইনের প্রতি সন্তুষ্ট থাকে।

এই সন্তুষ্টির আবশ্যকীয় বিষয়ের আরো একটি হলঃ অপরিহার্যভাবে আবশ্যক হয় যে, সে আল্লাহর শারীয়াহ'কে এক পার্শ্বে সরিয়ে রাখে। কারণ যে ব্যক্তি জাহিলী বিধিবিধান কামনা করে এবং জাহিলী বিধিবিধান চায় তখন অপরিহার্যভাবে আল্লাহ

تَبَارَكَ وَتَعَالَى -এর শারীয়াহ'কে এক পার্শ্বে সরিয়ে রাখা হয়।

তাহলে - "তবে কি তারা জাহিলিয়্যাতের বিধিবিধান কামনা করে?" তাই যে ব্যক্তি চাইবে সে ফাসিক্ব। আর তার ফিসক্ব হল ফিসক্বে আকবার যা মিল্লাহ থেকে বের করে দেয়; কারণ ওই চাওয়ার আবশ্যকীয় বিষয়সমূহ হল এই তিনটি বিষয় যেগুলো আমি উল্লেখ করলাম।

আশ্চর্যের বিষয় হল, বর্তমান সময়ের মানুষের বাস্তবতা এই আয়াত নাযিল হওয়ার সময়ের মানুষের বাস্তবতার চেয়ে ভিন্ন নয়। কোনো অংশেই ভিন্ন নয়। **আপনি সাদৃশ্যের দিকগুলো লক্ষ্য করুনঃ**

ঐ সময়ে জাহিলী বিধিবিধান বিদ্যমান ছিলঃ "তবে কি তারা জাহিলিয়্যাতের বিধিবিধান কামনা করে?" আর বর্তমান সময়ে জাহিলী বিধিবিধান বিদ্যমান রয়েছে। এখন আমার নিকট প্রমাণিত হয়েছে যে, বর্তমান সময়ের জাহিলী বিধিবিধান হল এই সমস্ত আইন ও সংবিধান। এটা হল সাদৃশ্যের প্রথম দিক।

সাদৃশ্যের দ্বিতীয় দিকঃ ঐ সময়ে অধিকাংশ মানুষ ঐ সমস্ত জাহিলী বিধিবিধান চাইত। আপনি বর্তমান সময়ে কী বলবেন, কারা চায়? অধিকাংশরা কোথায়? তারা কি সর্বোত্তম বিধান শারীয়াহ চায়? নাকি তারা জাহিলী বিধান চায়? তাহলে তখন যেমন অধিকাংশ প্রমাণিত ছিল এখনও অধিকাংশ প্রমাণিত।

সাদৃশ্যের তৃতীয় দিকঃ তারা ঐ সমস্ত জাহিলী বিধান দ্বারা বিচার-ফায়সালা বা শাসন করার জন্য লড়াই করত। এটা বর্তমানেও বাস্তবায়িত যে, তারা লড়াই করে, যে লড়াই করে তাকে সাহায্য করে, যে লড়াই করে তার সহযোগী হয়।

সাদৃশ্যের এই দিকগুলো ঐ লোকদের মাঝে এবং এই লোকদের মাঝে বাস্তবায়িত। যেমন ঐ সকল ব্যক্তিরা ফাসিক্ব মুশরিক–ওয়াল-ইয়াযুবিল্লাহ্। আর এই ব্যক্তিরাও ফাসিক্ব আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى -এর দ্বীন থেকে মুরতাদ।

আমি এতোটুকুই বললাম। আমি আল্লাহর নিকট আমার জন্য এবং আপনাদের জন্য ইস্তিগফার করি। আল্লাহ আপনাদের উত্তম বিনিময় দান করুন

এবং আপনাদেরকে বারাকাহ্ দান করুন!

আনুগত্যের শিরক সংক্রান্ত উৎকর্ষ বিবরণ

শাইখ আবু আলী আল-আনবারী
আল-কুরাইশী ﷺ

ষষ্ঠ দারসঃ

সংবিধানের বাস্তবতা এবং এব্যাপারে শারীয়াহ’র হুকুম [সম্পূরক]

الحَمدُ للّه والصَّلاةُ والسَّلامُ على رسُولِ اللّه؛

হে আল্লাহ আপনি আমাদেরকে হক্বকে হক্ব হিসেবে দেখান এবং হক্ব অনুসরণ করার ক্ষেত্রে আমাদের সাহায্য করুন, বাতিলকে বাতিল হিসেবে দেখান এবং বাতিল বর্জন করার ক্ষেত্রে আমাদের সাহায্য করুন। হে আল্লাহ আপনি আমাদের এমন বিষয় শিক্ষা দিন যা আমাদের উপকার করবে এবং আপনি আমাদের যা শিক্ষা দেন এর মাধ্যমে আমাদের উপকৃত করুন। হে আল্লাহ আপনি আমাদেরকে আমাদের ইলম অনুযায়ী আমলকারী বানিয়ে দিন। হে আল্লাহ ক্বিয়ামতের দিন আমাদের ইলমকে আমাদের জন্য দলিল বানিয়ে দিন এবং আমাদের বিরুদ্ধে দলিল বানাবেন না - - ইয়া আরহামার-রহিমীন! হে আমার রব! আপনি আমার বক্ষ উন্মুক্ত করে দিন, আমার বিষয়াদি সহজ করে দিন এবং আমাদের মুখের জড়তা দূর করে দিন যেন তারা আমার কথা বুঝতে পারে। হে আল্লাহ আপনি আমার কর্মকে সৎ বানিয়ে দিন, আপনার সন্তুষ্টির জন্য খালিছ করে দিন এবং আপনার সৃষ্টির কারো জন্য এতে কোন অংশ রাখবেন না।

অতঃপর,

আলোচনা হয়েছিল সংবিধান ও আইন সম্পর্কে, সংবিধানের বাস্তবতা এবং এই সংবিধানের ব্যাপারে শারীয়াহ'র হুকুম সম্পর্কে।

আমরা গত বৈঠকে আলোচনা করে বলেছি, এই সমস্ত সংবিধানের সবগুলোকেই জাহিলী সংবিধান হিসেবে গণ্য করা হয়। আমরা বর্ণনা করেছি, হয়তো অবিমিশ্র জাহিলী বিধান হবে অথবা অবিমিশ্র আল্লাহ প্রদত্ত বিধান হবে। আর তৃতীয় প্রকার হল যারা এর মাঝের কোন পথ গ্রহণ করতে চায়। এই ব্যক্তিদের সম্পর্কে আল্লাহ تَبَارَكَ وَتَعَالَى বলেন,

﴿أُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ حَقًّا﴾

“তারাই প্রকৃত কাফির।”[84] এই তাকফীর তথা কাফির সাব্যস্ত করা কোথা থেকে আসল?

উদ্দিষ্ট বিষয়ে আমরা প্রবেশ করার পূর্বে আমি শুধু একটি বিষয়ের প্রতি ইঙ্গিত দিচ্ছি; একটি মূলনীতি রয়েছে যা শাইখ আব্দুল লতীফ আলুশ-শাইখ رَحِمَهُ اللهُ প্রণয়ন করেছেন। তিনি বলেছেন, “ইসলাম ও শিরক দু’টি বিরোধী বিষয় যে বিষয় দু’টি একত্রিত হয় না এবং দু’টি বিপরীত বিষয় যে বিষয় দু’টি মিলিত হয় না ও একসাথে উঠে যায় না।”

এই উক্তির অর্থ কী?

ভাষাবিদরা যেমন "أضداد" তথা বিরোধী শব্দের পরিচয় দেন–আমার এমনটাই মনে পড়েঃ এমন প্রতিটি ব্যাপক বিষয় যার অধীনে দুইটি অংশের বেশি বিষয় অন্তর্ভুক্ত হয়। একে "أضداد" তথা বিরোধী বিষয়সমূহ বলা হয়।

